এসভিআরএস তথ্যের গুণগত মান সংগৃহীত ডেটার গুণগত মান নিরূপণ করার জন্য মূল্যায়ন করা হয়েছে। বয়সের তথ্যের গুণমান মূল্যায়নের জন্য বিশেষ মনোযোগ দেয়া হয়। কেননা, অধিকাংশ গুরুত্বপূর্ণ হার ও অনুপাত প্রাক্কলন করার ক্ষেত্রে বয়স অত্যন্ত গুরুত্বপূর্ণ অনুষ্ণ। এ লক্ষ্যে সুপ্রচলিত তিনটি সূচক যথা- মায়ারের সূচক; হুইপলের সূচক; এবং জাতিসংঘের বয়স-লিঙ্গ শুদ্ধতা সূচক (যেটি ইউএন জয়েন্ট স্কোর নামেও পরিচিত)-এর মাধ্যমে গুণগত মান সংগৃহীত বয়সের বিন্যাস থেকে নিরূপণ করা হয়েছে। এ ৩টি সূচকের প্রেক্ষিতে প্রাপ্ত ফলাফল বিশ্লেষণে পরিলক্ষিত হয় যে, বিগত পাঁচ বছরে এসভিআরএস তথ্যের গুণগত মান ক্রমান্বয়ে উন্নত হচ্ছে। ভ্যালিডেশন জরিপের মাধ্যমে এসভিআরএস-এ জনঘটনা বাদ পড়ার হার নিরূপণ করা হয়েছে। এছাড়া, গুরুত্বপূর্ণ আর্থসামাজিক ও জনমিতিক সূচকের গুণগত মান নির্ণয়ের জন্য সেগুলোর আদর্শ ভ্রান্তিমান ও আস্থার ব্যবধান নিরূপণ করে প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হয়েছে। এ সংক্রান্ত বিস্তারিত সকল ফলাফল অধ্যায় ২-এ উপস্থাপন করা হয়েছে।

খানার আর্থসামাজিক ও জনমিতিক বৈশিষ্ট্য

বিগত ৫ বছরের লিঙ্গানুপাত বিশ্লেষণে দেখা যায়, লিঙ্গানুপাত প্রায় ৪ শতাংশ পয়েন্টের বেশি হ্রাস পেয়েছে; ২০১৯ এবং ২০২৩ সালে এ অনুপাত যথাক্রমে ১০০.২ ও ৯৬.৩। জনসংখ্যার বয়স কাঠামো এখনও উচ্চ প্রজননের জন্য উপযোগী; কেননা, মোট জনসংখ্যার ২৮.৭৮ শতাংশের বয়স ১৫ বছরের নিচে অবস্থান করছে। নির্ভরশীলতার অনুপাত ২০২৩ সালে বৃদ্ধি পেয়ে ৫৩.৭ শতাংশ হয়েছে, যা ২০১৯ সালে ছিল ৫১.১ শতাংশ। জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধির হার ২০১৯-তে ছিল ১.৩২, যা বেড়ে ২০২৩ সালে হয়েছে ১.৩৩। জনসংখ্যার মধ্যক বয়স ২০১৯ সাল হতে অপরিবর্তিত রয়েছে (২৬ বছর)।

খানার গড় আকার ২০২৩ সালে অপরিবর্তিত রয়েছে, যা ২০২২ সালেও ছিল ৪.২। খানাপ্রধানের লিঙ্গ বৈষম্য থেকে বাংলাদেশের পুরুষ-প্রধান সমাজের চিত্র পাওয়া যায়। এসভিআরএস প্রতিবেদন ২০২৩ অনুযায়ী বাংলাদেশে শতকরা ৮১.১ শতাংশ খানার প্রধান হচ্ছে পুরুষ। বিপরীতে মাত্র ১৮.৯ শতাংশ খানার প্রধান নারী।

সময়ের সাথে সাথে সাক্ষরতার হার (৭+ বছর বয়সী) বৃদ্ধি পেয়েছে: ২০১৯ সালে যা ছিল ৭৪.৪, ২০২৩ সালে এ হার বেড়ে দাঁড়িয়েছে ৭৭.৯ শতাংশ। বয়স্ক সাক্ষরতার হারের ক্রমবৃদ্ধির এ চিত্র ১৫+ বছর বয়সীদের ক্ষেত্রেও দেখা যায়। ২০১৯-তে এ হার ছিল ৭৪.৭ শতাংশ, যা ২০২৩ সালে বৃদ্ধি পেয়ে হয়েছে ৭৫.৬ শতাংশ। বয়স্ক সাক্ষরতার হারের ক্ষেত্রে পল্লি অঞ্চলের তুলনায় শহরঞ্চল ১১ শতাংশ পয়েন্ট এগিয়ে রয়েছে। উভয় ক্ষেত্রেই নারীদের চেয়ে পুরুষেরা সাক্ষরতায় এগিয়ে। ৭ বছর ও তদূর্ধ্ব বয়সীদের মাঝে নারী-পুরুষের সাক্ষরতার হারের পার্থক্য ৪.৩ শতাংশ, যা ১৫ বছর বা তদূর্ধ্ব বয়সীদের ক্ষেত্রে ৫.৮ শতাংশ।

দেশের ৫-২৪ বছর বয়সীদের মধ্যে ২০২৩ সালে শিক্ষার্থীর হার ৫৯.২৮ শতাংশ, যা ২০২২ সালের হারের (৫৯.০৯ শতাংশ) থেকে সামান্য বেড়েছে। পাশাপাশি কমেছে শিক্ষা থেকে ঝড়ে পড়ার হারও। ২০২২ সালে যেখানে শিক্ষা অসমাপ্ত রেখে ঝরে পড়ার হার ছিল ১০.৫৮ শতাংশ, ২০২৩ সালে তা কমে দাঁড়িয়েছে ৯.৩৬ শতাংশ। শিক্ষার্থীদের বেশির ভাগ অংশই (৪৬.৮৬%) সরকারি পরিচালনামূলক শিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যয়ন করে থাকে। বর্তমানে শিক্ষার্থীদের ৮৮.৪০ শতাংশের শিক্ষাক্রমের মাধ্যম বাংলা এবং ৯১.০২ শতাংশ শিক্ষার্থী সাধারণ শিক্ষাক্রমের আওতায় রয়েছে। ২০২৩ সালে মোট ৩৯.৮৮ শতাংশ তরুণ (১৫-২৪ বছর) শিক্ষা, কর্মসংস্থান বা প্রশিক্ষণে নেই (NEET) বলে প্রাক্কলন করা হয়েছে, যা ২০২২ সাল (৪০.৬৭%) থেকে সামান্য কমেছে।

দেশের ৯৮.২৭ শতাংশ মানুষের মাতৃভাষা বাংলা। এছাড়া, ১.২৩ শতাংশ মানুষ কোনো না কোনো ক্ষুদ্র নৃগোষ্ঠী ভাষাকে মাতৃভাষা হিসেবে চিহ্নিত করেছেন। মাতৃভাষার বাইরে ৫.৪৩ শতাংশ মানুষ দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজি ব্যবহার করে থাকেন। আর ৯১.৯২ শতাংশের মাতৃভাষার বাইরে কোনো দ্বিতীয় ভাষা জানা নেই। দেশের মোট জনসংখ্যার ৮৯.০৩ শতাংশ মুসলিম, ৯.৫৮ শতাংশ হিন্দু ১.০৯ শতাংশ বৌদ্ধ, ০.২৪ শতাংশ খ্রিস্টান ও ০.০৫ শতাংশ অন্যান্য ধর্মের অনুসারী। নৃতাত্ত্বিক বিন্যাস ভেদে দেশের ৯৮.৫৬ শতাংশ অধিবাসী বাঙালি ও ১.৪৪ শতাংশ বিভিন্ন ক্ষুদ্র নৃগোষ্ঠীভুক্ত।

নিরাপদ ব্যবস্থাপনার খাবার পানির আওতায় খানার হার ২০২৩ সালে বেড়ে ৭১.২২ শতাংশ হয়েছে; যা ২০২২ সালে ছিল ৭০.৪৩ শতাংশ। অন্যদিকে, জাতিসংঘের জেএমপি'র সংজ্ঞা অনুযায়ী নিরাপদ স্যানিটেশন ব্যবস্থাপনার আওতায় জনসংখ্যার হার ২০২৩ সালে দাঁড়িয়েছে ৪৫.০২ শতাংশ। সাবান ও পানিসহ হাত ধোয়ার সুবিধাসহ মৌলিক স্বাস্থ্যবিধি সুবিধা রয়েছে এমন খানার হার ২০২৩ সালে ৬৫.২ শতাংশে উন্নীত হয়েছে; যা ২০২২ সালে ছিল ৬৩.২ শতাংশ। ২০২৩ সালে সাবলেট গ্রহণকারী ও সাবলেট প্রদানকারী উভয় হারই বেড়ে দাঁড়িয়েছে যথাক্রমে ৪.১ শতাংশ ও ০.৯ শতাংশ। ২০২২ সালে এ হার ছিল যথাক্রমে ৩.৩ শতাংশ ও ০.৭ শতাংশ। ২০২২ সালে ৫ বছর ও তদূর্ধ্ব জনসংখ্যার মধ্যে মোবাইল ফোন ব্যবহারকারীর হার ৫৯.৯ শতাংশে দাঁড়িয়েছে; নারী ও পুরুষ ভেদে এ হারে উল্লেখযোগ্য ব্যবধান পরিলক্ষিত হয়: যথাক্রমে ৫০.৯ শতাংশ ও ৬৯.৩ শতাংশ। পল্লি-শহর ভেদেও এ পার্থক্য বিদ্যমান। কেননা, পল্লি এলাকায় ৫ বছর ও তদূর্ধ্ব জনসংখ্যার ৫৭.৫ শতাংশের নিজ ব্যবহারের মোবাইল ফোন রয়েছে; পক্ষান্তরে, শহর এলাকার জনগণের মধ্যে ব্যক্তিগত ব্যবহারের জন্য ফোন রয়েছে ৬৭.৩ শতাংশ। এ সূচকে ১৫ বছর ও তদূর্ধ্ব বয়সী জনসংখ্যার মোবাইল ফোন ব্যবহারের বিন্যাসে একই প্রবণতা পরিলক্ষিত হয়।

জাতীয় পর্যায়ে ২০২৩ সালে ৫ বছর ও তদূর্ধ্ব বয়সীদের মধ্যে ইন্টারনেট ব্যবহারকারীর হার দাঁড়িয়েছে ৪৫.৭ শতাংশ, যা ২০২২ সালের তুলনায় (৪১.০%) সামান্য বেড়েছে। ইন্টারনেট ব্যবহারের ক্ষেত্রে পল্লি ও শহরের উল্লেখযোগ্য ব্যবধান লক্ষ করা গেছে: যথাক্রমে ৪১.১ শতাংশ ও ৫৭.১ শতাংশ। লিঙ্গ ভেদে ইন্টারনেট ব্যবহারে নারীদের (৩৯.৭%) তুলনায় পুরুষেরা এগিয়ে আছেন (৫১.৯%)। এসভিআরএস ২০২৩ ফলাফলে দেখা যায় যে, প্রাপ্তবয়স্ক (১৫ বছর ও তদূর্ধ্ব) জনগোষ্ঠীর ২৮.৩ শতাংশের ব্যাংক বা অন্য কোনো আর্থিক প্রতিষ্ঠানে হিসাব রয়েছে। মোবাইল আর্থিক সেবায় হিসাবধারীর হার ২০২৩ সালে পাওয়া গেছে ৪৭.৮ শতাংশ। সামগ্রিকভাবে, আর্থিক সেবায় অন্তর্ভুক্তির হার দাঁড়িয়েছে ৫১.৭১ শতাংশ; যাদের হয় ব্যাংক বা অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানে কিংবা মোবাইল আর্থিক প্রতিষ্ঠানে অন্তর্ভুক্ত একটি হিসাব রয়েছে। নারী-পুরুষ ভেদে উভয় আর্থিক সেবায় অন্তর্ভুক্তির ক্ষেত্রে উল্লেখযোগ্য পার্থক্য লক্ষ করা যায়।

জন্মশীলতা ও গর্ভাবস্থা

প্রতি হাজার জনসংখ্যার জন্য এসভিআরএস ২০২৩ অনুযায়ী বাংলাদেশের স্থূল জন্মহার ১৯.৪, যা ২০১৯ সালে ছিল ১৮.১। স্থূল জন্মহারে ২০১৯ সাল থেকে গত পাঁচ বছরে গড় প্রবৃদ্ধির হার ১.৪ শতাংশের বেশি। প্রত্যাশা অনুযায়ী পল্লি এলাকার স্থূল জন্মহার শহর এলাকার

শুধু জন্মহারের চেয়ে বেশি; প্রতি হাজারে যা যথাক্রমে ২০.৪ ও ১৮.৫। সাধারণ জন্মশীলতার হার (জিএফআর) প্রাক্কলন করা হয়েছে প্রতি হাজার মহিলার বিপরীতে ৬৮, যার হার শহর এলাকায় ৫৭-এর তুলনায় পল্লি এলাকায় অনেক বেশি, ৭২।

২০২৩ সালে মোট জন্মশীলতার হার (টিএফআর) ২.১৭-এ দাঁড়িয়েছে; যা ২০২২ সালে ছিল ২.২০। সন্তান প্রসবের ধরন ভেদে দেখা গেছে যে, ২০২৩ সালে প্রতি দুটির মধ্যে একটির বেশি (৫০.৭%) সন্তান জন্ম হয়েছে অপ্রোপচারের মাধ্যমে; যা পূর্ববর্তী ২০২২ সালের তুলনায় ৯.৩ শতাংশ পয়েন্ট বেড়েছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশনা অনুযায়ী এটি জনস্বাস্থ্যের জন্য একটি উদ্বেগজনক পরিস্থিতি। একইভাবে, ২০২৩ সালে প্রতি তিন জনের মধ্যে প্রায় একজন প্রসূতি সন্তান প্রসব করেছেন বসতবাড়িতে; যা ২০২২ সালের তুলনায় (৪২.৩১%) উল্লেখযোগ্য উন্নতি বলে প্রতীয়মান হয়। দক্ষ স্বাস্থ্যকর্মীর নিকট প্রসবপূর্ব যত্নসেবা গ্রহণের ক্ষেত্রে ২০২৩ সালে বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক সুপারিশকৃত ন্যূনতম ৪ বার প্রসবপূর্ব যত্নসেবা গ্রহণকারীর হার পাওয়া গেছে প্রতি পাঁচ জনে প্রায় দুজন গর্ভবতী নারীকে (৩৯.০৮%)।

২০২৩ সালে গর্ভাবস্থার ফলাফল পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, ৮৯.২৩ শতাংশ গর্ভবতী নারী জীবিত শিশুর জন্ম দিয়েছেন; ২০২২ সালের তুলনায় (৮৭.১৬%) কিছুটা বেড়েছে। তবে, মোট গর্ভবতী নারীদের ১.১০ শতাংশ গর্ভাবস্থা শেষ হয়েছে মৃত শিশু জন্মদানের মাধ্যমে। ইচ্ছেকৃত ও অনিচ্ছাকৃত গর্ভপাতের মাধ্যমে গর্ভাবস্থা সমাপন হয়েছে ৯.৬৭ শতাংশের; ২০২২ সালে যেটির হার ছিল ১১.২৮ শতাংশ। ইচ্ছেকৃত গর্ভপাতকৃত নারীদের অর্ধেকের বেশি (৫৫.১৯%) গর্ভপাতকৃত স্রাবের লিঙ্গ কী ছিলো তা জানেন না বলে জানিয়েছেন। ইচ্ছেকৃত গর্ভপাত করা ১০-১৪ বছর বয়সী কিশোরীদের ক্ষেত্রে গর্ভপাতকৃত স্রাবের লিঙ্গের অনুপাতে উল্লেখযোগ্য ব্যবধান পরিলক্ষিত হয়েছে: ছেলে স্রাব ৮.৬৪ শতাংশ বনাম মেয়ে স্রাব ১৪.৪৫ শতাংশ।

মরণশীলতা

এসভিআরএস ২০২৩ অনুযায়ী বাংলাদেশে শুল্ক মৃত্যু হার (CDR) প্রতি হাজার জনসংখ্যায় ৬.১ জন; যা পূর্ববর্তী ২০২২ সালের তুলনায় (৫.৮ জন) বেড়েছে। পল্লি এলাকায় শুল্ক মৃত্যুহার (৬.৮ জন), যা শহরাঞ্চলের (৫.৫ জন) তুলনায় বেশি। এক বছরের কম বয়সী শিশু মৃত্যু হার ২০২২-এর তুলনায় (প্রতি হাজার জীবিত জন্মের বিপরীতে ২৪ জন) ২০২৩ সালে বৃদ্ধি পেয়ে প্রতি হাজার জীবিত জন্মের বিপরীতে ২৭ জন হয়েছে। পল্লি ও শহরাঞ্চল উভয় ক্ষেত্রেই এ বছরও ছেলে শিশুদের মৃত্যুহার কন্যাশিশুদের তুলনায় কিছুটা বেশি।

নবজাতক মৃত্যুর হার প্রতি হাজার জীবিত জন্মের বিপরীতে ২০২২ সালের ১৬ জন থেকে বেড়ে ২০২৩ সালে ২০ জন হয়েছে। পল্লি এলাকার নবজাতকদের মৃত্যুর হারে (প্রতি হাজার জীবিত জন্মের বিপরীতে ২০ জন) তাদের শহরাঞ্চলের সমকক্ষদের (প্রতি হাজার জীবিত জন্মের বিপরীতে ১৬ জন) মূলত ২০২৩ সালে নবজাতক মৃত্যু হারে মূল প্রভাবক হিসেবে কাজ করেছে।

২০২৩ সালে ১-১১ মাস বয়সী শিশুদের মৃত্যুহার কমে দাঁড়িয়েছে প্রতি হাজার জীবিত জন্মের বিপরীতে ৭ জন; যা বিগত বছর ছিল ৮ জন। এক-চার বছর বয়সী শিশু মৃত্যু হার ২০২৩ সালে কমে ১.৪-এ দাঁড়িয়েছে; ২০২২ সালে যা ১.৮ ছিল। ২০২৩ সালে প্রতি হাজার জীবিত শিশু জন্মের বিপরীতে পাঁচ বছরের কম বয়সী শিশু মৃত্যু হার বেড়ে হয়েছে ৩৩ জন; যা গত ২০২২ সালে ছিল ৩১ জন। এসভিআরএস-এর পূর্ববর্তী ফলাফলসমূহের আলোকে দেখা যায়, নবজাতক ও শিশু মৃত্যুর ক্ষেত্রে ছেলে শিশুদের স্বাস্থ্যঝুঁকি বেশি থাকায় কন্যাশিশুদের তুলনায় তাদের মৃত্যুহার বেশি। লিঙ্গভেদে মৃত্যুহারের পার্থক্য থেকে এটি স্পষ্টভাবে দৃশ্যমান।

মাতৃমৃত্যুর অনুপাত (এমএমআর) গত ২০২২ সালের তুলনায় (প্রতি লাখ জীবিত জন্মের বিপরীতে ১৫৩ জন) ২০২৩ সালে এসে কমেছে (প্রতি এক লাখ জীবিত জন্মের বিপরীতে ১৩৬ জন)। বাসস্থানের ধরন ভেদে দেখা যায়, শহরাঞ্চলের নারীরা মাতৃমৃত্যুর অনুপাতের দিক থেকে (প্রতি লাখ জীবিত জন্মশিশুর বিপরীতে মাতৃমৃত্যু ৫৬ জন) পল্লি এলাকার নারীদের (প্রতি লাখ জীবিত জন্মশিশুর বিপরীতে মাতৃমৃত্যু ১৫৭ জন) তুলনায় কম ঝুঁকিপূর্ণ অবস্থানে আছেন।

সামগ্রিকভাবে ২০২২ সালের তুলনায় ২০২৩ সালে জন্মকালে প্রত্যাশিত আয়ুষ্কাল ৭২.৪ বছর থেকে সামান্য কমে (০.১ বছর) দাঁড়িয়েছে ৭২.৩ বছর; যদিও এ হ্রাসের হার পরিসংখ্যানিকভাবে বিবেচ্য নয়। নারী ও পুরুষের জন্মকালে প্রত্যাশিত আয়ুষ্কাল দাঁড়িয়েছে যথাক্রমে ৭৩.৮ বছর ও ৭০.৮ বছর।

বিবাহ ও তালাক

স্থূল বিবাহের হার (সিএমআর) ২০২৩ সালে কমে প্রতি হাজার জনসংখ্যার বিপরীতে ১৫.৭ হয়েছে; ২০২২ সালে যা প্রতি হাজার জনসংখ্যার বিপরীতে ১৮.১ ছিল। পল্লি অঞ্চলে স্থূল বিবাহের হার শহরাঞ্চলের তুলনায় উল্লেখযোগ্য হারে বেশি; যথাক্রমে ১৬.৮ ও ১২.০। বৈবাহিক অবস্থার বিচারে জনসংখ্যার ৬৩.৯ শতাংশ মানুষ বর্তমানে বিবাহিত এবং ২৮.৬ শতাংশ মানুষ কখনও বিবাহবন্ধনে আবদ্ধ হন নি। অবশিষ্ট ৭.৫ শতাংশ মানুষ বিধবা/বিপত্নীক/তালাকপ্রাপ্ত। নারীদের মধ্যে বিধবা/তালাকপ্রাপ্তরা ভাগ তাদের পুরুষ সমকক্ষ অর্থাৎ বিপত্নীক/তালাকপ্রাপ্তদের তুলনায় ৬ গুণের চেয়েও বেশি; যথাক্রমে ১২.৭ শতাংশ ও ২.০ শতাংশ।

বিবাহের বয়স সংক্রান্ত তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে, সম্প্রতি বিশেষ করে পুরুষদের ক্ষেত্রে প্রথম বিবাহের গড় বয়স কিছুটা উর্ধ্বমুখী। পুরুষদের বিবাহের বয়স ২০২২ সালে ছিল ২৪.০ বছর যা ২০২৩ সালে বেড়ে দাঁড়িয়েছে ২৪.২ বছর। পক্ষান্তরে, নারীদের বিবাহের গড় বয়স ২০২২ সালের গড় বয়স ১৮.৪ বছর ২০২৩ সালেও অপরিবর্তিত রয়েছে।

সাম্প্রতিক বছরগুলোতে কিশোরীদের জন্য অপ্রাপ্তবয়স্ক/বাল্য বিবাহ একটি উদ্বেগের বিষয় হিসেবে রয়ে গেছে। কেননা, ১৫ বছরের পূর্বে এবং ১৮ বছরের পূর্বে বিবাহের হারে ধারাবাহিকভাবে উর্ধ্বমুখী প্রবণতা দেখা যাচ্ছে। বর্তমানে ২০ থেকে ২৪ বছর বয়সী নারীদের মধ্যে ১৫ বছরের পূর্বে বিবাহের হার ২০২৩ সালে বেড়ে হয়েছে ৮.২ শতাংশ; যা ২০২২ সালে ছিল ৬.৫ শতাংশ। বর্তমানে ২০ থেকে ২৪ বছর বয়সী নারীদের মধ্যে ১৮ বছরের আগে নারীদের বিবাহের হার ২০২৩ সালে ৪১.৬ শতাংশে দাঁড়িয়েছে; যা ২০২২ সালে ৪০.৯ শতাংশ ছিল।

২০২৩ সালে বিগত বছরের তুলনায় স্থূল তালাকের হার কিছুটা কমেছে (প্রতি হাজার জনসংখ্যায় ১.১); যা ২০২২ সালে প্রতি হাজার জনসংখ্যায় ১.৪ ছিল। পল্লি ও শহরাঞ্চল উভয় এলাকায় এ কমান প্রবণতা দেখা গেছে। স্থূল দাম্পত্য বিচ্ছিন্নের হারেও ২০২৩ সালে হ্রাস লক্ষ করা গেছে (প্রতি হাজার জনসংখ্যার বিপরীতে ০.২৬); যা ২০২২ সালে ০.২৯ ছিল।

জন্মনিয়ন্ত্রণ পদ্ধতির ব্যবহার

জন্মনিয়ন্ত্রণ পদ্ধতির ব্যবহার ২০২২ সালের তুলনায় ২০২৩ সালে কমে দাঁড়িয়েছে ৬২.১ শতাংশ। এর আগের বছর এ হার ছিল ৬৩.৩ শতাংশ। শহরাঞ্চলের প্রজনন বয়সী বিবাহিত নারীদের মধ্যে বিভিন্ন জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহারের প্রবণতা (৬৩.৯ শতাংশ) পল্লি এলাকার সমকক্ষ নারীদের চেয়ে বেশি (৬১.৬ শতাংশ); যদিও এ পার্থক্য উল্লেখযোগ্য নয়। আধুনিক জন্মনিয়ন্ত্রণ পদ্ধতির ব্যবহার ২০২২ সালের (৬২.৩%) তুলনায় ২০২৩ সালে সামান্য কমেছে (৬১.০%)।

অভিবাসন ও স্থানান্তর

এসভিআরএস ২০২৩ অনুযায়ী ২০২৩ সালে আন্তর্জাতিক অভিগমন হার আগের বছরের তুলনায় বেড়েছে (প্রতি হাজার জনসংখ্যায় ৮.৭৮ জন); যা ২০২২ সালে ছিল ৬.৬১ জন। অন্যান্যদিকে, আন্তর্জাতিক বহিরাগমন হারের ক্ষেত্রে বিপরীত চিত্র পরিলক্ষিত হয়েছে; ২০২২ সালে প্রতি হাজার জনসংখ্যায় বহিরাগমন হার ছিল ২.৯৭ জন। ২০২৩ সালে সে হার কমে ২.৩৭ জনে নেমেছে। আন্তর্জাতিক অভিগমন ও বহিরাগমন উভয় ক্ষেত্রেই লিঙ্গ ভেদে উল্লেখযোগ্য পার্থক্য পরিলক্ষিত হয়। কেননা, উভয় ক্ষেত্রে পুরুষরা উচ্চ হারে নারীদের তুলনায় অগ্রগামী: একই লিঙ্গের প্রতি হাজার জনসংখ্যার বিপরীতে বহিরাগমন হার ৪.৩৬ বনাম ০.৪৬ এবং অভিগমন হার ১৬.৩৯ বনাম ১.৪৪।

২০২৩ সালে আন্তঃজেলা আগমন ও বহির্গমনের হার গত বছরের তুলনায় হ্রাস পেয়েছে। ২০২২ সালে সামগ্রিকভাবে আন্তঃজেলা আগমনের হার ছিল প্রতি হাজারে ৩০.৮ জন, ২০২৩ সালে তা কমে প্রতি হাজারে ২৫.৮ জনে দাঁড়িয়েছে। আন্তঃজেলা বহির্গমন হারের ক্ষেত্রেও একই বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়: ২০২২ সালে প্রতি হাজারে ৩০.২ থেকে কমে ২০২৩ সালে প্রতি হাজারে ২২.৪ হয়েছে।

জেলার সীমানার মধ্যে অন্তর্মুখী স্থানান্তর হার ২০২৩ সালে প্রতি হাজার জনসংখ্যায় কমে ৬৫.৭ হয়েছে, যা ২০২২ সালে প্রতি হাজারে ১১০.৮ জন ছিল। জেলার মধ্যে বহিমুখী হারেও একই রকম হ্রাসের প্রবণতা দেখাচ্ছে। এটি ২০২৩ সালে প্রতি হাজারে ৭০.৫ জন হয়েছে, যা ২০২২ সালে প্রতি হাজার জনসংখ্যায় ছিল ১১৮.১ জন।

প্রতিবন্ধিতা ও অক্ষমতা

২০২৩ সালে এসভিআরএস-এর নমুনা এলাকা থেকে সংগৃহীত তথ্যের ভিত্তিতে প্রাপ্ত ফলাফল অনুযায়ী বাংলাদেশে প্রতি হাজারে ২৮.২ জন মানুষ কোনো না কোনোভাবে প্রতিবন্ধিতা বা স্বাভাবিক কর্মকাণ্ডের অক্ষমতার মধ্যে রয়েছে। লিঙ্গ ভেদে স্থূল প্রতিবন্ধিতার হারে তেমন পার্থক্য পরিলক্ষিত হয় না; কেননা, পুরুষদের মধ্যে স্থূল প্রতিবন্ধিতার হার প্রতি হাজারে ২৮.৬ জন এবং নারীদের মধ্যে স্থূল প্রতিবন্ধিতার হার প্রতি হাজারে ২৭.৮ জন।

সামগ্রিকভাবে এসভিআরএস ২০২৩-এ আধুনিক তথ্যপ্রযুক্তির সমন্বয়ের মাধ্যমে তথ্যের গুণগত মান ও অনুসৃত আন্তর্জাতিক মান অন্তর্ভুক্ত করার কারণে আর্থসামাজিক ও জনমিতিক সূচকসমূহের প্রাক্কলনসমূহ অধিকতর যথার্থ হয়েছে। টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)'র মোট ২৭টি সূচকের পাশাপাশি সরকারের ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার উন্নয়ন ফলাফল কাঠামোর ১৬টি সূচকসহ ১৬০টির বেশি সূচকের বিভিন্ন মাত্রা ও ক্যাটাগরি ভেদে বিভাজিত পরিসংখ্যান বিভিন্ন সারণি, লেখচিত্র ও মানচিত্রের মাধ্যমে এ প্রতিবেদনের পরবর্তী সংশ্লিষ্ট অধ্যায় ও পরিশিষ্টে উপস্থাপন করা হয়েছে।

Executive Summary

Introduction

Bangladesh Bureau of Statistics (BBS) introduced Sample Vital Registration System (SVRS) in 1980 to study the changes in the demographic scenarios of Bangladesh during the intercensal periods. Initially, the coverage was limited to 103 primary sampling units (PSUs) each consisting of 250 households on average. Subsequently, the number of sample PSUs rose to 210 in 1983; 500 in 1995 and 1,000 in 2002. To meet the data requirements of the planners and policymakers, the number of PSUs was increased to 1,500 in 2013. An Integrated Multi-Purpose Sample (IMPS) Design was introduced in 2015 with the number of PSUs being 2,012 and spreading throughout the country. As many as 11 data recording schedules are currently being used to collect data on household and population characteristics, birth, death, marriage, divorce, in-migration, out-migration, disability, Pregnant Register and contraceptive use. Computer Assisted Personal Interviewing (CAPI) system has been introduced since 2022 to ensure the quality of data with the help of modern technologies. This is the 2nd round full report of SVRS which followed complete data collection through CAPI. Under this system, vital events are collected every month by locally recruited female Local Registrars (LRs). The dual recording system, which was used earlier, has been discontinued from 2022, and a new sample-based validation survey was introduced to validate the quality of the Sample Vital Registration System data.

Quality of Demographic Data

The data collected in SVRS have been evaluated to shed light on the quality of the data. Particular attention has been given to assessing the quality of age data, which is of great importance in estimating most of the vital rates and ratios. Three popular indices viz. Myer's index, Whipple's index and UN Age-Sex Accuracy Index also called UN Joint Score have been computed from reported age distributions for this purpose. These indices have revealed the fact that the quality of age reporting in SVRS has improved over the last five years. A validation survey was conducted to check the quality of accurate recording of vital events missing rates in SVRS 2023. Besides, standard errors and confidence intervals of important socioeconomic and demographic indicators are included in the report to assess their quality. All the detailed results of this assessment have been presented in Chapter 2 of this report.

Household socioeconomic and Demographic Characteristics

The overall sex ratio has shown about 4 percentage points decline over the last five years, from 100.2 in 2019 to 96.3 in 2023. The age structure of the population is still conducive to high fertility with 28.78 percent of its total population being under age 15. The dependency ratio increased from 51.1 percent in 2019 to 53.7 percent in 2023. The rate of natural increase raised to 1.33 in 2023 from 1.32 in 2019. The median age of the population remains unchanged at 26 years since 2019.

Average household size remains unchanged to 4.2 persons in 2023 as in 2022. Household headship is disproportionately shared by males and females. Males experienced 81.1 percent of the household headship in 2023 while it was 18.9 percent for females.

An increase was noted in literacy rate for population aged 7 years and above: from 74.4 percent in 2019 to 77.9 percent in 2023. The adult literacy rate for the population aged 15 years and above has also shown an increase from 74.7 percent in 2019 to 75.6 percent in 2023. In terms of adult literacy, urban areas are about 11.0 percentage point higher than rural areas. In both cases, males are more in proportion to dominate over the females in literacy, the difference being 4.3 percentage points in the case of literacy rate of population 7 years and above; and 5.8 percentage points in the case of population aged 15 years and above.



In 2023, 59.28 percent of the population aged 5-24 were current students, which shows a slight increase from 2022 (59.09%). Additionally, the dropout rate has decreased from 10.58 percent in 2022 to 9.36 percent in 2023. Around half of students (46.86%) attend government-run educational institutions. In 2023, 88.40 percent of students study in Bangla medium, and 91.02 percent follow the general education system. A total of 39.88 percent of youths (15-24 years) were estimated as not in education, employment or training (NEET) in 2023 which shows a slight decrease from 2022 (40.67%).

Bangla is the mother tongue of 98.27 percent of the population, while 1.23 percent reported ethnic languages as their mother tongue. In all 5.43 percent of people use English as a second language, while 91.92 percent do not know any second language apart from their mother tongue. The population of the country is comprised of 89.03 percent Muslims, 9.58 percent Hindus, 1.09 percent Buddhists, 0.24 percent Christians, and 0.05 percent followers of other religions. Bangalis are the majority with 98.56 percent of the country's population, while 1.44 percent coming from other ethnic groups, according to the ethnic composition.

The Access to safely managed drinking water service has been increased to 71.22 percent in 2023 from 70.43 percent in 2022. On the other hand, the coverage of access to safely managed sanitation service according to UNJMP definition is 45.02 percent. The access to basic hygiene services covering the handwashing facilities with soap and water has also increased to 65.2 percent in 2023 from 63.2 percent in 2022. In 2023, both sublet tenant and sublet provider rates increased to 4.1 percent and 0.9 percent, respectively in 2023. In 2022, these rates were 3.3 percent and 0.7 percent respectively.

Access to mobile phone stands at 59.9 percent among the 5 years and above population with a significant difference between males (69.3%) and females (50.9%) in 2023. Rural-urban differentiation is also observed as 57.5 percent of rural population have mobile phone for their personal use compared to their urban counterparts in urban areas (67.3%). The rates for 15 years and above population follows the same pattern.

Nationally, the access to internet among the population aged 5 years and above stood at 45.7 percent in 2023, a slight increase from 2022 (41.0%). A significant difference is observed between rural and urban in terms of internet access: 42.1 percent and 57.1 percent respectively. Internet users disaggregated by sex shows that males are significantly high (51.9%) compared to their female counterparts (39.7%). SVRS 2023 also reveals that 28.3 percent of the adult (15 years and above) population has an account with a bank or other financial institutions. The access to mobile financial services was found to be 47.8 percent in 2023. The overall coverage of financial inclusion is estimated to be 51.71 percent who have account either with bank or financial institutions or mobile financial services. Significant differences in inclusion to both financial services can be observed between male and female.

Fertility and Pregnancy

Crude birth rate (CBR) is 19.4 per thousand population in 2023 as compared to 18.1 in 2019, demonstrating an average annual increase of more than 1.4 percent during the last five years since 2019. The rural crude birth rate (CBR), as expected, is higher than the urban CBR per thousand population: 20.4 versus 18.5. The general fertility rate (GFR) is estimated at 68 per thousand women with a much higher rate of 72 in the rural areas as compared to a rate of 57 in the urban areas.

The total fertility rate (TFR) decreased to 2.17 in 2023 from 2.20 in 2022. The type of delivery shows that more than one out of two births (50.7%) has been given through caesarean section in 2023 which was increased by 9.3 percentage points from the rate (41.4%) in 2022. This expresses an alarming condition for public health according to WHO Guidelines. Similarly, about one out of three deliveries (32.77%) have taken place at households in 2023 which shows a significant improvement from 2022 (42.31%). In 2023, about two out of every five (39.08%) pregnant women received antenatal care at least 4 times, as recommended by the World Health Organization.

In 2023, in terms of pregnancy outcome, 89.23 percent of pregnant women gave birth to live babies which shows an increase from 2022 (87.16%). However, 1.10 percent of pregnancies terminated with stillbirths. A total of 9.67 percent of pregnancies were lost through miscarriage or intentional abortions which shows a decrease from 11.28 percent in 2022. Among the women who experienced termination of pregnancy through abortion, more than half of them (55.19%) do not know the sex of the aborted foetus. A significant difference was found for the sex of the aborted foetus (male 8.64% vs. female 14.45%) among the adolescent women aged 10-14 years who experienced abortion compared to other age groups.

Mortality

The crude death rate (CDR) is estimated at 6.1 per 1000 population in 2023, showing an increase from 5.8 in 2022. In the rural areas, the CDR is higher (6.8) than the rate in urban areas (5.5). The infant mortality rate (IMR) recorded a moderate rise from 24 per thousand live births in 2022 to 27 per thousand live births in 2023. It is found that the IMR for males remained higher than their female counterparts both in rural and urban areas.

The neonatal mortality rate increased in 2023 to 20 per 1,000 live births from 16 in 2022. Rural neonates were found more vulnerable mortality (20 per thousand live births) than their urban counterparts (16 per thousand live births) which contributes to the increase in neonatal mortality rate in 2023.

Post-neonatal mortality rate (PnMR) in 2023 decreased to 7 per 1000 live births which was 8 in the previous year. Child (1-4 years) mortality rate was observed to decline to 1.4 per thousand live births which was 1.8 in 2022. Under-five mortality rate has demonstrated an increase at 33 deaths per 1000 live births which was 31 in 2022. In line with previous findings on child and infant mortality, male children underwent more health hazards leading to higher deaths than their female counterparts. This is evident from the differential death rates by sex.

Maternal Mortality Ratio (MMR) decreased in 2023 (136 per 100,000 live births) compared to 2022 (153 per 100,000 live births). Urban women are at a lower risk of maternal mortality (56 maternal deaths per 100,000 live births) than rural women (157 maternal deaths per 100,000 live births).

The overall life expectancy at birth shows a decreasing tendency with a narrow margin of 0.1 years in 2023; from 72.4 years in 2022 to 72.3 in 2023, which is not statistically significant. A higher life expectancy at birth of 73.8 years at birth was estimate for females against a life expectancy of 70.8 years for males.

Marriage and Divorce

The crude marriage rate (CMR) is estimated at 15.7 per thousand population in 2023 compared to 18.1 per thousand population in 2022. CMR of rural areas have found to be significantly higher than that of urban areas; 16.8 and 12.0 respectively. Marital status distribution shows that 63.9 percent of the population are currently married, and 28.6 percent have never been married. Remaining 7.5 percent people are widow/widowed/divorced/separated. Widow/divorced among women is more than 6 times higher than their male widowed/divorced counterparts; 12.7 percent and 2.0 percent respectively.

Analysis of age at first marriage data reveals that in 2023, mean age at first marriage, especially of males by and large has risen marginally. For example, the age at first marriage for males as computed in 2022 was 24.0 years, which increased to 24.2 years in 2023. On the contrary in 2023, the female age at first marriage remained unchanged at 18.4 years as observed in 2022.

Early/child marriage of women has remained a concern during recent years as shows an increasing trend both for marriage before 15 years and before 18 years. Among the women aged 20-24, the rate of marriage before 15 years increased to 8.2 percent in 2023 which was 6.5 percent in 2022. Among the women aged 20-24, the rate for marriage before 18 years stands at 41.6 percent in 2023 which was 40.9 percent in 2022.



The crude divorce rate has been decreased slightly in 2023 (1.1 per thousand population) which was 1.4 per thousand population in 2022. The rate has been decreased both in rural and urban areas. The crude separation rate also shows a decrease in 2023 at 0.26 per thousand population which was 0.29 in 2022.

Contraceptive usage

The overall contraceptive prevalence rate is 62.1 percent in 2023, implying a decreasing trend in the rate from previous year (63.3%). The urban reproductive aged married women are more likely (63.9%) to adopt contraceptives than their rural counterparts (61.6%), though the difference is not significant. The rate of use of modern contraceptive methods in 2023 (61.0%) has slightly decreased from the previous year 2022 (62.3%).

Migration and Mobility

According to SVRS 2023, the international out-migration shows a rise (8.78 per thousand population) in 2023 which was 6.61 in 2022. International in-migration is showing the opposite phenomenon in 2023 with a declined rate at 2.37 per thousand population from 2.97 per thousand population in 2022. Significant differences are observed in both international in-migration and out-migration as males precede females with high rates: in-migration 4.36 vs. 0.46 and out-migration 16.39 vs. 1.44 per thousand population of the same sex.

Both inter-district in-migration and out-migration rates have exhibited a decline in 2023 from last year. The overall inter-district in-migration rate was 30.8 per thousand in 2022, it decreased to 25.8 per thousand in 2023. The same feature is observed in the case of the inter-district out-migration rate: from 30.2 per thousand in 2022 to 22.4 per thousand in 2023.

In-flow mobility rate within the district boundary observed a fall to 65.7 per thousand population in 2023 from 110.8 per thousand in 2022. Out-flow mobility rate within the district is also showing a similar decreasing pattern. It was observed 70.5 per thousand in 2023 which was 118.1 per thousand population in 2022.

Disability and Functional Difficulties

According to the results obtained based on the data collected from SVRS sample areas in 2023, overall, 28.2 persons per thousand population are facing some form of disability or functional difficulties in Bangladesh. No significant difference in crude disability rates was observed by sex as crude disability rates are among men is 28.6 per thousand and among women is 27.8 per thousand.

Overall, in SVRS 2023 the estimation process of socioeconomic and demographic indicators has been improved significantly through the adaptation of quality of data and international standards through the integration of modern information technology. In addition to a total of 27 indicators of the Sustainable Development Goals (SDGs) and 16 indicators of the development results framework (DRF) of the government's 8th five-year plan, the statistics for around 160 indicators disaggregated by various dimensions and categories are presented in this report through various tables, charts and maps in the following corresponding chapters and annexes.

Acronyms

ANC : Antenatal Care	HDS : Health and Demographic Survey
ARI : Acute Respiratory Infection	HH : Household
ASMFR : Age-Specific Marital Fertility Rate	ICR : Intelligent Character Reader
ASDR : Age-Specific Death Rate	IMPS : Integrated Multi-purpose Sample
ASFR : Age-Specific Fertility Rate	IMR : Infant Mortality Rate
ASMR : Age-Specific Marriage Rate	JMP : Joint Monitoring Programme
ATM : Automated Teller Machine	LPG : Liquefied Petroleum Gas
BBS : Bangladesh Bureau of Statistics	LR : Local Registrar
BFS : Bangladesh Fertility Survey	MA : Medical Assistant
BS : Both Sexes	MAM : Mean Age at First Marriage
CAPI : Computer Assisted Personal Interviewing	MCWC : Mother & Child Welfare Centre
CBR : Crude Birth Rate	MFR : Marital Fertility Rate
CDR : Crude Death Rate	MMR : Maternal Mortality Ratio
CDiR : Crude Divorce Rate	NEET : Not in Education, Employment or Training
ChDR : Child Death Rate	NGO : Non-government Organization
CMR : Crude Marriage Rate	NGR : Natural Growth Rate
COVID-19 : Coronavirus Disease	NMR : Neo-Natal Mortality Rate
CPR : Contraceptive Prevalence Rate	NRR : Net Reproduction Rate
CPS : Contraceptive Prevalence Survey	OMR : Optical Marks Reader
CRPD : Convention on the Rights of the Persons with Disabilities	OCR : Optical Character Reader
C-section : Cesarean Section	PDA : Personal Digital Assistant
CSDR : Cause Specific Death Rate	P _N MR : Post Neo-natal Mortality Rate
CSR : Crude Separation Rate	PSU : Primary Sampling Unit
CWR : Child-Woman Ratio	RAI : Rural Access Index
DGHS : Directorate General of Health Services	RNI : Rate of Natural Increase
CHCP : Community Health Care Provider	SACMO : Sub-Assistant Community Medical Officer
DSHE : Directorate of Secondary and Higher Education	SDGs : Sustainable Development Goals
EA : Enumeration Area	SMAM : Singulate Mean Age at Marriage
FWA : Family Welfare Assistant	SSC : Secondary School Certificate
GDR : General Divorce Rate	SVRS : Sample Vital Registration System
GFR : General Fertility Rate	TBA : Traditional Birth Attendant
GMFR : General Marital Fertility Rate	TFR : Total Fertility Rate
GMR : General Marriage Rate	TMFR : Total Marital Fertility Rate
GRR : Gross Reproduction Rate	U ₅ MR : Under-five Mortality Rate
GSR : General Separation Rate	UH&FWC : Union Health & Family Welfare Centre
HA : Health Assistant	UHC : Upazila Health Complex
	WHO : World Health Organization



অধ্যায় ১:

নমুনা়ন ও জরিপ পদ্ধতি

CHAPTER 1:

SAMPLING AND SURVEY METHODOLOGY





১.১ পটভূমি

দুটি শুমারির মধ্যবর্তী সময়ে বাংলাদেশের জনমিতিক দৃশ্যপটের পরিবর্তন পরিবীক্ষণের লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ১৯৮০ সালে স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) প্রবর্তন করে। শুরুতে গড়ে ২৫০টি খানার সমন্বয়ে মোট ১০৩টি প্রাথমিক নমুনা এলাকা (Primary Sampling Unit-PSU) নিয়ে এর কার্যক্রম শুরু করা হয়। পরবর্তীতে প্রাথমিক নমুনা এলাকা (পিএসইউ) সংখ্যা ১৯৮৩ সালে ২১০টিতে; ১৯৯৫ সালে ৫০০টিতে এবং ২০০২ সালে ১,০০০টিতে উন্নীত করা হয়। পরিকল্পনাবিদ এবং নীতিনির্ধারকগণের উপাত্তের চাহিদা পূরণের স্বার্থে ২০১৩ সালে পিএসইউ সংখ্যা ১,৫০০-তে উন্নীত করা হয়। পরবর্তীকালে ২০১৫ সালে সারাদেশে বিস্তৃত ২,০১২টি পিএসইউ নিয়ে একটি সুসংহত বহুমুখী নমুনা (Integrated Multi-purpose Sample- IMPS) নকশা গৃহীত হয়। বর্তমানে খানা ও ব্যক্তির বৈশিষ্ট্য, জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক, আগমন, বহির্গমন, প্রতিবন্ধিতা, গর্ভাবস্থা রেজিস্টার, জন্মনিয়ন্ত্রণ পদ্ধতির ব্যবহার সংক্রান্ত তথ্য সংগ্রহের জন্য ১১টির মতো প্রশ্নপত্রের তফসিল ব্যবহার করা হচ্ছে। তথ্যের গুণগত মান নিশ্চিত করার জন্য আধুনিক তথ্য-প্রযুক্তির সহায়তায় ২০২২ সাল হতে কম্পিউটার অ্যাসিসটেড পারসোনাল ইন্টারভিউয়িং (CAPI) পদ্ধতির প্রচলন করা হয়েছে। ক্যাপি পদ্ধতিতে পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহের ভিত্তিতে এটি এসভিআরএস-এর দ্বিতীয় পূর্ণাঙ্গ প্রতিবেদন।

এ জরিপের নমুনা এলাকার কোনো জনঘটনা ঘটার অব্যবহিত মাসে তার তথ্য সংগ্রহ করা হয়। জনমিতিক প্রাক্কলন পরিমাপের হার বের করার নিরিখে বছরের শুরুতে খানা ও জনসংখ্যার মৌলিক বৈশিষ্ট্যবলির আলোকে একটি বিস্তারিত খানা জরিপ পরিচালনা করা হয়। এ অধ্যায়ের বর্তমান ও পরবর্তী অংশসমূহকে এমনভাবে সাজানো হয়েছে, যেখানে এসভিআরএস সম্পর্কে একটি পূর্ণাঙ্গ ধারণা পাওয়া যাবে। এসব অংশে এসভিআরএসের জন্য প্রযোজ্য নমুনার আওতা (কাভারেজ), ব্যবহৃত তফসিলসমূহ, তথ্য সংগ্রহ প্রক্রিয়া, বাদ পড়া জনঘটনাসমূহ প্রাক্কলন, উপাত্ত ব্যবস্থাপনা এবং এর সঙ্গে সম্পর্কিত অন্য বিষয়াবলি উল্লেখ করা হয়েছে।

১.২ নমুনার আওতা

২০১১ সালের আদমশুমারির নমুনা কাঠামোর ওপর ভিত্তি করে প্রণীত আইএমপিএস কাঠামোটি এসভিআরএস ২০২৩-এ তথ্য সংগ্রহের জন্য ব্যবহার করা হয়েছে। ওই সময় যেসব

1.1 Background

Bangladesh Bureau of Statistics (BBS) introduced Sample Vital Registration System (SVRS) in 1980 to study the changes in the demographic scenarios of Bangladesh during the intercensal periods. Initially, the coverage was limited to 103 primary sampling units (PSUs) each consisting of 250 households on average. Subsequently, the number of sample PSUs rose to 210 in 1983; 500 in 1995 and 1,000 in 2002. To meet the data requirements of the planners and policymakers, the number of PSUs was increased to 1,500 in 2013. An Integrated Multi-Purpose Sample (IMPS) Design was introduced in 2015 with the number of PSUs being 2,012 and spreading throughout the country. As many as 11 data recording schedules are currently being used to collect data on household and population characteristics, birth, death, marriage, divorce, in-migration, out-migration, disability, pregnant register and contraceptive use. Computer Assisted Personal Interviewing (CAPI) system has been introduced since 2022 to ensure the quality of data with the help of modern technologies. This is the second full report of SVRS which followed complete data collection through CAPI.

The data of this survey is collected in the month immediately after the occurrence of any demographic event incident in the sample area. In order to find denominators for the demographic parameters, a detailed household survey is conducted at the beginning of every year covering basic household and population characteristics. The following and the subsequent sections of the present chapter are designed to provide an overview of sample coverage, schedules used, data collection procedure, estimation of missing events, data management and some other issues pertinent to the SVRS.

1.2 Coverage of the Sample

The IMPS frame developed from the 2011 census served as the sampling frame for the collection of data in the SVRS 2023. The master sample PSUs were

মূল নমুনা পিএসইউ নির্ধারণ করা হয়েছিল, এসভিআরএস জরিপ পরিচালনায় সে পিএসইউগুলোই ব্যবহৃত হচ্ছে। এসভিআরএস নমুনা এলাকা নির্বাচনের ক্ষেত্রে একটি এক স্তরবিশিষ্ট গুচ্ছ নমুনায়ন পদ্ধতি অনুসরণ করা হয়েছে। গণনা এলাকা নির্বাচনের পূর্বে ৪০টির কম খানাবিশিষ্ট গণনা এলাকাকে তার পার্শ্ববর্তী গণনা এলাকার সঙ্গে একীভূত করা হয়েছে, যাতে করে এগুলো অবশিষ্ট গণনা এলাকাগুলোর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হয়। ৬৪টি জেলার মধ্য থেকে গণনা এলাকাসমূহ নির্বাচনের ক্ষেত্রে কম্পিউটারের সাহায্যে আদ্যাঙ্কর অনুযায়ী বিন্যাসকৃত তালিকা থেকে সম্ভাব্য আনুপাতিক খানাসমূহ নির্বাচন করা হয়েছে। এক্ষেত্রে একবার যদি কোনো গণনা এলাকা নির্বাচিত হয়, তাহলে ওই এলাকার মধ্যে অবস্থিত সকল খানা এসভিআরএসের তথ্য সংগ্রহের জন্য নির্ধারিত হয়ে যায়। দেশের তৎকালীন সাতটি প্রশাসনিক বিভাগের প্রত্যেকটিকে এ জরিপের প্রধান অধিক্ষেত্র (ডোমেইন) হিসেবে বিবেচনা করা হয়। এ অধিক্ষেত্রগুলোকে তিনটি স্তরে ভাগ করা হয়েছে। এগুলো হলো- পল্লি, শহর ও সিটি কর্পোরেশন। নমুনা নকশায় মোট ২১টি প্রধান অধিক্ষেত্র নির্বাচন করা হয়। ময়মনসিংহ জেলার প্রাক্কলনসমূহ সংকলনের সময় পূর্ববর্তী ঢাকা বিভাগের অধীনস্থ ময়মনসিংহ বিভাগে অবস্থিত নমুনাসমূহের ভিত্তিতে করা হয়েছে। পাশাপাশি ঢাকা বিভাগের প্রাক্কলনসমূহে বর্তমান ঢাকা বিভাগের আওতাভুক্ত নমুনার ভিত্তিতে করা হয়েছে।

প্রতিটি অধিক্ষেত্রের নমুনার আকার নির্ধারণের ক্ষেত্রে একটি গ্রহণযোগ্য ফর্মুলার সহায়তা নেয়া হয়েছিল। এ প্রক্রিয়ায় মোট পিএসইউ-এর সংখ্যা দাঁড়ায় ২০১২টি। পূর্বের জরিপগুলোর মতোই ২০২৩ সালের জরিপের ক্ষেত্রে একই নমুনা পিএসইউ ব্যবহার করা হয়েছে। ওই সময় শহরাঞ্চলের গণনা এলাকার সংখ্যা ছিল ৯৩৫টি। আর পল্লিতে গণনা এলাকার সংখ্যা ছিল ১,০৭৭টি। সবমিলে মোট পিএসইউ ছিল ২০১২টি। জরিপের জন্য ব্যবহৃত প্রতিটি অধিক্ষেত্রের খানাভিত্তিক পিএসইউসমূহের বিন্যাস সারণি ১.১-এ দেখানো হয়েছে।

জরিপের জন্য ২০১২টি পিএসইউতে মোট তালিকাভুক্ত খানার সংখ্যা ৩০৮,০৩২টি। এসব পিএসইউ ও খানার সংখ্যা 'সারণি ১.১'-এ উপস্থাপন করা হয়েছে। সারণিবদ্ধ উপাত্ত বিশ্লেষণ করে দেখা যায়, এক বছর সময়ের মধ্যে জরিপ এলাকায় খানার সংখ্যা বেড়েছে ৩,৭০৪টি (১.২২%)। যদিও এ সময়ের ব্যবধানে জরিপের জন্য পিএসইউ'র সংখ্যা বাড়ানো হয় নি। পৌরসভা/অন্যান্য শহর এলাকায় অবস্থিত পিএসইউতে খানার সংখ্যা বেড়েছে সবচেয়ে বেশি (১.৯৯%)। এরপর বৃদ্ধির হার বেশি সিটি কর্পোরেশন এলাকায় (১.১৪%)। পল্লি অঞ্চলে খানার সংখ্যা বেড়েছে সবচেয়ে কম হারে (০.৯২%)। এক্ষেত্রে প্রশাসনিক বিভাগভিত্তিক খানাসমূহের বিন্যাসও একই ছিল।

used as the PSUs in the SVRS. A single stage stratified cluster sampling methodology was adopted for the SVRS Sample Enumeration Areas (EAs). Prior to the selection, the EAs containing less than 40 households was merged with an adjacent EA to be comparable with the remaining EAs. Selection of the EAs within the strata was done with probability proportional to the estimated number of households from a computerized list ordered alphabetically within the 64 districts. Once an EA was selected, all households within the EAs were brought under the purview of data collection for SVRS areas. Each of the seven former administrative divisions of the country was regarded as a domain of the survey. These domains were divided into three residential categories, viz. rural, urban and City Corporation. Altogether, 21 domains thus resulted in the design. However, the estimates were disaggregated at eight divisions across the country. Different estimates of Mymensingh division were considered the samples belongs to Former Dhaka Division while estimates of Dhaka division based on only samples belonging to present jurisdiction.

In determining the sample size for each domain, standard formula was adopted, which resulted in 2012 PSUs. Following previous surveys that employed these PSUs, the 2023 round of survey also used the same frame that included, as before, a total of 935 urban EAs and 1,077 rural EAs. The allocations of the PSUs along with the associated number of households by strata in each domain of survey are shown in Table 1.1 below.

In 2012 PSUs, a total of 308,032 households were listed. The number of PSUs and the number of households thereof have been displayed in Table 1.1. The tabular data shows that there has been an increase of 3,704 (1.22%) households over a period of one year in the sample areas where, there was no change in the number of PSUs. This increase is more pronounced in the Paurashava/other urban areas (1.99%) followed by City Corporation areas (1.14%). The increase of households in rural areas was the lowest (0.92%). The distribution of households by administrative divisions also remained the same.

Table 1.1: Allocation of SVRS PSUs and households by domains of survey, SVRS 2023

Divisions	Rural		City Corporation		Paurashava & Other Urban		Total	
	PSU	Household	PSU	Household	PSU	Household	PSU	Household
1	2	3	4	5	6	7	8	9
Barishal	87	13,525	61	9,516	61	9,817	209	32,858
Chattogram	182	28,460	64	8,844	70	10,708	316	48,012
Dhaka*	292	45,754	87	11,013	97	14,478	476	71,245
Khulna	131	21,474	61	8,214	63	10,537	255	40,225
Rajshahi	156	24,614	61	8,868	66	10,336	283	43,818
Rangpur	138	21,614	61	9,230	61	9,689	260	40,533
Sylhet	91	14,063	61	8,075	61	9,203	213	31,341
Total	1077	169,504	456	63,760	479	74,768	2012	308,032

* Dhaka division covers the allocation and distribution of samples for Mymensingh division.

Figure 1.1: Distribution of Sample Households by Domain and Year, SVRS 2019-2023




Table 1.2: Allocation of SVRS PSUs, Households and individuals by domains of survey, SVRS 2019-2023

1. Number of Primary Sampling Units (PSUs)	2023	2022	2021	2020	2019
1	2	3	4	5	6
Total	2012	2012	2012	2012	2012
– Rural	1077	1077	1077	1077	1077
– City Corporation	456	456	456	456	456
– Paurashava/Upazila Headquarters	479	479	479	479	479

2. Sample Households	2023	2022	2021	2020	2019
1	2	3	4	5	6
Total	308,032	306,954	308,032	301,131	298,810
– Rural	169,504	168,424	169,504	165,324	163,196
– City Corporation	63,760	64,519	63,760	63,714	63,959
– Paurashava/Upazila Headquarters	74,768	74,011	74,768	72,093	71,655
3. Sample population	2023	2022	2021	2020	2019
Total	13,04,565	13,02,788	12,99,441	12,85,013	12,69,741
– Male	6,40,113	6,42,847	6,42,825	6,43,252	6,35,543
– Female	6,64,387	6,59,871	6,56,559	6,41,761	6,34,198
– Hijra	65	70	57	-	-

১.৩ জরিপের তফসিল

স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) বছরব্যাপী একটি ধারাবাহিক পর্যবেক্ষণ পদ্ধতি, যা ১৯৮০ সাল থেকে পরিচালিত হয়ে আসছে। সময়ের সাথে সাথে এ জরিপের আওতা ও ব্যাপ্তি পর্যায়ক্রমে প্রসারিত হয়েছে। এসভিআরএসের কার্যক্রম দৃঢ় করার লক্ষ্যে এটির জরিপের তথ্য সংগ্রহ প্রক্রিয়ায় ২০০২ সালে প্রতিবন্ধিতা ও তালাক/বিবাহবিচ্ছেদ শীর্ষক দুটি নতুন তফসিল সংযুক্ত করা হয়। ২০২২ সাল হতে মাতৃস্বাস্থ্য পরিবীক্ষণ এবং শিশুমৃত্যু ও মাতৃমৃত্যু হারের সঠিকতা নিশ্চিতকরণের লক্ষ্যে গর্ভবতী রেজিস্টার তফসিল অন্তর্ভুক্ত করা হয়েছে। ২০২৩ সালের জরিপের সময় প্রশ্নপত্রে বিভিন্ন বিষয়ের ওপর ১১টি স্বতন্ত্র তফসিল সংযুক্ত ছিল। সেসব তফসিলের সংক্ষিপ্ত বিবরণ নিচে তুলে ধরা হলো:

তফসিল ১ (খানার তালিকা প্রণয়ন): এ তফসিলে একটি পিএসইউতে অন্তর্ভুক্ত সকল খানার ক্রমিক ও হোল্ডিং নম্বরের পাশাপাশি প্রতিটি পিএসইউ-এর এলাকা পরিচিতি অন্তর্ভুক্ত থাকে। এতে প্রতিটি খানার জন্য পৃথক প্রশ্ন অন্তর্ভুক্ত রয়েছে, যেখানে খানাপ্রধান সম্পর্কে কিছু তথ্য ও খানায় জনসংখ্যার মাসিক হালনাগাদ পরিস্থিতি লিপিবদ্ধ করা হয়ে থাকে।

তফসিল ২ (হাউজহোল্ড কার্ড): এ তফসিলে দুটি মডিউল থাকে। মডিউল ১-এ খানা-সম্পর্কিত তথ্য ও মডিউল ২-এ জনসংখ্যা-সম্পর্কিত তথ্যাদি সংগ্রহ করা হয়। সব মিলে এ তফসিলে মোট ৩৫টি প্রশ্ন রয়েছে। টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) ও অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার উপাত্ত চাহিদার নিরিখে ২০২১ সাল হতে জরিপের সময় এ তফসিলে গুরুত্বপূর্ণ কিছু পরিবর্তন আনা হয়। আন্তর্জাতিক নির্দেশিকা ও এসডিজির প্রয়োজনীয়তার সঙ্গে সঙ্গতি রেখে উপাত্তের আন্তর্জাতিক মান নিশ্চিত করার জন্য কিছু প্রশ্নের রূপান্তর ও সংযোজন ঘটানো হয়েছে।

1.3 Survey Schedules

Sample Vital Registration System (SVRS) is a continuous surveillance system and has been in operation since 1980. Over time its scope and coverage have substantially increased. As a component of strengthening SVRS, two new modules, one on disability and another on divorce/separation have been added to the data collection system in 2002. Since 2022, a new schedule on Pregnant Register has been added to monitor the maternal health and increase the accuracy of child and maternal mortality. There are altogether 11 independent schedules on different topics in SVRS 2023. A brief description of each of these schedules is provided below:

Schedule 1 (Household Listing): It contains the area identification of each PSU along with holding number and household number of all the households of the PSU. There is relevant question for each household where some information of head of the household and monthly updates of population is recorded.

Schedule 2 (Household Card): This schedule has two modules. In module 1, household related data and in module 2 population related data are collected. In all, there are 35 questions. A significant change has been adopted since 2021 to incorporate the data need of Sustainable Development Goals and 8th Five Year Plan. Few questions have been modified to adopt the international standard aligning with SDGs and relevant international guidelines. It is

তফসিল ৩ (জন্ম): জন্মসংক্রান্ত তফসিলে শিশুর জীবিত জন্মের বিষয়ে ১০টি ও নবজাতকের মায়ের বিষয়ে ৬টি প্রশ্ন অন্তর্ভুক্ত রয়েছে। একটি পিএসইউতে যখন কোনো শিশু ভূমিষ্ঠ হয়, তখন ওই পিএসইউ'র দায়িত্বে থাকা স্থানীয় রেজিস্ট্রার এসংক্রান্ত তফসিলের তথ্যাদি এন্ট্রি করে থাকেন।

তফসিল ৪ (মৃত্যু): মৃত্যু সংক্রান্ত তফসিলে জরিপ পঞ্জিকা বর্ষে মৃত ব্যক্তি সংক্রান্ত ১৩টি প্রশ্ন অন্তর্ভুক্ত রয়েছে। মৃত্যু সংঘটিত হওয়ার পরবর্তী মাসে এ তফসিলটি পূরণ করা হয়। স্থানীয় রেজিস্ট্রার কর্তৃক তথ্য সংগ্রহের পর তা কেন্দ্রীয় সার্ভারে পাঠানো হয়।

তফসিল ৫ (বিবাহ): একটি পিএসইউ'র মধ্যকার জনগোষ্ঠীর মধ্যে কোনো বিবাহ সম্পন্ন হওয়ার বিষয়ে এ-সংক্রান্ত তফসিলে মোট ৯টি প্রশ্ন অন্তর্ভুক্ত রয়েছে। সাধারণত পূর্ববর্তী মাসে সংঘটিত বিবাহ-সংক্রান্ত ঘটনাগুলো লিপিবদ্ধ করে সার্ভারে তা পাঠানো হয়।

তফসিল ৬ (তালাক/দাম্পত্য বিচ্ছিন্ন): তালাক ও দাম্পত্য বিচ্ছিন্নের বিষয়ে এ তফসিলে মোট ১৭টি প্রশ্ন অন্তর্ভুক্ত রয়েছে। সংগৃহীত তথ্য সার্ভারে দ্রুততম সময়ে পাঠানো হয়।

তফসিল ৭ (বহির্গমন): এ-সংক্রান্ত তফসিলের আওতায় আভ্যন্তরীণ বহির্গমন ও বৈদেশিক অভিবাসন বিষয়ে মোট আট ধরনের উপাত্ত সংগ্রহ করা হয়। এগুলো সার্ভারে তথ্য সংগ্রহের পর প্রতি মাসে প্রেরণ করা হয়।

তফসিল ৮ (অভ্যন্তরীণ আগমন): দেশের অভ্যন্তর ও আন্তর্জাতিক পর্যায়ে হতে আগমন বিষয়ে এ তফসিলে আটটি প্রশ্ন অন্তর্ভুক্ত আছে। এ-সংক্রান্ত তথ্যাদিও সার্ভারে তথ্য সংগ্রহের পরপরই প্রেরণ করা হয়।

তফসিল ৯ (জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার): জন্মনিয়ন্ত্রণ, জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার ও জন্মনিয়ন্ত্রণের অপূর্ণ চাহিদা বিষয়ে তথ্য সংগ্রহের জন্য এ তফসিলে মোট ৩৪টি প্রশ্ন অন্তর্ভুক্ত রয়েছে। জন্মনিয়ন্ত্রণের অপূর্ণ চাহিদা মডিউলটি ২০২১ সাল হতে অন্তর্ভুক্ত করা হয়েছে।

তফসিল ১০ (প্রতিবন্ধিতা): এ-সংক্রান্ত তফসিলে আটটি প্রশ্ন অন্তর্ভুক্ত আছে। এ প্রশ্নগুলোর মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তির বিষয়ে তার বয়স, লিঙ্গ, প্রতিবন্ধিতার ধরন এবং প্রতিবন্ধী হয়ে পড়ার কারণ সম্পর্কে তথ্য সংগ্রহ করা হয়। জাতিসংঘ ঘোষিত প্রতিবন্ধী ব্যক্তির অধিকারের সনদে (সিআরপিডি) অনুস্বাক্ষরকারী দেশ হিসেবে বাংলাদেশ ২০১৩ সালে প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সংরক্ষণের বিষয়ে 'প্রতিবন্ধী ব্যক্তির অধিকার সংরক্ষণ আইন, ২০১৩' শীর্ষক একটি আইন প্রণয়ন করে। সে আইনের আলোকে প্রতিবন্ধী ব্যক্তিদের তথ্য সংগ্রহের জন্য তাদের শারীরিক প্রতিবন্ধিতার ধরন অনুযায়ী বিভিন্ন ধরনের লক্ষণভিত্তিক প্রশ্নমালা প্রণয়ন করা হয়েছে। কর্মে প্রতিবন্ধিতা সংক্রান্ত

generally canvassed in the month of January of each year.

Schedule 3 (Birth): The birth schedule has 10 questions on live births and 6 questions about the mother of the children. The schedule is filled-in by the local registrar as and when a birth occurs in the PSU.

Schedule 4 (Death): The death schedule contains 13 questions related to the particulars of the deceased persons who died during the index calendar year. It is filled-in at the following month of death occurs and is sent to the server in a regular manner.

Schedule 5 (Marriage): The marriage schedule contains 9 questions about the occurrence of marriage among the population of the PSU during in the preceding month and is sent to the server.

Schedule 6 (Divorce/Separation): This schedule has 17 questions about divorce and separation. It is also sent to the server on an urgent basis.

Schedule 7 (Out-Migration): This schedule is used to collect 8 different types of data about domestic out-migration and international migration. It is sent to the server every month on regular basis.

Schedule 8 (In-Migration): This schedule contains 8 questions related to in-migration from other domestic areas and abroad. This is also sent to the server immediately.

Schedule 9 (Contraceptive use): This schedule containing 34 questions is used to collect data about family planning, methods of contraceptives used and unmet need of contraceptive use. The unmet need for contraceptives module has been added in 2021.

Schedule 10 (Disability): This schedule has 8 questions and is used to collect data about the disabled persons by age and sex, type of disability and reasons behind becoming disabled. To identify the disabled persons a filtering questions with the sign and symptoms of disabilities and functional difficulties has been set aligning with the Rights and Protection of Persons with Disabilities Act, 2013 in response to the endorsement of United Nations Convention on the Rights of the Persons with Disabilities (CRPD) by Bangladesh. The schedule also reflects the Washington Group on Disability

প্রতিবন্ধিতার বিষয়ে প্রণীত ওয়াশিংটন গ্রুপের প্রতিবন্ধিতা পরিসংখ্যানের নির্দেশনাবলিও এ তফসিলে সংযুক্ত করা হয়েছে।

তফসিল ১১ (গর্ভবতী রেজিস্টার): বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রমিত মান অনুযায়ী মাতৃস্বাস্থ্য সম্পর্কিত তথ্য সংগ্রহ এবং সন্তান জন্ম দেয়ার ৪২ দিন পর্যন্ত গর্ভবতী নারীদের পর্যবেক্ষণ করার জন্য ‘গর্ভবতী রেজিস্টার’ নামে একটি নতুন তফসিল সংযোজন করা হয়েছে। এতে গর্ভবতী নারীদের বয়স, পূর্ববর্তী গর্ভধারণের ইতিহাস, গর্ভাবস্থা শেষ হবার প্রক্রিয়া, গর্ভপাতের ক্ষেত্রে ভ্রূণের লিঙ্গ-প্ৰীতি, প্রত্যাশিত প্রসবের তারিখ, জীবিত শিশুদের সংখ্যা ইত্যাদিসহ ১৫টি প্রশ্ন রয়েছে। ডেলিভারির প্রত্যাশিত তারিখের ভিত্তিতে প্রতি মাসে জন্মের প্রত্যাশিত সংখ্যা পর্যবেক্ষণ করা হয়ে থাকে।

১.৪ তথ্য সংগ্রহ

পূর্বে অনুসৃত দ্বৈত রেকর্ডিং পদ্ধতির পরিবর্তে প্রথমবারের মতো ২০২৩ সালের এসভিআরএস-এ জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক/দাম্পত্য বিচ্ছিন্ন, আগমন ও বহির্গমন, জন্মনিয়ন্ত্রণ পদ্ধতির ব্যবহার, প্রতিবন্ধিতা ও গর্ভধারণের মতো গুরুত্বপূর্ণ জনঘটনা বিষয়ে একক পদ্ধতিতে তথ্য সংগ্রহ করা হয়েছে। প্রতিটি পিএসইউতে নিয়োজিত একজন স্থানীয় নারী রেজিস্ট্রার তার দায়িত্বপ্রাপ্ত এলাকায় নির্দিষ্ট তফসিলের মাধ্যমে কম্পিউটার অ্যাসিসটেড পারসোনাল ইন্টারভিউয়িং (CAPI) পদ্ধতিতে জনঘটনা সংঘটিত হওয়ার পর পরবর্তী মাসে তথ্য সংগ্রহ করেন। স্থানীয় রেজিস্ট্রার নিয়মিতভাবে বিভিন্ন ঘটনাবলির তথ্য সংগ্রহ করে তা স্বয়ংক্রিয়ভাবে কেন্দ্রীয় সার্ভারে পাঠিয়ে থাকেন।

১.৫ উপাত্তের শুদ্ধতা যাচাই

ট্যাপ কল/পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহের ক্ষেত্রে শহর ও পল্লি জনপদের মধ্যে বিস্তার ব্যবধান বিদ্যমান। সামগ্রিকভাবে দেশে ১০.৬ শতাংশ খানায় পাইপলাইনের মাধ্যমে ট্যাপে সরবরাহকৃত পানি পান করা হয়। এর মধ্যে সিটি করপোরেশন এলাকায় ৬৯.৩ শতাংশ খানায়ই এ প্রক্রিয়ায় পানি সরবরাহ করা হয়। পৌরসভা/অন্যান্য শহরের ১৬.৮ শতাংশ খানায় পাইপলাইনের মাধ্যমে পানি সরবরাহ করা হয়। আর পল্লি অঞ্চলের মাত্র ৩.০৮ শতাংশ খানায় এ পদ্ধতিতে পানি সরবরাহ হয়। খাবার পানির অন্যান্য উৎসগুলো হলো বোতল/জার, সুরক্ষিত ও অরক্ষিত কূপ, পুকুর বা খাদ, নদী, খাল, ট্যাংকার-ট্রাক, রিভার্স-অসমোসিস প্ল্যান্ট এবং পানির এটিএম বুথ। এছাড়া বৃষ্টির পানি ০.৬ শতাংশ খানার খাবার পানির উৎস। ঢাকার নগরজীবনে ঢাকা ওয়াসা কর্তৃক পরিচালিত পানির এটিএম বুথ খাবার পানির উৎসে একটি নতুন মাত্রা যোগ করেছে, যা বর্তমানে খানা পর্যায়ে ০.১ শতাংশ পানির সরবরাহ নিশ্চিত করেছে। রিভার্স অসমোসিস প্ল্যান্ট উপকূলীয় এলাকায় সুপেয় পানির সরবরাহ নিশ্চিত করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এ উৎস থেকে বরিশাল বিভাগে ১.০৬ শতাংশ এবং খুলনা বিভাগে ১.৯ শতাংশ পানির সরবরাহ নিশ্চিত হচ্ছে।

নিরাপদ খাবার পানির পরিষেবা পাওয়ার জন্য খাবার পানির উৎস/বিন্দুর অবস্থান অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাংলাদেশের ১৬.৩৮

2.4.1 Sources of Drinking Water

Access to safe drinking water is a pre-condition for ensuring better hygiene and health to the members in any community as it is positively associated with several diseases that include, among others, diarrhoea, cholera, skin disease, ARI and other waterborne diseases. The survey results show that in the area, the use of tube-well as a source of drinking water has increased to 86.38 percent in 2023 from 86.20 percent in 2022. The use of tube-well as a source of drinking water in rural area is 93.82 percent (Tube-well (Shallow) 37.02% Deep Tube-well 56.80%). In contrast 27.15 percent of the city corporation areas and 81.05 percent in Paurashava/other urban households have access to this improved source of water.

At the divisional level, tube-well (Shallow) use varies from as low as 21.11 percent in Rajshahi division to as high as 85.32 percent in Barishal division and tube-well (Deep) use varies from as low as 7.4 percent in Barishal division to as high as 76.3 percent in Rangpur division.

The use of tap/piped (supply) water varies widely between urban spectrums and rural areas. With an overall use of 10.6 percent, the tap/piped water users account for about 69.3 percent in the city corporation areas, 16.8 percent in Paurashabha /other urban areas and only 3.08 percent in the rural areas. Other sources of drinking water are bottled/jar, protected and unprotected wells, pond or ditch, river, canal, tanker-truck, reverse-osmosis plant, water ATM booth and 0.6 percent household use rainwater as for their drinking sources of water. In the city life of Dhaka, water ATM booth, the new dimension of fresh drinking water supplied by Dhaka WASA is contributing 0.1 percent in 2023 of water source at household level. Reverse Osmosis plants/PSF is playing a vital role in the coastal areas which accounts for 1.06 percent in Barishal division and 1.9 percent in Khulna division.

The location of drinking water sources/points is crucial for accessing safe water services. About 17 percent of the household in Bangladesh collects water from a source located outside of the premises. The locations of water sources are more likely outside the premises in rural areas (17.27%) than in urban spectrums (city corporation 14.51% and

শতাংশ খানা প্রাপ্তগণের বাইরে অবস্থিত উৎস থেকে পানি সংগ্রহ করে থাকে। খাবার পানির উৎসসমূহের অবস্থান শহরাঞ্চলের তুলনায় পল্লি এলাকায় (১৭.২৭%) প্রাপ্তগণের বাইরে অবস্থান বেশি (সিটি কর্পোরেশন ১৪.৫১ শতাংশ ও পৌরসভা/অন্যান্য শহর ১৩.১৬%)। বরিশাল বিভাগের প্রায় অর্ধেক খানা (৪৩.৬৭%) তাদের খাবার পানি সংগ্রহ করে তাদের খানার প্রাপ্তগণের বাইরে অবস্থিত উৎস থেকে; যেখানে খুলনা বিভাগের প্রায় এক-তৃতীয়াংশ (২৯.৪৭%) খানা এবং প্রায় এক-চতুর্থাংশ হারে খানা চট্টগ্রাম বিভাগ (২৪.০৩%) ও সিলেট বিভাগ (২৩.২৩%) প্রাপ্তগণের বাইরে অবস্থিত উৎস থেকে তাদের খাবার পানি সংগ্রহ করে থাকে।

বেশিরভাগ খানা (৯৬.০৬%) খানার বাইরের উৎস থেকে ৩০ মিনিট দূরত্বের মধ্যে খাবার পানি সংগ্রহ করতে পারে। খুলনা বিভাগের ক্ষেত্রে এ অবস্থার সবচেয়ে নাজুক চিত্র পরিলক্ষিত হয়। কারণ ১৩.৯৬ শতাংশ খানা তাদের বাড়ির বাইরে থেকে পানি আনতে ৩০ মিনিটের বেশি সময় ব্যয় করে থাকে। উপকূলীয় এ বিভাগে উন্নত উৎস থেকে সুপেয় খাবার পানি পাওয়ার ক্ষেত্রে জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট ঝুঁকি যেমন লবণাক্ততা একটি প্রধান সমস্যা হতে পারে।

জরিপের ফলাফল হতে দেখা যায় যে, প্রায় ৩.৮৯ শতাংশ খানা জানিয়েছে যে, তারা জরিপের পূর্ববর্তী মাসে প্রয়োজনের সময় খাবার পানির প্রাপ্যতা সংকটের মুখোমুখি হয়েছে। ময়মনসিংহ বিভাগ (৫.৪৫%) ও রাজশাহী বিভাগ (৫.১১%) ছাড়া পল্লি-শহর বা বিভাগ ভেদে নির্বিশেষে খাবার পানির প্রাপ্যতা সংকট প্রায় একই রকম ছিল।

যাহোক, তিন-চতুর্থাংশের বেশি খানার (৭০.৫৩%) নিরাপদ খাবার পানি পরিষেবায় অভিজ্ঞতা আছে বলে এ জরিপে উঠে এসেছে। পল্লি ও শহর (নগর ও পৌর শহর/অন্যান্য) ভেদে এবং বিভাগ ভেদে নিরাপদ খাবার পানি পরিষেবায় অভিজ্ঞতায় তারতম্য লক্ষ করা যায়। নিরাপদ ব্যবস্থাপনার খাবার পানি পরিষেবাবুজ্ঞ খানার অনুপাত সবচেয়ে বেশি পাওয়া যায় পল্লি এলাকায় (৭৭.৭৩%)। যেখানে অন্যান্য শহর এলাকায় সবচেয়ে কম (৭১.২৪%)। বিভাগীয় পর্যায়ে এ ব্যবধান ৪৯.৬ শতাংশ থেকে ৮৬.১৫ শতাংশের মধ্যে বিস্তৃত। জাতীয় গড়ের অনেক নিচে অবস্থান বরিশাল বিভাগে এ বিভাগে নিরাপদ উৎস খাবার পানিতে সবচেয়ে কম অভিজ্ঞতা (৪৯.৬%) রয়েছে এবং সবচেয়ে বেশি অভিজ্ঞতা (৮৬.১৫%) রয়েছে রংপুর বিভাগে।

২.৪.২ বিদ্যুতের উৎস

২০২৩ সালের জরিপে দেখা যায়, ৯৯.৩৫ শতাংশ খানায় বিদ্যুৎ সুবিধা রয়েছে। ২০২২ সালের জরিপের তুলনায় বিদ্যুৎ সংযোগ রয়েছে এমন খানার হার প্রায় অপরিবর্তিত রয়েছে। বিদ্যুতায়িত খানাগুলোর মধ্যে ৯৭.৫৪ শতাংশের ক্ষেত্রে জাতীয় গ্রিডের বিদ্যুতে অভিজ্ঞতা রয়েছে এবং ১.৮১ শতাংশ খানা সৌরবিদ্যুৎ

Paurashabha/other urban 13.16%)। About half of the households (43.67%) in Barishal division collect their drinking water from sources which are located outside of their premises while about one-third (29.47%) of households in Khulna division and about one-fourth households of Chattogram division (24.03%) and Sylhet division (23.23%) collect their drinking water from the sources located outside of their premises.

Most of the households (96.06%) can fetch drinking water from the sources within the distance of 30 minutes which are located outside of premises. The most vulnerable situation has been observed in the Khulna division as 13.96 percent of households spend more than 30 minutes of distance for fetching water located outside of their premises. The climate vulnerability including salinity might be the key issue in getting durable drinking water from improved sources of the coastal division.

The survey results show that 3.89 percent of households reported that they have faced the crisis of water unavailability when required during the last month. The crisis was almost similar irrespective of rural-urban or divisional perspective except Mymensingh division (5.45%) and Rajshahi division (5.11%).

However, more than three-fourths of the households (70.53%) have been identified as having access to safely managed drinking water services. The differences of coverages both among rural and urban spectrums and among the divisions were observed to be significant. The safely managed drinking water services were the highest in rural areas (77.73%) while the lowest in others urban areas (71.24%). The divisional level coverages varied from 49.60 percent to 86.15 percent. Access to safely managed drinking water services is lower than the national average in Barishal (49.6%), and the highest access to safely managed drinking water services is in Rangpur division (86.15%).

2.4.2 Sources of Electricity

The SVRS results of 2023 documented an overall electricity coverage of 99.35 percent households documenting almost unchanged situation since 2022. Among the electrified households, 97.54 percent of the households have access to national

ব্যবস্থার আওতায় রয়েছে। এছাড়া ব্যাকআপ জেনারেটর বা ড্রাইসেল ব্যাটারিভিত্তিক বিদ্যুৎ ব্যবহার করে মাত্র ০.০৯ শতাংশ খানা। জাতীয় পর্যায়ে মাত্র ০.৫৬ শতাংশ খানায় কোনো ধরনের বিদ্যুৎ সংযোগ নেই। বিদ্যুৎবিহীন খানার অনুপাত চট্টগ্রাম বিভাগে সর্বোচ্চ (০.৮৪%); বিশেষ করে পার্বত্য অঞ্চল ও চরাঞ্চলে বিদ্যুৎ সংযোগবিহীন খানার অনুপাত বেশি। এরপরের অবস্থান রাজশাহী বিভাগের, যেখানে ০.৮১ শতাংশ খানায় কোনো ধরনের বিদ্যুৎ সুবিধা নেই।

২.৪.৩ রান্নার জ্বালানির উৎস

এসভিআরএস ২০২৩ পর্বে, প্রায় অর্ধেক খানায় (৫০.২৩%) কাঠ/খড়ি/লাকড়ি রান্নার জ্বালানির প্রধান উৎস হিসেবে পরিলক্ষিত হয়েছে, এরপরে ব্যবহৃত প্রধান জ্বালানি হলো খড়/পাতা/তুষ/ভূষি যা প্রায় এক-চতুর্থাংশ (২১.৯০%) খানা ব্যবহার করে থাকে। পল্লি এলাকার বসবাসকারী খানার মধ্যে ৫৭.২৬ শতাংশ খানা; সিটি কর্পোরেশন এলাকার ৭.৮২ শতাংশ খানা এবং পৌরসভা/অন্যান্য শহরভুক্ত ৩৮.৫৫ শতাংশ খানা রান্নার জ্বালানির প্রধান উপকরণ হিসেবে কাঠ/খড়ি/লাকড়ি ব্যবহারের বিষয়টি রিপোর্ট করেছে; যা ২০২২ ছিল যথাক্রমে ৫৬.১ শতাংশ, ৮.৪ শতাংশ ও ৪০.০ শতাংশ। বিভাগসমূহের মধ্যে, রান্নার জ্বালানির প্রধান উৎস হিসাবে কাঠ/খড়ি/লাকড়ির ব্যবহারে দিক দিয়ে বরিশাল শীর্ষস্থানীয় অঞ্চল (৭৯.৭৩%) হিসাবে রয়েছে এবং ঢাকা বিভাগ এক্ষেত্রে সর্বনিম্ন অবস্থানে (৩২.০৪%)। সরবরাহকৃত প্রাকৃতিক গ্যাস ২০২২ সালে মোট খানার রান্নার জ্বালানির ১২.৯৬ শতাংশ অবদান রাখছে যা সিটি কর্পোরেশন এলাকায় প্রায় তিন-চতুর্থাংশ খানার (৭১.৪৮%) এবং পৌরসভা/অন্যান্য শহরাঞ্চলে এক-তৃতীয়াংশের কাছাকাছি (২৯.৮২%) খানা কর্তৃক ব্যবহৃত হয়। বিভাগসমূহের মধ্যে, ঢাকা বিভাগের মোট খানার এক-তৃতীয়াংশেরও বেশি (৩৬.১৪%) রান্নার প্রধান জ্বালানি হিসেবে পাইপলাইনে সরবরাহকৃত প্রাকৃতিক গ্যাস ব্যবহার করে এগিয়ে রয়েছে। শহরাঞ্চলের উভয় ধারায় এলপিগিজি দ্বিতীয় সর্বাধিক ব্যবহৃত রান্নার জ্বালানি হিসাবে লক্ষ করা যায়- পৌরসভা/অন্যান্য শহরাঞ্চলে ১৯.৩৬ শতাংশ ও সিটি কর্পোরেশন এলাকায় ১৭.৫৯ শতাংশ। সার্বিকভাবে রান্নার জ্বালানি হিসেবে এলপিগিজি গ্যাসের ব্যবহার ৫.৫৬ শতাংশ পয়েন্ট বৃদ্ধি পেয়েছে।

grid while 1.81 percent households are consuming solar panel. A backup system of electricity including generator, dry cell battery, etc. based electricity was observed in 0.09 percent households. The lowest percentage of households without any kind of electricity access (0.56%), with respect to the households without any electricity access. Chattogram Division has the highest percentage (0.84%). This percentage is especially high in hill tracts and Char areas and is followed by Rajshahi Division (0.81%) in terms of households without access to electricity.

2.4.3 Sources of Cooking Fuel

In the 2023 round of SVRS, wood/plank/timber is observed as a main source of cooking fuel for about half of the households (50.23%) followed by Straw/Leaves/ Chaff/ Husk/ Bran with almost one-fourth of households (21.90%). Nationally, the use of leading materials wood/plank/timber was reported by 57.26 percent of the residents of the rural areas while 7.82 percent of resident households of city corporation areas and 38.55 percent of Paurashava/other urban areas which was 56.1 percent, 8.4 percent, and 40.0 percent respectively, in the previous year 2022. Among the divisions, Barishal (79.73%) was observed as the leading region where wood/plank/timber is used as the main source of fuel while the Dhaka division (32.04%) found the lowest in using the same material as cooking fuel. Natural supply gas is contributing 12.96 percent of total households' cooking fuel in 2023 which is used by nearly three-fourths of households (71.48%) in city corporation areas and nearly one-third (29.82%) of households in Paurashava/other urban areas. Among the divisions, Dhaka division is leading with more than one-third (36.14%) of the total households in the division using supply gas as cooking fuel. LPG is observed as the second most used cooking fuel in both urban spectrums- 19.36 percent in Paurashava/Other urban areas and 17.59 percent in City Corporation areas. Overall, the use of LPG gas as cooking fuel has shown an increase of 5.56 percentage points.

২.৪.৪ পরিচ্ছন্ন জ্বালানি ও প্রযুক্তি

জরিপে দেখা যায়, পরিচ্ছন্ন জ্বালানি ও প্রযুক্তির ব্যবহার ২০২২ সালের তুলনায় বর্তমানে কিছুটা বেশি। রান্নার কাজে প্রতি ১০টি খানার বিপরীতে মাত্র ৩টি খানায় (৩০.৩৪%) পরিচ্ছন্ন জ্বালানি ও প্রযুক্তি ব্যবহার করে। পরিচ্ছন্ন জ্বালানি ও প্রযুক্তি ব্যবহারে সবচেয়ে বেশি এগিয়ে সিটি করপোরেশন এলাকা, ৯১.৩৩ শতাংশ খানার ক্ষেত্রে যা ২০২২ সালের তুলনায় ০.৭৩ শতাংশ পয়েন্ট বৃদ্ধি পেয়েছে। পৌরসভা/অন্যান্য শহর অঞ্চলে এ হার ৫৫.৩৭ শতাংশ এবং পল্লি অঞ্চলে সবচেয়ে কম ১৮.৪৫ শতাংশ। বিভাগসমূহের মধ্যে পরিচ্ছন্ন জ্বালানি ও প্রযুক্তির ব্যবহারে সবচেয়ে এগিয়ে সিলেট বিভাগ (৬২.৭২%)। পরবর্তী অবস্থানে রয়েছে ঢাকা বিভাগ (৪৯.৪১%)। পরিচ্ছন্ন জ্বালানি ও প্রযুক্তির ব্যবহার সবচেয়ে কম রংপুর বিভাগে। সেখানে এ ধরনের জ্বালানি ব্যবহার করা হয় মাত্র ১০.৩৬ শতাংশ খানায়।

২.৪.৫ পয়ঃব্যবস্থাপনা সুবিধা

নিরাপদ ও মৌলিক ব্যবস্থাপনায় পয়ঃব্যবস্থাপনা সুবিধার আওতাভুক্ত খানার অনুপাত পরিমাপ করার জন্য এসডিজি ৬-এর প্রয়োজনীয়তার আলোকে ২০২৩ সালের এসভিআরএস হতে স্যানিটেশন সুবিধার বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়। সমন্বিত পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ব্যাপকভাবে চালু না হওয়ায় দেশের মোট খানার মাত্র ৫.৫৭ শতাংশ এবং সিটি করপোরেশন এলাকার ৪০.২৩ শতাংশ খানা স্যুয়েরেজ সিস্টেমে ফ্ল্যাশ করার ব্যবস্থার মাধ্যমে পয়ঃবর্জ্য নিষ্কাশন করে থাকে। এ সুবিধা চালু আছে একমাত্র ঢাকা শহরে। ঢাকা বিভাগের ১৭.৪০ শতাংশ খানায় সরাসরি ফ্ল্যাশ করে স্যুয়েরেজ ব্যবস্থায় পয়ঃবর্জ্য অপসারণের সুযোগ ব্যবহার করা হচ্ছে। এ বিভাগে সর্বাধিক সংখ্যক খানার সদস্যরা স্লাবসহ পিট ল্যাট্রিন ব্যবহার করে। ২৬.২৭ শতাংশ খানা সেফটি ট্যাংকে মল ফ্ল্যাশ করে এবং ২৪.৭ শতাংশ খানা সুরক্ষিত গর্তে ফ্ল্যাশ করে। এছাড়াও অন্যান্য ধরনের স্যানিটেশন সুবিধার মধ্যে, স্লাবসহ একক গর্তে (২৪.৪৫%) এবং স্লাবসহ জোড়া গর্ত সুবিধা (৫.৩৪%) খানার স্যানিটেশন সুবিধার একটি উল্লেখযোগ্য অংশ। খানার নিজস্ব কোনো শৌচাগার নেই যারা মূলত অন্য খানার শৌচাগার ভাগাভাগি করে ব্যবহার করে কিংবা খোলা জায়গায় মলত্যাগ করে এমন পরিস্থিতি বলতে গেলে একবারেই নগণ্য, যা কিছু কিছু পল্লি এলাকায় (০.৯৪%) দেখা যায়। এ প্রবণতা মূলত রংপুর বিভাগে কেন্দ্রীভূত (৩.৪৩%)।

জরিপে দেখা যায়, স্যানিটেশন পরিষেবার জন্য প্রতি চারটি খানার মধ্যে একটির বেশি খানা ভাগাভাগি করে ল্যাট্রিন ব্যবহার করে থাকে; যা ২০২২ সালের তুলনায় কিছুটা (০.৭৩%) হ্রাস পেয়েছে। ল্যাট্রিন ভাগাভাগি করে ব্যবহার করার চিত্র সবচেয়ে বেশি সিটি করপোরেশন এলাকায় সিটি এলাকায় মোট খানার প্রায় এক-তৃতীয়াংশ (২৮.৯৭%) শৌচাগার সুবিধা ভাগাভাগি করে। এ হার পল্লি এলাকা (২৫.৮৮%) ও পৌরসভা/অন্যান্য শহর অঞ্চলে (২৪.৩১%) উভয়ের তুলনায় তুলনামূলকভাবে বেশি। বিভাগীয়

2.4.4 Clean Fuel and Technology

The use of clean fuel and technology is showing an increased level of use compared to 2022. Among every 10 households only 3 households (30.34%) use clean fuel and technologies in cooking arrangements. This rate is very high in City Corporation areas with 91.33 percent; increased by 0.73 percentage point than 2022. The second most localities (55.37%) fall Paurashava/other urban areas and the lowest rural areas (18.45%). Among the divisions, use of clean fuel and technology found to be the highest in Sylhet division (62.72%) followed by Dhaka division (49.41%). Use of clean fuel and technology was the lowest in Rangpur division with only 10.36 percent.

2.4.5 Sanitation Facilities

The of toilet facility issues have been adopted since SVRS 2023 considering SDG 6 requirements to measure the coverage of basic and safely managed sanitation facilities. As the sewerage system has not widely been introduced, only 5.57 percent of the total households and 40.23 percent of city corporation areas use flash toilet disposing the faecal sludges to sewerage system. This system is available in Dhaka city only. Flash to sewerage system is available among the households of Dhaka division 17.40 percent households. Flash to safety tank bears the highest share (26.27%) among toilet facility type followed by flash to protected pit with 24.7 percent households. Among the other types of sanitation facilities, a single pit with a slab (24.45%) and a twin pit with a slab (5.34%) also holds a mentionable share of household sanitation facilities. A very negligible share of households (0.94%) observed with no latrine/open space who defecates in open spaces or shares latrines with other households. This phenomenon is concentrated highly in rural areas. In division, this phenomenon is concentrated with a high prevalence in the Rangpur division (3.43%).

More than one in every four households uses shared toilet facilities for their sanitation services showing a slight decrease in 2023f (0.73%) from 2022. Toilet sharing is the highest with about one-third (28.97%) of the total households in City Corporation areas which is comparatively higher


পর্যায়ের হিসাবে দেখা যায়, শৌচাগার ভাগাভাগি সবচেয়ে বেশি পরিলক্ষিত হয় রাজশাহী বিভাগে (৩২.৯১%)। তারপরের অবস্থানে থাকা ময়মনসিংহ বিভাগ (৩১.৫৮%) ও ঢাকা বিভাগে এ হার ২৯.৭৫ শতাংশ।

বর্তমানে জাতীয় পর্যায়ে মৌলিক স্যানিটেশন সুবিধা ব্যবহারকারী খানার অনুপাত ৬৯.৬৮ শতাংশ। এসভিআরএস ২০২৩-এ দেখা যায়, নিরাপদ স্যানিটেশন সুবিধা ব্যবহারের অনুপাত সবচেয়ে বেশি পৌরসভা/অন্যান্য শহুরে সেখানে ৭৩.৬৯ শতাংশ খানা নিরাপদ স্যানিটেশন সুবিধা ব্যবহার করে। পল্লি অঞ্চলে এ হার ৬৮.৭ শতাংশ এবং সিটি করপোরেশন এলাকায় তা ৭০.৭৩ শতাংশ। বিভাগ পর্যায়ে চিত্র পর্যালোচনা করলে দেখা যায়, নিরাপদ স্যানিটেশন ব্যবস্থা ব্যবহারের হার সবচেয়ে বেশি বরিশাল বিভাগে সেখানে ৮৫.৭৬ শতাংশ খানা নিরাপদ স্যানিটেশন সেবার আওতায় রয়েছে। এর পরের অবস্থানে রয়েছে সিলেট বিভাগে সেখানে এ হার ৭৫.১৫ শতাংশ এবং খুলনা বিভাগে ৭৪.৪ শতাংশ। নিরাপদ স্যানিটেশন ব্যবহারে সবচেয়ে পিছিয়ে ময়মনসিংহ বিভাগ (৫৯.৯১%)।

than both rural areas (25.88%) and Paurashava/other urban areas (24.31%). Among the divisions toilet sharing is the highest in Rajshahi division (32.91%) followed by Mymensingh division (31.58%) and Dhaka division (29.75%).

Coverage of basic sanitation facilities stands at 69.68 percent. SVRS 2023 shows that safely managed sanitation service is the highest (73.69%) in Paurashava/other urban areas than rural areas (68.70%) and City Corporation areas (70.73%). The coverage of safely managed sanitation services among the divisions portrayed the highest prevalence in Barishal with 85.76 percent followed by Sylhet with 75.15 percent and Khulna with 74.4 percent. Households in Mymensingh division found the lowest (59.91%) with safely managed sanitation services.

Figure 2.2: Households Using Basic Sanitation Services, SVRS 2023




২.৪.৬ মৌলিক স্বাস্থ্যবিধি (সাবান ও পানিসহ হাতধোয়ার ব্যবস্থা)

প্রতি পাঁচটি খানার বিপরীতে তিনটির বেশি খানার (৬৫.১৪%) নিজ আঙিনার মধ্যেই সাবান ও পানির উপস্থিতিসহ পৃথক হাতধোয়ার ব্যবস্থা রয়েছে। ২০২২ সালের (৬৩.২%) তুলনায় এসভিআরএস ২০২৩ সালে এ হার কিছুটা বৃদ্ধি পেয়েছে। ২০২০ সালে কোভিড-১৯ সংক্রমণ ছড়িয়ে পড়ায় হাতধোয়ার ক্ষেত্রে দেশে সচেতনতা ব্যাপক বিস্তার (৭১.০%) থেকে যদিও এটি তুলনামূলক অনেক কমা সাবান ও পানিসহ হাতধোয়ার সুবিধার হার সিটি করপোরেশন এবং পৌরসভা/অন্যান্য শহর উভয় ধরনের শহরাঞ্চলেই বেশি সিটি করপোরেশন এলাকায় এ হার ৮০.৬৫ শতাংশ এবং পৌরসভা/অন্যান্য শহরাঞ্চলে ৭৪.৭২ শতাংশ। বিভাগীয় পর্যায়ে হিসাবে দেখা যায়, খুলনা বিভাগে এ হার সর্বোচ্চ ৭৩.১৪ শতাংশ; এরপর রয়েছে রাজশাহী বিভাগে ৭২.৮ শতাংশ। বিভাগগুলোর মধ্যে সর্বনিম্ন অবস্থানে রয়েছে ময়মনসিংহ বিভাগ; যেখানে ৪৪.৭৪ শতাংশ খানায় সাবান ও পানিসহ হাতধোয়ার সুবিধা রয়েছে।

2.4.6 Basic Hygiene (Handwashing Facility with Soap and Water)

More than three in every five households (65.14%) have separate handwashing facilities within the premises with soap and water. A slight upward trend is observed in SVRS 2023 than in 2022 (63.2%); though it is significantly lower than the situation during the COVID-19 pandemic when it was highly prevalent (71.0%). The handwashing facilities with soap and water are high in both urban spectrum that is 80.65 percent in City Corporation areas and 74.72 percent in Paurashava/Other urban areas. Among the divisions, Khulna division possess the highest coverage with 73.14 percent households having handwashing facilities with soap and water followed by Rajshahi Division with 72.8 percent. The lowest coverage of handwashing facilities with soap and water was observed in Mymensingh Division (44.74%).

Figure 2.3: Households Having Separate Handwashing Facilities with Soap and Water, SVRS 2023




২.৪.৭ বাসগৃহের ভোগদখলের অধিকার ও মালিকানা

এসভিআরএস ২০২৩-এ বাসগৃহের ভোগদখলের অধিকার ও মালিকানার বিষয়টি বিশদভাবে অন্তর্ভুক্ত করা হয়েছে। জরিপে দেখা যায়, ৮০.৯১ শতাংশ খানা নিজস্ব বাসগৃহে বসবাস করেন এবং অন্য কোথাও তাদের বাসগৃহ নেই। সিটি কর্পোরেশন এলাকায় এক-পঞ্চমাংশ (২০.৬০%) খানার সদস্যরা নিজস্ব বসতঘরে বসবাস করেন। পল্লি অঞ্চলে এ হার ৯১.৮৯ শতাংশ এবং পৌরসভা/অন্যান্য শহরাঞ্চলে ৫৯.৭৩ শতাংশ। বিভাগীয় পর্যায়ে হিসাবে দেখা যায়, রাজশাহী বিভাগের বেশিরভাগ খানার সদস্যরা নিজস্ব বসতঘরে বাস করেন (৯২.৫৫%)। এর পরের অবস্থানে রয়েছে রংপুর বিভাগ, সেখানে ৯১.৫৫ শতাংশ এবং ময়মনসিংহ বিভাগের ৮৯.২৪ শতাংশ খানার সদস্যরা নিজস্ব মালিকানাধীন বসতবাড়িতে বসবাস করেন। প্রায় ৪ শতাংশ খানা নিজ মালিকানাধীন বাসগৃহে বাস করেন, আবার তাদের অন্য স্থানেও বাসগৃহ রয়েছে। প্রতি ১০টি খানার বিপরীতে একটি বেশি খানা যারা ভাড়াভিত্তিক বাসগৃহে বসবাস করে থাকেন, আবার দেশে অন্য কোথাও তাদের নিজস্ব অন্য বাসগৃহও রয়েছে। আর ভাড়া বাড়িতে অবস্থানকারী ২.৬৩ শতাংশ খানার সদস্যদের অন্য কোথাও নিজস্ব বাসগৃহ নেই। প্রায় ৩.৯২ শতাংশ খানার সদস্যদের বসবাসের জন্য দেশের কোথাও নিজস্ব কোনো বাসগৃহ নেই। তারা সাধারণত ভাড়া বাড়ি বা বিনা ভাড়ায় বসবাস করে থাকেন।

2.4.7 Tenure Rights and Ownership of Dwelling Houses

In SVRS 2023, Tenureship of dwelling houses were covered in a wide range of categories. It was reported that 80.91 percent of households live in their own houses and don't have any other dwelling houses elsewhere. The ownership of dwelling houses is one-fifth (20.60%) in City Corporation areas while 91.89 percent in Rural areas and 59.73 percent in Paurashava/other urban areas. Among the divisions, most of the household members of Rajshahi division live in their own dwelling houses (92.55%) followed by Rangpur division (91.55%) and Mymensingh division (89.24%). Nearly percent of households are in their in own dwelling and also possess houses elsewhere. More than one in every ten households live in rented houses but have own houses elsewhere. Further, 2.63 percent of households stay in rented houses and don't have any houses anywhere. As much as 3.92 percent of households don't have own houses for dwelling anywhere in Bangladesh who are generally dwelling in rented or rent-free houses.

Figure 2.4: Proportion of Households Don't have Own Dwelling Houses by Locality and division, SVRS 2023




২.৪.৮ বাসগৃহের সাবলেট অবস্থা

নিম্ন, মধ্যম ও সীমিত আয়ের জনগোষ্ঠীর মধ্যে বসতবাড়ি সাবলেট দেওয়ার বিষয়টি একটি সাধারণ অভিযোজন কৌশল, যা সাধারণত শহরাঞ্চলে প্রচলিত। জরিপের ফলাফলে দেখা যায়, ৪.১ শতাংশ খানা সাবলেট ভিত্তিতে তাদের বাসগৃহ ভাড়া নেয় এবং ০.৮৬ শতাংশ খানা নিজেদের বাসগৃহের অংশবিশেষ সাবলেট প্রদান করে ঘর ভাগাভাগি করে বসবাস করে। সিটি করপোরেশন এলাকায় সাবলেটের প্রবণতা বেশি পরিলক্ষিত হয়। সেখানে ৭.০৯ শতাংশ খানা তাদের বাসগৃহ ভাড়া নেয় এবং ২.১৮ শতাংশ খানা নিজেদের বাসগৃহের অংশবিশেষ সাবলেট প্রদান করে ঘর ভাগাভাগি করে বসবাস করে। বিভাগীয় পর্যায়ে হিসাবে সাবলেট ব্যবস্থা সবচেয়ে বেশি প্রচলিত সিলেট বিভাগে। সেখানে ৯.১২ শতাংশ খানা সাবলেট ভিত্তিতে বসবাস করে। এর পরের অবস্থানে রয়েছে ঢাকা বিভাগ। এ বিভাগে ৪.৭৪ শতাংশ খানা সাবলেট হিসেবে বসবাস করে। সাবলেট ব্যবস্থা সাধারণত শহরাঞ্চলের সংস্কৃতি হলেও পল্লি অঞ্চলেও এ ব্যবস্থা পরিলক্ষিত হয়। সেখানে এ ব্যবস্থায় বসবাস করে ৩.৪৮ শতাংশ খানা।

2.4.8 Sublet Status of Dwelling Houses

Subletting of dwelling houses is a common adaptation strategy among the low, medium, and limited income groups which is commonly prevalent in urban areas. The result shows that 4.1 percent of household members took sublet of the dwelling rooms while 0.86 percent of households gave sublet and shared their dwelling houses. The practice of sublet taking was the highest in City Corporation areas as 7.09 percent of households took sublets while 2.18 percent households shared their dwelling on sublet basis. Among the divisions, sublet practice is found to be the highest in Sylhet division (9.12%) followed by Dhaka division (4.74%). Though subletting practice is common in urban areas, but it is also prevalent in rural areas (3.48%).

Figure 2.5: Sublet Status of Households by Locality and division, SVRS 2023



২.৪.৯ খানার বস্তি অবস্থা/মর্যাদা

ইউএন-হ্যাবিট্যাটের ‘ওয়ার্ল্ড সিটিস রিপোর্ট, ২০১৬’ অনুসারে, বিশ্বব্যাপী শহরাঞ্চলে বসবাসকারী প্রতি চারজনের মধ্যে একজন এমন বাসস্থানে বসবাস করে, যা তার স্বাস্থ্য, নিরাপত্তা, সমৃদ্ধি ও সুযোগের জন্য ক্ষতিকর। অনানুষ্ঠানিক বসতি ও বস্তিঘরের একটি সাধারণ সীমাবদ্ধতা হলো সেখানে মৌলিক পরিষেবাগুলোর প্রাপ্যতার তীব্র সংকট বিরাজমান। বিশ্বব্যাপী ২৪০ কোটি (২.৪ বিলিয়ন) মানুষ উন্নততর স্যানিটেশন সেবা থেকে বঞ্চিত এবং ২০০ কোটি (২ বিলিয়ন) মানুষ পানির সংকটে ভোগে। এসডিজির ১১.১ লক্ষ্যমাত্রায় উল্লেখ করা হয়েছে, ‘২০৩০ সালের মধ্যে সবার জন্য সম্পূর্ণ, নিরাপদ ও সাশ্রয়ী আবাসন এবং মৌলিক পরিষেবাগুলো নিশ্চিত করতে হবে এবং বস্তিগুলোর অবস্থার উন্নতি ঘটাতে হবে। এ অগ্রগতির বিষয়টি ১১.১.১ সূচকের মাধ্যমে পরিমাপ করা হবে। সূচকটির শিরোনাম হলো ‘বস্তিতে বসবাসকারী শহরাঞ্চলের জনসংখ্যার অনুপাত, অনানুষ্ঠানিক বসতি বা অসম্পূর্ণ বাসস্থান’। বাসস্থানের বস্তি অবস্থা পরিমাপের জন্য এসডিআরএস-২০২১ হতে বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে। জরিপের ফলাফলে দেখা যায়, দেশের শহরাঞ্চলে অবস্থিত খানাসমূহের ৫.৫৪ শতাংশ বস্তিতে বসবাস করে। এর মধ্যে সিটি করপোরেশন এলাকার ১১.৫৯ শতাংশ এবং পৌরসভা ও অন্যান্য শহরাঞ্চলে ২.৫৭ শতাংশ খানা বস্তিতে বসবাস করে। বিভাগীয় পর্যায়ে হিসাবে দেখা যায়, বস্তি খানার অনুপাত সর্বোচ্চ সিলেট বিভাগে (৯.৮৪%)। এর পরের অবস্থানে রয়েছে ঢাকা বিভাগে (৬.৮৪%) এবং চট্টগ্রাম বিভাগ (৬.৫৮%)।

২.৪.১০ সকল মৌসুমে ব্যবহারযোগ্য সড়কে পল্লি এলাকার খানা এবং গণপরিবহনে নগরাঞ্চলের খানার অভিজগম্যতা

যোগাযোগ ব্যবস্থায় সংযোগ হলো অন্তর্ভুক্তিমূলক এবং টেকসই প্রবৃদ্ধির মৌলিক বিষয়। দারিদ্র্য বিমোচন এবং অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি উন্নীত করার জন্য, পল্লি এলাকায় সকল মৌসুমে ব্যবহার উপযোগী সড়ক ব্যবস্থায় পল্লি এলাকায় অবস্থিত খানার অভিজগম্যতা অপরিহার্য। এসডিজি অভিষ্ট ৯-এ অভিঘাত সহনশীল অবকাঠামো নির্মাণ, অন্তর্ভুক্তিমূলক এবং টেকসই শিল্পায়ন এবং উদ্ভাবনের বিষয়টি বিশেষ গুরুত্ব দেয়া হয়েছে। এসডিজি লক্ষ্যমাত্রা ৯.১ সকলের জন্য সহজলভ্য ও সমান অভিজগম্যতার ওপর জোর দিয়ে অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং মানবকল্যাণের অগ্রগতির জন্য মানসম্পন্ন, নিরাপদ, টেকসই এবং অভিঘাতসহনশীল অবকাঠামোর উন্নয়নের অঙ্গীকার ব্যক্ত করা হয়েছে। এ প্রেক্ষাপটে, এসডিআরএস ২০২২ পর্ব থেকে পল্লি এলাকায় বসবাসকারী খানাসমূহের সকল ঋতুতে ব্যবহার উপযোগী সড়কে অভিজগম্যতার অংশ হিসেবে পল্লি অভিজগম্যতা সূচক (RAI)-এর একটি প্রক্সি প্রাক্কলন প্রবর্তন করা হয়েছে।

2.4.9 Slum Status of Households

According to World Cities Report 2016 by UN-Habitat, about one in every four inhabitants in cities live in conditions that harm their health, safety, prosperity and opportunities all over the world. Lack of access to basic services is a common constraint in informal settlements and slums: worldwide 2.4 billion people live without improved sanitation and 2 billion are affected by water stress. SDG Target 11.1 has given commitment that “By 2030, ensure access for all to adequate, safe and affordable housing and basic services and upgrade slums” which will be measured through Indicator 11.1.1: “Proportion of urban population living in slums, informal settlements or inadequate housing.” To response the target Slum status of the households has been capturing since SVRS 2021. The SVRS 2023 result reveals that 5.54 percent of the urban households lives in slums, the proportion is 11.59 percent in City Corporation areas while 2.57 percent in Paurashava/other urban areas. The proportion of slum households is the highest in Sylhet division (9.84%) followed by Dhaka division (6.84%) and Chattogram Division (6.58%).

2.4.10 Access of Rural Households to All-Season Roads and Access to Public Transport by Urban Households

Transport connectivity is an essential part of the enabling environment for inclusive and sustained growth. To reduce poverty and support inclusive economic growth, rural access is the key. The Sustainable Development Goals (SDGs) aim to build resilient infrastructure, promote inclusive and sustainable industrialization, and foster innovation (Goal 9), for which Target 9.1 is to develop quality, reliable, sustainable and resilient infrastructure to support economic development and human well-being, with a focus on affordable and equitable access for all. At this context, access of rural households to all season road issues has been introduced as a proxy measure of Rural Access Index (RAI) since SVRS 2022 round.

The SVRS 2023 estimates that about nine households out of every ten outside of city areas

এসভিআরএস ২০২৩-এর প্রাক্কলন হতে দেখা যায় যে, বাংলাদেশের নগরাস্থলের বাইরে প্রতি দশটি খানার মধ্যে প্রায় নয়টি খানা (৯১.৯৪%) সকল মৌসুমে ব্যবহার-উপযোগী সড়কের দুই কিলোমিটারের মধ্যে অবস্থিত। পল্লি এলাকায় এটি প্রায় একই (৯১.৪১%); যেখানে পৌরসভা বা অন্যান্য শহরাস্থলে ৯৪.৪৩ শতাংশ খানা সকল মৌসুমে ব্যবহার-উপযোগী সড়কের দুই কিলোমিটারের মধ্যে বসবাস করে থাকে। বিভাগ ভেদে দেখলে বরিশাল বিভাগে সকল মৌসুমে ব্যবহার-উপযোগী সড়কে সর্বোচ্চ অভিজ্ঞতার সুযোগ রয়েছে (৯৪.৮৭%), তারপরে খুলনা বিভাগ (৯৩.৭৫%) এবং রংপুর বিভাগে ৯৩.২৮ শতাংশ। সিলেট বিভাগে মাত্র ৮০.১৩ শতাংশ খানা জানিয়েছে দুই কিলোমিটারের মধ্যে সকল মৌসুমে ব্যবহার-উপযোগী সড়কে অভিজ্ঞতা রয়েছে সবচেয়ে কম।

পাবলিক ট্রান্সপোর্টকে সুবিধাজনক বলে মনে করা হয় যখন সেটির স্টপেজ সড়ক নেটওয়ার্কের নিম্ন সক্ষমতাসম্পন্ন ব্যবস্থা যেমন বাস, বিআরটি ইত্যাদির ক্ষেত্রে ৫০০ মিটার হাঁটার দূরত্বের মধ্যে থাকে এবং/অথবা উচ্চ সক্ষমতা সম্পন্ন ব্যবস্থা থেকে ১ কিলোমিটার বা তার বেশি দূরত্ব (রেল, মেট্রোরেল, ফেরি, ইত্যাদি)। পাবলিক ট্রান্সপোর্ট বলতে বোঝায় ভাগাভাগি করে যাত্রী পরিবহনের যানবাহন যা জনসাধারণের কাছে প্রবেশগম্য এবং জনসাধারণের সুবিধার জন্য চলাচল করে থাকে। গাড়ি, বাস, ট্রেন, মেট্রোরেল, টেম্পো, অটোরিকশা ইত্যাদি হলো কোনো পূর্ব ব্যবস্থা ছাড়াই অপরিচিতজনদের সাথে ভাগাভাগি করে ব্যবহার করা গণপরিবহন পরিষেবা। হিউম্যান হলারের মতো অনানুষ্ঠানিক পরিবহন ব্যবস্থাকেও গণপরিবহন হিসেবে বিবেচনা করা হয়, তবে এটি লক্ষ করা উচিত যে, সেগুলো প্রায়শই নির্ধারিত রুট বা স্টপেজ ধরে যাতায়াত করে।

এসভিআরএস ২০২৩-এর ফলাফল হতে দেখা যায় যে, সামগ্রিকভাবে নগরাস্থলের ৯২.১৪ শতাংশ খানা জানিয়েছে যে তাদের গণপরিবহনে সুবিধাজনক অভিজ্ঞতা রয়েছে। গণপরিবহনে অভিজ্ঞতা সবচেয়ে বেশি পাওয়া যায় চট্টগ্রাম বিভাগে (৯৪.৭০%); এরপর ঢাকা বিভাগে (৯৩.১৮%)। সিলেট বিভাগ ৮৩.০০ শতাংশ নিয়ে অন্যান্য বিভাগের মধ্যে সর্বনিম্ন গণপরিবহন ব্যবস্থায় অভিজ্ঞতা রয়েছে।

২.৪.১১ শহর এলাকায় বর্জ্য সংগ্রহ মৌলিক পরিষেবায় অভিজ্ঞতা

শহরাস্থলের খানায় বর্জ্য সংগ্রহের মৌলিক পরিষেবায় অভিজ্ঞতা বলতে আনুষ্ঠানিক কর্তৃপক্ষ যেমন- পৌরসভা, সিটি কর্পোরেশন, ইত্যাদি এবং অনানুষ্ঠানিক যেমন: কমিউনিটি সংগঠন, কল্যাণ সমিতি যে কোনো ধরনের কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত নির্ভরযোগ্য বর্জ্য সংগ্রহ পরিষেবার অভিজ্ঞতা বোঝায়। এসডিজি ১.৪.১-এ খানায় মৌলিক পরিষেবার অন্যতম বর্জ্য সংগ্রহ সেবা এ পরিষেবা হতে পারে 'দ্বারে দ্বারে' কিংবা

(91.94%) is situated within the two kilometres of all-season roads in Bangladesh. In the rural areas it is almost the same (91.41%) while in the Paurashabha or other urban areas 94.43 percent of the households are located within the two kilometres of the all-season roads. Among the Divisions Barishal Division has the highest access (94.87%) to all-season roads followed by Khulna Division (93.75%) and Rangpur Division 93.28 percent. Sylhet Division with 80.13 percent reported the lowest access to all-season road within the two kilometres of the households.

The access to public transport is considered convenient when a stop is accessible within a walking distance along the street network of 500 meters from a reference point to a low-capacity public transport system (e.g. bus, Bus Rapid Transit) and/or 1 km to a high-capacity system (e.g. rail, metro, ferry). Public transport is defined as a shared passenger transport service that is available to the general public and is provided for the public good. It includes cars, buses, trains, metro rails, tempo, autorickshaw, etc. that are shared by strangers without prior arrangement. It may also include informal modes of transport (human-holler, paratransit, etc.)- but it is noted that these are often lacking in designated routes or stops.

The results show that overall 92.14 percent of city households reported that they have convenient access to public transport. The accessibility is the highest in Chattogram Division (94.70%) followed by Dhaka Division (93.18%). Sylhet Division with 83.00 percent has the lowest access to public transport among the other divisions.

2.4.11 Access to Basic Waste Collection Services in Urban Areas

Access to Basic Waste Collection Services by the households resides in urban areas refers to the access that the households enjoy a reliable waste collection service, including both formal (i. e., city corporation and Paurashabha) and informal sector services (i. e., community organization, welfare association, etc.). SDG 1.4.1 refers that a 'collection service' may be 'door to door' or by deposit into a

কমিউনিটি কন্টেইনারে জমা করার মাধ্যমে ‘সংগ্রহ’-এর মধ্যে রয়েছে পুনর্ব্যবহারযোগ্য সংগ্রহের পাশাপাশি প্রক্রিয়াকরণ ও অপসারণের উদ্দেশ্যে (যেমন- ভ্রাম্যমাণ বর্জ্য ক্রেতা কর্তৃক পুনর্ব্যবহারের উদ্দেশ্যে সংগ্রহসহ) ‘নির্ভরযোগ্য’ বলতে নিয়মিত-ধারাবাহিকতা অনুসরণ করে সংগ্রহ করা। এটি নির্ভর করবে স্থানীয় পরিস্থিতি ও ব্যবস্থাপনা এবং বর্জ্যের যে কোনো প্রাক-পৃথকীকরণের ওপর। উদাহরণস্বরূপ, মিশ্র বর্জ্য ও জৈব বর্জ্য উভয়ই প্রায়ই জনস্বাস্থ্যের কারণে গ্রীষ্মমণ্ডলীয় জলবায়ুতে প্রতিদিন সংগ্রহ করা হয়, এবং সাধারণত অন্তত সাপ্তাহিক; উৎস থেকে পৃথকীকৃত শুকনো পুনর্ব্যবহারযোগ্য বর্জ্য কিছুটা বিরতি দিয়ে দিয়ে সংগ্রহ করা হয়ে থাকতে পারে। এসভিআরএস ২০২৩ ফলাফল থেকে দেখা যায় যে, শহরাঞ্চলের প্রতি পাঁচটির মধ্যে তিনটির বেশি খানা (৬০.৩৩%) কোনো না কোনো আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক পরিষেবা প্রদানকারীর কাছ থেকে বর্জ্য সংগ্রহ পরিষেবা পেয়ে থাকে। এ পরিষেবার আওতা সিটি কর্পোরেশন এলাকায় দশটি খানার মধ্যে প্রায় নয়টি খানার (৮৯.২৩%) এবং পৌর এলাকায় পাঁচটি খানার মধ্যে প্রায় দুটি (৩৯.৯৯%) রয়েছে। বিভাগ পর্যায়ে বর্জ্য সংগ্রহ পরিষেবার অভিজ্ঞতা সবচেয়ে বেশি পরিলক্ষিত হয়েছে ঢাকা বিভাগে প্রায় তিন-চতুর্থাংশ (৭৪.২%) খানায় এবং সবচেয়ে কম রাজশাহী বিভাগে (৪০.১৮%)। দুই শতাংশ খানা জানিয়েছে যে, তাদের জানা নেই যে, তাদের খানায় সৃষ্ট বর্জ্য আসলে কোনো কর্তৃপক্ষ পরবর্তী প্রক্রিয়াকরণ বা অপসারণের জন্য সংগ্রহ করে থাকে কিনা।

জরিপ ফলাফলে পরিলক্ষিত হয় যে, শহরের খানাসমূহ প্রতিদিন গড়ে ১,০৪৭.১২ গ্রাম কঠিন বর্জ্য উৎপন্ন করে। পৌর এলাকায় অবস্থিত খানাসমূহ সিটি কর্পোরেশন এলাকার খানার (৭৭১.১০ গ্রাম) তুলনায় বেশি কঠিন বর্জ্য (১,২৪১.৪০ গ্রাম) উৎপন্ন করে থাকে। বিভাগ ভেদে ময়মনসিংহ বিভাগের শহরাঞ্চলের খানাসমূহ গড়ে দৈনিক সর্বোচ্চ পরিমাণে (২,০৫৬.৬২ গ্রাম) কঠিন বর্জ্য উৎপন্ন করে, যেখানে বরিশাল বিভাগের শহরাঞ্চলের খানাসমূহ সর্বনিম্ন পরিমাণ (৭১০.২৯ গ্রাম) কঠিন বর্জ্য উৎপন্ন করে থাকে।

২.৪.১২ নৃতাত্ত্বিক মর্যাদা

স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) ২০২১ সাল থেকে খানার সদস্যদের নৃতাত্ত্বিক বৈশিষ্ট্য তুলে আনার বিষয়েও কাজ করেছে। ক্ষুদ্র নৃগোষ্ঠী সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন, ২০১০ অনুসারে, মোট ৫০টি ক্ষুদ্র নৃগোষ্ঠীকে চিহ্নিত করে তাদের বিষয়টি এসভিআরএসে তুলে ধরা হয়েছে। জরিপের ফলাফলে দেখা যায়, এসভিআরএসে অন্তর্ভুক্ত খানাগুলোর মধ্যে ২.০৬ শতাংশ নমুনা খানা ক্ষুদ্র নৃগোষ্ঠীরা পল্লি অঞ্চলে নৃতাত্ত্বিক খানার অনুপাত ২.১৪ শতাংশ। আর সিটি কর্পোরেশন এলাকায় এ হার মাত্র ০.৬৮ শতাংশ এবং পৌরসভা/অন্যান্য শহরাঞ্চলে ২.৩৭ শতাংশ। নৃতাত্ত্বিক জনগোষ্ঠীর বিভাগওয়ারি হিসাবে দেখা যায়,

community container. ‘Collection’ includes collection for recycling as well as for treatment and disposal (includes e.g. collection of recyclables by itinerant waste buyers). ‘Reliable’ means regular - frequency will depend on local conditions and on any pre-separation of the waste. For example, both mixed waste and organic waste are often collected daily in tropical climates for public health reasons, and generally at least weekly; source-separated dry recyclables may be collected less frequently. SVRS 2023 results show that more than three urban households out of five (60.33%) are getting waste collection services from any formal or informal service providers. This service coverage is available to about nine households out of ten (89.23%) in city corporation areas while about two out of five households (39.99%) in Paurashava areas. Among the Divisions, access to waste collection service was the highest with three-fourths of households (74.2%) in the Dhaka Division and the lowest in the Rajshahi Division (40.18%). Two percent of the households reported that they don’t know whether the waste generated by them is collected by any authority or not for further treatment or disposal.

The survey results show that urban households generate on an average 1,047.12 grams of solid waste daily. The households located in Paurashabha areas generated more solid wastes (1,241.40 grams) than the households do so in city corporation areas (771.10 grams). At the division level, urban households in the Mymensingh division generate the highest amount of solid waste daily (2,056.62 grams) while urban households in Barishal Division generate the lowest amount of solid waste (710.29 grams).

2.4.12 Ethnicity status

Sample Vital Registration System (SVRS) also initiated to capture the ethnic status of the household members since 2021. According to Cultural Institutions for Ethnic Communities Act, 2010, a total of 50 categories of ethnic communities are being identified in SVRS. The result shows that among the SVRS households, 2.06 percent of the sample households are having ethnic members. In the rural areas, the share of ethnic households is 2.14 percent while in City Corporation areas, only 0.68 percent are ethnic households and in

চট্টগ্রাম বিভাগে ক্ষুদ্র নৃগোষ্ঠীর খানার অনুপাত সবচেয়ে বেশি, ৬.৮৬ শতাংশ। কারণ অধিকাংশ ক্ষুদ্র নৃগোষ্ঠী খানার অবস্থান পার্বত্য জেলাসমূহে- পার্বত্য রাঙ্গামাটি জেলার ৫১.২ শতাংশ খানা ক্ষুদ্র নৃগোষ্ঠীর অন্তর্ভুক্ত। এছাড়া বান্দরবানের ৫৮.৮ শতাংশ এবং খাগড়াছড়ির ৪৮.৬ শতাংশ খানা ক্ষুদ্র নৃগোষ্ঠীর অন্তর্ভুক্ত।

২.৪.১৩ প্রবাস আয় গ্রহণকারী খানা


প্রবাস আয় প্রবাহকে বাংলাদেশের অর্থনীতির অন্যতম গুরুত্বপূর্ণ সূচক হিসেবে বিবেচনা করা হয়। কারণ এটি বৈদেশিক লেনদেনের ভারসাম্য, বৈদেশিক মুদ্রার রিজার্ভ, জাতীয় সঞ্চয় ও টাকার হাতবদলের মাত্রা বাড়ানোর মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধির ওপর ইতিবাচক প্রভাব ফেলে। এসভিআরএস ২০২৩-এ দেখা যায়, মোট ১৮.৩৫ শতাংশ খানা বৈদেশিক রেমিট্যান্স গ্রহণ করেছে। প্রবাস আয় গ্রহণকারী খানাগুলো মূলত পল্লি অঞ্চলকেন্দ্রিক। পল্লি অঞ্চলের ১৯.৯০ শতাংশ খানা বৈদেশিক রেমিট্যান্স গ্রহণ করেছে। সিটি করপোরেশন এলাকায় এ হার ১০.৮২ শতাংশ এবং পৌরসভা/অন্যান্য শহরাঞ্চলে তা ১৪.৮৬ শতাংশ। বিভাগ ভেদে দেখা যায়, প্রবাস আয় গ্রহণকারী খানার সর্বোচ্চ অনুপাত চট্টগ্রাম বিভাগে। এ বিভাগে প্রবাস আয় গ্রহণকারী খানার অনুপাত ৩৫.৪৩ শতাংশ। এর পরের অবস্থানে আছে সিলেট বিভাগ ৩১.৩৪ শতাংশ খানা প্রবাসী আয় গ্রহণ করেছে। প্রবাস আয় গ্রহণকারী খানার অনুপাত অনুযায়ী সবচেয়ে কম অবদান রংপুর বিভাগের; মাত্র ৩.৮৬ শতাংশ।

Paurashava/other urban areas, it is 2.37 percent. The Chattogram division is leading among the divisions in terms of proportion of ethnic households with 6.86 percent as most of the ethnic households are concentrated in the three hill tracts districts- Rangamati (51.2%), Bandarban (58.8%) and Khagrachhari (48.6%).

2.4.13 Remittance Receiving Households

Foreign remittance flow is considered as one of the most important economic indicators in Bangladesh as it has a positive influence on economic growth through positively enhancing balance of payments, increasing foreign exchange reserves, boosting national savings, and rising velocity of money. SVRS 2023 result reveals that 18.35 percent of households received foreign remittances during 2023. The share of remittance receiving households is the highest in rural areas (19.90%) followed by Paurashava/other urban areas (14.86%) and in City Corporation areas (10.82%). Among the divisions, Chattogram division holds the top position with a proportion of 35.43 percent remittance receiving households followed by Sylhet division (31.34%). Rangpur Division contributing the lowest share of remittance receiving households (3.86%).

Figure 2.6: Foreign Remittance Receiving Households by Division (%), SVRS 2023



২.৪.১৪ সম্পদ কুইন্টাইল সূচক

খানার আর্থসামাজিক অবস্থা বিশ্লেষণের ক্ষেত্রে সম্পদ কুইন্টাইল অন্যতম প্রধান মানদণ্ড হিসেবে কাজ করে থাকে। এসভিআরএস ২০২৩ উপাত্ত বিশ্লেষণে আগের বছরের মতো সম্পদ কুইন্টাইলের মাধ্যমে খানাগুলোর আর্থসামাজিক ব্যবধানের চিত্র তুলে ধরা হয়েছে। এ সূচকটি নির্ধারণের ক্ষেত্রে খানার বেশকিছু বৈশিষ্ট্য বিবেচনায় নেয়া হয়েছে এবং সে অনুযায়ী প্রণীত প্রশ্নাবলির মাধ্যমে সম্পদ সূচকের স্কোর নির্ধারণ করা হয়েছে। যেসব বিষয়ের ওপর প্রশ্ন করা হয়েছে, তার মধ্যে রয়েছে বাসগৃহনির্মাণ সামগ্রী, খাবার পানি ও স্যানিটেশন পরিষেবায় অভিজ্ঞতা এবং বিভিন্ন সম্পদের মালিকানা (যেমন টেলিভিশন, রেফ্রিজারেটর)। সম্পদের ভিত্তিতে খানার স্তরবিন্যাস নির্ধারণের ক্ষেত্রে এ স্কোর ব্যবহার করা হয়। সূচকটির ভিত্তিতে খানাগুলোর আর্থসামাজিক পরিস্থিতি সম্পর্কে ধারণা দিতে সারাদেশের খানাগুলোকে পাঁচটি উপশ্রেণিতে ভাগ করা হয়েছে। সম্পদভিত্তিক এ সূচকটি একটি দেশের জনগোষ্ঠীর আপেক্ষিক সম্পদ ও ইকুইটি সম্পর্কে ধারণা পেতে সহায়তা করলেও এটি কোনো ব্যক্তির চূড়ান্ত সম্পদ সম্পর্কে ধারণা দেয় না।

এসভিআরএস ২০২৩-এ দেখা যায়, পল্লি অঞ্চলে দরিদ্রতম খানার অনুপাত ২৯.৭২ শতাংশ। সিটি করপোরেশন এলাকায় এ অনুপাত মাত্র ২.৪০ শতাংশ। আর পৌরসভা এলাকায় ১০.৭২ শতাংশ খানা দরিদ্রতম শ্রেণির অন্তর্ভুক্ত। সামগ্রিকভাবে এসভিআরএস জরিপে অন্তর্ভুক্ত খানাসমূহের ১৩.৭৪ শতাংশ সবচেয়ে ধনী শ্রেণির অন্তর্ভুক্ত। পল্লি এলাকায় ধনীতম শ্রেণির অন্তর্ভুক্ত ৭.০০ শতাংশ খানা। আর সিটি করপোরেশন এলাকায় ৫০.১০ শতাংশ খানা ধনিক শ্রেণির অন্তর্ভুক্ত এবং পৌরসভা ও অন্যান্য শহরাঞ্চলে এ হার ২৭.১০ শতাংশ।

দরিদ্রতম শ্রেণির অন্তর্ভুক্ত খানার হার সবচেয়ে বেশি রংপুর বিভাগে বিভাগটিতে ৪৪.৫৬ শতাংশ খানা এ শ্রেণির অন্তর্ভুক্ত। ঢাকা বিভাগে দরিদ্রতম শ্রেণির অন্তর্ভুক্ত খানার অনুপাত ১২.৬৫ শতাংশ, বিভাগ পর্যায়ে যা সম্পদ সূচককেন্দ্রিক হিসাবে সর্বনিম্ন বিভাগের হিসাবে ধনীতম শ্রেণির কুইন্টাইলের অন্তর্ভুক্ত খানার অনুপাত সর্বনিম্ন ময়মনসিংহ বিভাগে। এ বিভাগে ধনীতম শ্রেণিতে অবস্থান করছে মাত্র ৬.৭১ শতাংশ খানা। অন্যদিকে, এ শ্রেণিতে সবচেয়ে বেশি সংখ্যক খানার অবস্থান ঢাকা বিভাগে; বিভাগটিতে ২১.৭২ শতাংশ খানা ধনীতম শ্রেণির অন্তর্ভুক্ত। এ প্রতিবেদনে অন্তর্ভুক্ত অধিকাংশ গুরুত্বপূর্ণ সূচকসমূহ সম্পদ কুইন্টাইল ভেদে উপস্থাপন করা হয়েছে।

২.৪.১৫ প্রধান বাসগৃহের নির্মাণ উপকরণ

প্রায় অর্ধেক খানার (৪৯.২%) বাসগৃহের মেঝে মাটি/বালি/কাদা দিয়ে তৈরি। আর ৪৩.৪ শতাংশ খানার বাসগৃহের মেঝে সিমেন্ট/কংক্রিট/ইট/পোড়ামাটি দিয়ে তৈরি। মেঝেতে প্রধান

2.4.14 Wealth Quintile Index

Wealth quintile is considered as one of the key parameters to see the socioeconomic condition of the households. SVRS 2023 survey compared the previous year, reveals socio-economic differences via wealth quintiles. These quintiles are derived from a series of questions about household construction materials, drinking water and sanitation access, and ownership of various items (e.g., television, refrigerator), which form a wealth index score. This score is used to rank households by wealth, and the population is then subdivided into five quintiles to produce a relative indicator of socio-economic status within the country at the time of the survey. While the wealth quintiles are useful to understand relative wealth and equity within a country, they do not give one a sense of absolute wealth.

SVRS 2023 reveals that 29.72 percent of the households in the rural areas are poorest households while only 2.40 percent of households belongs to poorest group in city corporation areas and 10.72 percent in Paurashabha and other urban areas belongs to the poorest group. Overall, 13.74 percent of the SVRS households belong to the richest group. In the rural areas the richest group is only 7.00 percent; 50.10 percent of the households belongs to the richest quintile in the city corporation areas while 27.10 percent belong to the richest quintile in Paurashabha and other urban areas.

The highest proportion (44.56%) of poorest households belong to Rangpur division than that of other divisions while Dhaka division shows the lowest (12.65%) share of the poorest quintile households within the division in terms of wealth quintile index. In terms of the richest quintile share among the divisions, 6.71 percent of the households belong to Mymensingh division while Dhaka division consists of 21.72 percent of the richest households. Most of the important indicators presented in this report by the wealth quintile.

2.4.15 Building Materials of Main Dwelling

About half of the households (49.2%) lives in houses of floor materials of Mud/Sand followed by Cement/Concrete/Brick/Burnt mud which is 43.4

উপকরণ হিসেবে মাটি/বালি/কাদার ব্যবহার পল্লি অঞ্চলে সবচেয়ে বেশি (৫৯.৬%)। পৌরসভা/অন্যান্য শহরাঞ্চলে এ হার ২৪.১ শতাংশ। বিভাগসমূহের মধ্যে বরিশাল, রংপুর, ময়মনসিংহ ও রাজশাহী বিভাগে মাটি/বালি/কাদার তৈরি মেঝের বাসগৃহের সংখ্যা সবচেয়ে বেশি; শতকরা হিসাবে যা যথাক্রমে ৬৯.২, ৬৭.০, ৬৪.৩ ও ৬১.০ শতাংশ। সিমেন্ট/কংক্রিট/ইট/পোড়ামাটির তৈরি মেঝের বাসগৃহ সবচেয়ে বেশি ঢাকা বিভাগে এ বিভাগের ৫৮.৫ শতাংশ খানার বাসগৃহের মেঝে সিমেন্ট/কংক্রিট/ইট/পোড়ামাটির তৈরি। এরপর রয়েছে সিলেট বিভাগে ৪৬.৪ শতাংশ এবং খুলনা বিভাগে ৪৪.৬ শতাংশ।

ঘরের দেয়াল নির্মাণে সর্বাধিক ব্যবহৃত উপকরণ হচ্ছে সিমেন্ট/কংক্রিট/ইট/পোড়ামাটি; ৪৬.৩ শতাংশ খানার ঘরের দেয়াল এসব উপকরণ দিয়ে তৈরি। এছাড়া ৪২.৪ শতাংশ খানার বাসগৃহের দেয়াল ধাতব শিট/সিআই শিট দিয়ে তৈরি। পল্লি অঞ্চলে ধাতব শিট/সিআই শিটের দেয়ালবিশিষ্ট বাসগৃহের অনুপাত প্রায় অর্ধেক (৪৯.৩%)। অন্যদিকে, সিটি করপোরেশন এলাকায় সবচেয়ে বেশি সংখ্যক খানার বাসগৃহের দেয়াল সিমেন্ট/কংক্রিট/ইট/পোড়ামাটি দিয়ে তৈরি। সিটি করপোরেশন এলাকায় ৮৭.৯ শতাংশ বাসগৃহের দেয়াল এসব উপকরণ দিয়ে তৈরি। পৌরসভা এলাকায় এ হার ৬৬.৫ শতাংশ। ধাতব শিট/সিআই শিটের দেয়ালের ঘর সবচেয়ে বেশি সংখ্যায় দেখা যায় বরিশাল বিভাগে এ বিভাগের ৬৮.২ শতাংশ বাসগৃহের দেয়াল এসব উপকরণ দিয়ে তৈরি। এছাড়া চট্টগ্রাম বিভাগের ৪৩.৪ শতাংশ, ময়মনসিংহ বিভাগের ৬৫.৮ শতাংশ এবং রংপুর বিভাগের ৪৫.৩ শতাংশ বাসগৃহের দেয়াল ধাতব শিট/সিআই শিটের তৈরি। অন্যদিকে, সিমেন্ট/কংক্রিট/ইট/পোড়ামাটির দেয়ালের ঘরের অনুপাত ঢাকা বিভাগে ৫২.৭ শতাংশ, খুলনা বিভাগে ৬৩.০ শতাংশ, রাজশাহী বিভাগে ৪৫.৭ শতাংশ এবং সিলেট বিভাগে ৫৬.৮ শতাংশ।

বাসগৃহের ছাউনি তৈরিতে মেটাল শিট/সিআই শিট/টিনের ব্যবহার সর্বাধিক। সারাদেশে প্রায় চার-পঞ্চমাংশ (৭৮.০%) খানার বাসগৃহের ছাউনি এসব উপকরণ দিয়ে তৈরি। পল্লি অঞ্চলে এ ধরনের ছাউনিবিশিষ্ট বাসগৃহের খানার অনুপাত ৮৬.০ শতাংশ এবং পৌরসভা/অন্যান্য শহরাঞ্চলে এ হার ৬৩.৭ শতাংশ। সিটি করপোরেশন এলাকায় প্রায় দুই-তৃতীয়াংশ (৬৭.৮%) খানার বাসগৃহের ছাদ সিমেন্ট/কংক্রিটের তৈরি। সকল বিভাগের খানাসমূহের বাসগৃহের ছাউনির হিসেব করা হলে দেখা যায়, ধাতব শিট/সিআই শিট/টিনের তৈরি ছাউনির সংখ্যাই সবচেয়ে বেশি। সবচেয়ে বেশি সংখ্যায় মেটাল শিট/সিআই শিট/টিনের ছাউনির তৈরি ঘরের উপস্থিতি রংপুর বিভাগে এ বিভাগের ৯৪.২ শতাংশ বাসগৃহের ছাউনি উল্লিখিত উপকরণসমূহ দিয়ে তৈরি। ময়মনসিংহ বিভাগে এ হার ৯১.৯ শতাংশ।

percent. Use of mud/sand as main materials on the floor is observed to be the highest (59.6%) in rural areas followed by Paurashava/ other urban areas with 24.1 percent. Among the divisions, a big chunk of the households having mud/sand as floor materials in Barishal, Rangpur, Mymensingh and Rajshahi Division represent 69.2, 67.0, 64.3 and 61.0 percent respectively. Share of Cement/ Concrete/ Brick/ Burnt mud found the highest in Dhaka division with 58.5 percent followed by Sylhet Division with 46.4 percent and Khulna with 44.6 percent.

The mostly used wall materials are observed to be Cement/Concrete/Brick/Burnt mud (46.3%) which is followed by Metal Sheet/ CI Sheet (42.4%). The share of Metal Sheet/CI Sheet is almost half (49.3%) in rural areas while the leading share of Cement/Concrete/Brick/Burnt mud is in City Corporation areas with 87.9 percent and 66.5 percent leading share in Paurashabha areas. Share of Metal Sheet/ CI Sheet as main wall material identified to be the highest in Barishal (68.2%), Chattogram (43.4%), Mymensingh (65.8%) and Rangpur Division (45.3%). On the other side Cement/Concrete/Brick/Burnt mud are the leading materials used in wall in Dhaka (52.7%), Khulna (63.0%), Rajshahi (45.7%) and Sylhet Division (56.8%).

Metal Sheet/ CI Sheet/Tin possess the highest share of roofing materials for the dwelling houses which is used by about four-fifths (78.0%) of the main dwelling houses of households in the country. These materials' share was the highest both in Rural areas (86.0%) and Paurashabha/Other Urban Areas (63.7%). In the City Corporation areas, near about two-thirds (67.8%) of the households lives in the houses whose roofs are made of Cement/Concrete. Among all divisions the roofing materials share found to be the highest with Metal Sheet/ CI Sheet/Tin. The highest share of Metal Sheet/ CI Sheet/Tin was the highest in Rangpur Division (94.2%) followed by Mymensingh division (91.9%).

Table 2.5: Distribution of households by type of housing materials of dwelling houses by locality, SVRS 2023

Housing Materials	Locality					Division						
	Total	Rural	City Corp	PSA/Oth Urb	Barishal	Chattogram	Dhaka	Khulna	Mymensingh	Rajshahi	Rangpur	Sylhet
1	2	3	4	5	6	7	8	9	10	11	12	13
Floor Materials												
Cement/Concrete/ Brick/ Burnt mud	43.4	36.5	67.9	63.3	26.9	42.5	58.5	44.6	32.6	36.3	30.7	46.4
Tiles/Mosaic/ Marble/Granite/ Furnish wood	6.0	2.3	29.2	11.8	3.1	6.4	12.0	5.4	2.2	2.4	2.0	2.7
Wood/Bamboo/ mat/ palm-betel nut bole	1.2	1.5	0.4	0.7	0.9	3.1	1.9	0.1	0.2	0.2	0.3	0.8
Mud/Sand	49.2	59.6	2.6	24.1	69.2	47.6	27.5	49.9	64.3	61.1	67.0	49.9
Others	0.2	0.2	0.0	0.1	0.0	0.4	0.1	0.1	0.8	0.0	0.0	0.2
Total	100.0											
Wall Materials												
Cement/Concrete/ Brick/ Burnt mud	46.3	37.5	87.9	66.5	27.5	38.2	52.7	63.0	29.7	45.7	42.9	56.8
Ceramic Tiles/ Furnish wood	0.7	0.5	2.2	1.1	0.6	1.0	0.9	0.5	0.4	0.5	0.3	0.7
Metal Sheet/ CI Sheet	42.4	49.3	8.6	27.3	68.2	43.4	44.3	22.8	65.8	32.8	45.3	32.0
Wood/Bamboo/mat/ palm-betel nut bole	3.2	3.6	1.1	2.6	2.5	9.6	0.1	4.9	0.3	0.8	4.7	2.0
Straw/Chaff/ Gol leaves/ Palm leaves/Bic	0.2	0.2	0.0	0.1	0.1	0.1	0.0	0.5	0.2	0.3	0.3	0.2
Mud/Soil	7.1	8.8	0.2	2.4	1.1	7.6	1.9	8.3	3.5	19.8	6.5	8.1
Other materials	0.0	0.1	0.0	0.0	0.0	0.0	0.0	0.1	0.1	0.1	0.0	0.2
No wall at all	0.0	0.0	0.0	0.0	0.0	0.0	0.0	0.0	0.0	0.0	0.0	0.0
Total	100.0											
Roof Materials												
Cement/Concrete	20.9	12.9	67.8	35.1	14.0	22.0	33.0	29.1	7.8	14.5	5.5	15.2
Metal Sheet/ CI Sheet/Tin	78.0	86.0	31.7	63.7	85.5	76.6	66.7	66.7	91.9	84.9	94.2	83.5
Wood/Bamboo/mat/Golpat a/ Palm leaf/ polythene	0.5	0.5	0.3	0.6	0.3	1.1	0.1	1.0	0.3	0.1	0.2	0.9
Handmade tiles/Tali	0.3	0.4	0.1	0.1	0.0	0.0	0.0	2.3	0.0	0.0	0.0	0.0
Others	0.0	0.0	0.0	0.0	0.0	0.0	0.0	0.0	0.0	0.0	0.0	0.2
No roof at all	0.3	0.2	0.2	0.6	0.2	0.3	0.2	0.9	0.0	0.5	0.1	0.2
Total	100.0											

২.৪.১৬ শয়নকক্ষের ক্ষেত্রফল

জরিপে পল্লি অঞ্চলে মাথাপিছু শয়নকক্ষের ক্ষেত্রফল বা জায়গা পাওয়া গেছে ৮৭.৫ বর্গফুট। সমগ্র দেশে এটি মাথাপিছু ৮৫.৬ বর্গফুট। সিটি কর্পোরেশন এলাকায় মাথাপিছু শয়নকক্ষের জায়গা পাওয়া গেছে ৭৪.১ বর্গফুট এবং পৌরসভা/অন্যান্য শহরাঞ্চলে ৮২.০ বর্গফুট। পল্লি ও শহর উভয় এলাকায় মাথাপিছু গড় শয়নকক্ষের ক্ষেত্রফল বৃদ্ধি পেয়েছে। মাথাপিছু শয়নকক্ষের ক্ষেত্রফল সবচেয়ে বেশি হারে (১২.২%) বেড়েছে সিটি কর্পোরেশন এলাকায়। এ সংক্রান্ত ফলাফল সারণি ২.৬-এ তুলে ধরা হয়েছে।

2.4.16 Bedroom Space

The per capita bedroom space was observed 87.5 square feet in rural areas and the overall space being 85.6 square feet. The per capita bedroom space was 74.1 sq. feet in City Corporation areas and 82.0 sq. feet in Paurashabha/Other Urban areas. The average bedroom size increased both in Rural and Urban areas. Per capita bedroom size increased at the highest rate (12.2%) in city corporation areas. The results are presented in Table 2.6.

Table 2.6: Per Capita Bedroom Space: SVRS 2022 & 2023

Locality	Bedroom Space (sq. ft)		% Change
	2023	2022	2023/2022x100
1	2	3	4
Rural	87.5	83.3	5.1%
City Corporation	74.1	66.0	12.2%
Paurashabha/Other Urban	82.0	79.1	3.7%
All Urban Areas	79.4	74.7	6.3%
Total	85.6	81.2	5.4%

২.৫ জনসংখ্যার বয়স-লিঙ্গভিত্তিক বিন্যাস

একটি দেশের আর্থসামাজিক কল্যাণ নির্ধারণে জনসংখ্যার বয়সভিত্তিক বিন্যাস একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। নিচের সারণি ২.৭-এ ২০২৩ সালের এসভিআরএস জরিপের খানাসমূহের জনসংখ্যার বয়স ও লিঙ্গভিত্তিক অনুপাত উপস্থাপন করা হয়েছে। সম্পূর্ণ জরিপের নমুনা এলাকায় ৬৪০,০৮৩ জন পুরুষ এবং ৬৬৪,৪১৭ জন নারীর উপস্থিতি পাওয়া গেছে (ভরযুক্ত)। অর্থাৎ, প্রতি ১০০ জন নারীর বিপরীতে পুরুষ আছেন ৯৬ জন, যা ২০২২ সালের তুলনায় লিঙ্গানুপাতের কিছুটা হ্রাস লক্ষ করা গেছে। উল্লেখ্য, জনশুমারি ও গৃহগণনা ২০২২-এ সমন্বয়কৃত লিঙ্গানুপাত ছিল ৯৮.২।

২০২৩ সালের এসভিআরএস জরিপ এলাকার জনগোষ্ঠীর বয়সভিত্তিক বিন্যাস 'সারণি ২.৭'-এ তুলে ধরা হয়েছে। এতে দেখা যায়, জরিপ এলাকার ২৮.৭৮ শতাংশ জনগোষ্ঠীর বয়স ১৫ বছরের নিচে। ২০২২ সালের একই জরিপে এ হার ছিল ২৮.৬৬ শতাংশ। কর্মক্ষম বয়সী জনসংখ্যার অনুপাত মোট জনসংখ্যার ৬৫.০৮ শতাংশ পাওয়া গেছে, যা ২০২২ সালেও প্রায় একই রকম ছিল (৬৫.৬৭%)। বর্তমান জরিপে ৬৫ বছর ও তদূর্ধ্ব বয়সী জনসংখ্যার অনুপাত ৬.১৪ শতাংশ, যা ২০২২ জরিপের তুলনায়

2.5 Age-sex Composition of the Population

The age composition of a population is a very important factor in determining its socioeconomic well-being of a country. Table 2.7 below shows the household population of the SVRS areas by age and sex in percentages as recorded in 2023. The complete enumeration found 640,083 weighted males and 664,417 females in the sample areas resulting in a sex ratio 96 males per 100 females, which indicates a slight fall from 2022. It is worth mentioning that the adjusted sex-ratio observed in Population and Housing Census 2022 was 98.2.

The age distribution presented in Table 2.7 in SVRS areas for 2023 shows that 28.78 percent of the population are under 15 years of age. This was 28.66 percent in 2022 in the same setting. The proportion of population in working age group represents 65.08 percent of the total population which was slightly lower in 2022 (65.67%). Population aged 65 years and over in the current survey constitute 6.14 percent of the total population

কিছুটা বৃদ্ধি পেয়েছে। ২০২২ সালে এ বয়সী অংশে জনসংখ্যার অনুপাত ছিল ৫.৬৭ শতাংশ।

চিত্র ২.৭-এ জনসংখ্যা পিরামিডে ৫ বছর ভিত্তিক গ্রুপ পর্যায়ে জনসংখ্যার বয়স-লিঙ্গভিত্তিক বিন্যাস কাঠামো দেখানো হয়েছে।

revealing an increase in proportion found in 2022 survey (5.67 percent).

The age-sex structure of the population by 5-year age groups is displayed by the population pyramid in Figure 2.7.

Table 2.7: Percentage distribution of sample population by age and sex, SVRS 2023

Age group	2023			2022		
	Male	Female	Both sex	Male	Female	Both sex
1	2	3	4	5	6	7
0-4	10.52	9.93	10.22	10.36	9.72	10.03
5-9	9.54	8.93	9.23	9.41	8.88	9.14
10-14	9.64	9.03	9.33	9.89	9.09	9.49
15-19	10.11	9.39	9.74	10.28	9.92	10.09
20-24	8.65	9.18	8.92	8.55	9.35	8.96
25-29	7.36	8.21	7.79	7.25	8.32	7.79
30-34	6.53	7.33	6.94	7.08	7.92	7.50
35-39	7.01	8.08	7.55	7.02	7.80	7.41
40-44	6.57	6.65	6.61	6.63	6.62	6.62
45-49	5.3	5.22	5.26	5.29	4.99	5.14
50-54	5.06	4.92	4.99	5.17	5.06	5.12
55-59	3.95	3.93	3.94	3.90	3.86	3.88
60-64	3.44	3.23	3.33	3.33	2.97	3.15
65-69	2.64	2.41	2.52	2.47	2.24	2.35
70-74	1.79	1.59	1.69	1.66	1.49	1.57
75-79	0.97	0.93	0.95	0.90	0.85	0.88
80+	0.9	1.05	0.98	0.82	0.92	0.87
<15	29.71	27.89	28.78	29.66	27.69	28.66
15-64	63.98	66.13	65.08	64.49	66.81	65.67
65+	6.31	5.97	6.14	5.85	5.49	5.67
Total	100.0	100.0	100.0	100.0	100.0	100.0
N*	640,083	664,417	1,304,500*	643,226	659,492	1,302,718*

* Hijra population is excluded.

† Figures are in weighted numbers.

চিত্র ২.৭-এ দেখানো পিরামিডটিতে একটি উন্নয়নশীল দেশের (যেটি সম্প্রতি স্থিতিশীল হতে শুরু করেছে) জনসংখ্যা কাঠামো দেখানো হয়েছে। এতে দেখা যাচ্ছে, পিরামিডের শীর্ষবিন্দুর তুলনায় নিচের দিকের ভিত্তি অনেক চওড়া এবং বয়স্ক জনগোষ্ঠীকে প্রতিনিধিত্ব করা পিরামিডের অংশটি অপেক্ষাকৃত সংকীর্ণ।

এসভিআরএস ২০২৩-এ জনসংখ্যার বয়সভিত্তিক বন্টনের দিকে লক্ষ করলে দেখা যায়, দেশের সামগ্রিক জনসংখ্যার মধ্যক বয়স ২৬ বছর। নারী জনসংখ্যার মধ্যক বয়স (২৭ বছর) তুলনামূলকভাবে পুরুষ জনসংখ্যার তুলনায় বেশি। পুরুষদের মধ্যক বয়স ২৫ বছর, যা চিত্র ২.৮-এ বক্স প্লটে দেখানো হয়েছে।

The pyramid shown in Figure 2.7 is a typical one for a developing country (that has recently started to stabilize) with its base wider at the bottom than at the top and goes narrower towards the older age groups.

Age distribution of SVRS 2023 reveals that the median age of the overall population is 26 years. The median age of the female population (27 years) is comparatively higher than its counterpart male population which is 25 years. Figure 2.8 shows the distribution of age in box plots.

Figure 2.7: Age-sex Pyramid of SVRS Population, SVRS 2023





Figure 2.8: Age Distribution Box Plots of Population, SVRS 2023



২.৫.১ বয়স-লিঙ্গ সংক্রান্ত তথ্যের গুণগত মান

এসভিআরএসে সংগৃহীত তথ্যসমূহ মূল্যায়নের সময় প্রতিবেদনে বয়স উল্লেখ করার বিষয়ে গুণগত মান নিশ্চিত

2.5.1 Quality of Age-Sex Reporting

The data collected in SVRS have been evaluated to shed light on the quality of age reporting. Particular attention has been given to assess the quality of age data, which are of primary importance in estimating

করার ওপর বিশেষ জোর দেয়া হয়েছে। বয়সের তথ্যের গুণমান মূল্যায়নের ক্ষেত্রে বিশেষ মনোযোগ দেওয়া হয়েছে, যা বেশিরভাগ জনমিতিক হার এবং অনুপাত প্রাক্কলনের ক্ষেত্রে প্রাথমিক শর্ত হিসেবে কাজ করে। এ বিষয়ে তিনটি জনপ্রিয় সূচক রয়েছে। এগুলো হলো-মায়ার সূচক, হুইপল সূচক ও ইউএন এইজ-সেক্স অ্যাকুরেসি সূচক, যা ইউএন জয়েন্ট স্কোর হিসেবেও বিবেচিত। এ সূচকগুলোর সহায়তায় জরিপে জনসংখ্যার লিঙ্গভিত্তিক বয়স কাঠামো লিপিবদ্ধ করা হয়েছে (সারণি ২.৮ দ্রষ্টব্য)। বয়স লিপিবদ্ধকরণে গুণমান মূল্যায়নের জন্য এ সূচকসমূহের ব্যবহার ছাড়াও গ্রাফিক্যাল উপকরণগুলোও একই কাজ করতে ব্যবহার করা যায়।

most of the demographic rates and ratios. Three popular indices viz. Myer's index, Whipple's index, and UN Age-Sex Accuracy Index, also called UN Joint Score have been computed from reported age distributions by sex for this purpose (see Table 2.8). Apart from the use of those indices in assessing the quality of age reporting, graphical devices may also be used to do the same.

Table 2.8: Myer's, Whipple's and UN Joint Score, SVRS 2023

Year	Whipple's Index		Myer's Index		UN Joint Score
	Male	Female	Male	Female	Both sex
1	2	3	4	5	6
2016	92.7	91.0	3.2	3.7	56.3
2017	91.7	89.0	3.4	3.9	50.6
2018	96.6	98.4	3.1	3.2	57.7
2019	108.4	108.5	3.4	3.7	48.3
2020	94.3	93.8	3.4	3.1	39.7
2021	103.1	103.2	7.4	7.0	26.5
2022	114.2	117.2	8.6	8.2	26.7
2023	101.5	101.8	7.7	7.4	22.9


চিত্র ২.২-এ একক বছর বয়সভিত্তিক লিঙ্গভিত্তিক বন্টন দেখানো হয়েছে। চিত্রটিতে ০ ও ৫ বয়সীদের সাধারণ বৈশিষ্ট্যসমূহ স্পষ্টীকরণের পাশাপাশি সম্পূর্ণক হিসেবে ২ ও ৮ বছর বয়সীদের বৈশিষ্ট্যসমূহও দেখানো হয়েছে।

মায়ার সূচক ও হুইপল সূচক এক বছর বয়সীদের লিঙ্গভিত্তিক বয়স বন্টনের বিষয়টি লক্ষ করা গেছে। পাঁচ বছর বয়সীদের বয়সভিত্তিক বন্টনটি নির্দেশ করা হয়েছে জাতিসংঘের উদ্ভাবন করা এইজ-সেক্স অ্যাকুরেসি সূচক দ্বারা। এ সূচকটিতে বয়সের অনুপাত এবং লিঙ্গ অনুপাতের ভিত্তিতে জনসংখ্যার বিন্যাস দেখানো হয়েছে। চিত্র ২.২: এসভিআরএস ২০২৩ জরিপে অন্তর্ভুক্ত এক বছর বয়সীদের বয়স ও লিঙ্গভিত্তিক বন্টন দেখানো হয়েছে।

Figure 2.9 displays the single year age distribution by sex. The figure shows a common feature of conspicuous age heaping with digits ending in 0 and 5 with subsidiary heaping at ages 2 and 8.

The Myers' index and Whipple's index are based on single year age distribution by sex. The five-year age distribution was further assessed by what is known as the age-sex accuracy index developed by United Nations. This index is computed from the age ratios and sex ratios. Figure 2.9 shows the age-sex distribution of SVRS 2023 population in single years.

Figure 2.9: Single-year Age Distribution by sex, SVRS 2023



হুইপলের সূচক হলো একক স্থানে ০ ও ৫ ব্যবহৃত হওয়া বয়সের গড়ের মাত্রার একটি সংক্ষিপ্ত পরিমাপ। এটি এমনই একটি সূচক যেখানে ২৩ থেকে ৬২ বছরের বয়সসীমার মধ্যে ০ ও ৫ ব্যবহার রেকর্ড করা জনসংখ্যার যোগফল এবং সেই ফলাফলকে ২৩ থেকে ৬২ বছরের মধ্যকার মোট জনসংখ্যার পাঁচ ভাগের এক ভাগ দিয়ে ভাগ করে বয়সভিত্তিক অনুপাত বের করা হয়। এভাবে ০ থেকে ৫-এর মধ্যে যে কোনো সংখ্যার মান নির্ণয় করলে হুইপল'র সূচকের আনুমানিক মান দাঁড়াবে ১০০। আর যদি ০ থেকে ৫ পর্যন্ত অবস্থানকারী সমগ্র জনসংখ্যার সংখ্যাভিত্তিক মান একত্রিত করা হয়, তাহলে সূচকটি ৫০০ হবে।

এসভিআরএস ২০২৩-এ জনসংখ্যার বয়স বন্টনের জন্য হুইপলের সূচকে পুরুষ জনগোষ্ঠীর মান দাঁড়িয়েছে ১১৪.২ এবং নারীদের মান দাঁড়িয়েছে ১১৭.২। বয়সের গড়ের ভিত্তিতে কার্যত সামান্য লিঙ্গ-পার্থক্য দেখা গেছে। কিন্তু ২০২২-এর সূচকের তুলনায় একক স্থানে ০ ও ৫ ব্যবহার হওয়া বয়সের গড়ের তুলনায় এবার গড় বয়স কম পাওয়া গেছে (সারণি ২.৮ দ্রষ্টব্য)।

২০২২ সালের জনশুমারির ফলাফলে দেখা যায়, পুরুষদের ক্ষেত্রে এ সূচকটির মান ছিল ২২৭.৪৪ এবং নারীদের ক্ষেত্রে ছিল ২৪৩.৬২। উভয় লিঙ্গের ক্ষেত্রে এ সূচকের মান ছিল ২৩৫.৭৮। ২০২২ সালের জনশুমারির বয়স রিপোর্টিং ছিল উচ্চ পর্যায়ের অমসৃণ এবং সমস্বয় ব্যতীত তা কাজে লাগানোর উপায় ছিল না। একই মানদণ্ডের ওপর ভিত্তি করে এসভিআরএস জরিপেও বয়স মূল্যায়ন করা হয়েছে। তবে, এক্ষেত্রে ২০২২ সালের তুলনায় বয়স রিপোর্টিং-এ অনেক অগ্রগতি হয়েছে।

Whipple's index is a summary measure of the degree of heaping on the ages ending in digits 0 and 5. It is calculated by summing the population recorded at ages 0 and 5 between an arbitrary age-range 23 to 62 years and dividing the result by one-fifth of the total population between 23 and 62 expressed as percentage. Thus, if there is no heaping whatever on the 0's and 5's, Whipple's index would be approximately 100; if the heaping were such that the entire population was reported at these ages, the index would be 500.

The Whipple's indices calculated from the age distribution for SVRS 2023 are 114.2 for males and 117.2 for females, showing virtually little sex differentials in age heaping but decrease in age heaping at ages ending in 0 and 5 over its 2022 indices (see Table 2.8).

The corresponding indices for the 2022 census were 227.44 for males and 243.62 for females with an index of 235.78 for both sexes. The SVRS age reporting based on the same criteria shows some improved age reporting.

মায়ারের সূচক ০ থেকে ৯ পর্যন্ত দশটি অংকের প্রতিটির ক্ষেত্রে প্রবণতা অথবা অপছন্দ প্রতিফলিত করে। এধরনের প্রবণতা নির্ধারণের ক্ষেত্রে মায়ারের পদ্ধতির প্রথম ধাপে একটি 'মিশ্র' জনসংখ্যার হিসাব করা হয়, যেখানে সাধারণত প্রতিটি সংখ্যার মান প্রায় সমান পরিমাণ হতে হয়। এক্ষেত্রে ১০টি সংখ্যার প্রতিটির জন্য 'মিশ্র' জনসংখ্যার মান হবে মোট যোগফলের এক-দশমাংশ। প্রতিটি এক-দশমাংশের বিচ্যুত অংশের যোগফল একত্রিত করে যে অংক পাওয়া যায়, সেটিই মায়ারের সূচক হিসেবে বিবেচিত হয়। এক বছরের উপাত্তের ওপর ভিত্তি করে ২০২৩ সালের এসভিআরএস জরিপে মায়ারের সূচক হিসাব করা হয়েছে। জরিপের ফলাফলে পুরুষদের জন্য সূচকের মান দাঁড়িয়েছে ৭.৭ এবং নারীদের জন্য ৭.৪। এ সূচকে দেখা যায়, ২০২২ সাল থেকে বয়সের রিপোর্টিং-এর উন্নতি হয়েছে। ২০২২ সালের জনশুমারির তথ্যে মায়ারের সূচকে পুরুষদের মান ছিল ২২.৩৪ এবং নারীদের মান ছিল ২৪.১৮। আর উভয় লিঙ্গের সূচকের মান ছিল ২৩.২৮। জনশুমারিতে মায়ারের সূচক ব্যবহারের সঙ্গে তুলনা করলে দেখা যায়, এসভিআরএসে বয়সের মান নির্ণয়ে মায়ারের সূচকের প্রয়োগ অধিকতর ও উল্লেখযোগ্য ফলপ্রসূভাবে করা সম্ভব হয়েছে।

জাতিসংঘ কর্তৃক গৃহীত ফর্মুলা (যা ইউএন জয়েন্ট স্কোর নামেও পরিচিত) ব্যবহারের মাধ্যমে ২০২৩ সালের সূচকে জনসংখ্যার বয়সের মান দাঁড়িয়েছে ২২.৯ পয়েন্টে, যা ২০২২ সালে ছিল ২৬.৭ পয়েন্ট। জাতিসংঘের সূচকের ২০, ২০ থেকে ৪০ বা ততোধিক মানদণ্ডের ওপর ভিত্তি করে জনশুমারির বয়স ও লিঙ্গভিত্তিক উপাত্তকে 'সঠিক', 'অশুদ্ধ' বা 'উচ্চমাত্রার অশুদ্ধ' হিসেবে চিহ্নিত করা হয়েছে। এতে বোঝা যায়, যে গত দুই বছরে বয়স লিপিবদ্ধকরণের ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে। প্রসঙ্গক্রমে উল্লেখ্য যে, ২০২২ সালের জনশুমারির ফলাফলে এ সূচকের স্কোর ছিল ৩৪.৪৮।

একটি বিষয় উল্লেখ্য, মায়ার ও হুইপল'র সূচক একক বছরের বয়স বন্টনের ওপর নির্ভরশীল হওয়ার কারণে এগুলোর গুরুতর সীমাবদ্ধতা রয়েছে। বিশেষ করে উন্নয়নশীল দেশগুলোয় একক বছর বয়সের ভিত্তিতে সূচক প্রণয়ন করা হলে, তা ভুল প্রতিবেদনের দিকে ধাবিত করতে পারে।

সারণি ২.৯-এ পল্লি অঞ্চল, সিটি করপোরেশন এবং পৌরসভা/অন্যান্য শহরাঞ্চলের জনগোষ্ঠীর লিঙ্গভিত্তিক বয়সের বিন্যাস তুলে ধরা হয়েছে। বয়সভিত্তিক জনসংখ্যার অনুপাত হিসাব করলে দেখা যায়, সিটি করপোরেশন এবং পৌরসভা ও অন্যান্য শহর এলাকার তুলনায় পল্লি অঞ্চলে কম বয়সী জনসংখ্যার অনুপাত বেশি। জরিপে দেখা যায়, পল্লি অঞ্চলে ১৫ বছরের কম বয়সী জনসংখ্যার অনুপাত ২৯.১৭ শতাংশ। সিটি করপোরেশনে এ হার ২৬.২৭ শতাংশ এবং পৌরসভা ও অন্যান্য শহরে ২৮.১২ শতাংশ। অন্যদিকে, ৬৫ বছর বা তদূর্ধ্ব জনসংখ্যার অনুপাত হিসাব করলে দেখা যায়, পল্লি, সিটি

Myers' index reflects the preferences or dislikes for each of ten digits, from 0 to 9. To determine such preferences, the first step in Myers' method consists in the computation of a 'blended' population in which ordinarily almost equal sums are to be expected for each digit. This being the case, the 'blended' totals for each of the ten digits should be very nearly 10 percent of the grand total. The deviations of each sum from 10 percent of the grand total are added together disregarding the sign, and their sum is the Myers' index. The index was calculated for the SVRS 2023 also with the single year data. The indices were 7.7 for males and 7.4 for females. The indices also tell the story of virtually significant improvement in age reporting from 2022. The 2022 census data revealed a Myer's index of 22.34 for males and 24.18 for females resulting in an index of 23.28 for both sexes. When compared with the census-based Myer's index, the SVRS age reporting appears to be far better than the census age reporting.

The use of UN formula (also called UN Joint score) resulted in a value of 22.9 for the index in 2023 as opposed to an index of 26.7 in 2022. Census age-sex data are described as 'accurate', 'inaccurate' or 'highly inaccurate' by the United Nations depending on the UN index under 20, 20 to 40 or over 40 respectively. This reflects that the quality of age reporting has improved significantly over the last two years. It is worth to mention that the census of 2022 revealed a score of 34.48.

It may be mentioned that both Myer's and Whipple's indices have serious limitations due to its sole dependence on single year age distribution. Single year reporting is highly vulnerable to incorrect reporting particularly in developing countries.

The Rural, City Corporation and Paurashabha/other urban age structure by sex is displayed in Table 2.9. The age structure of the rural areas depicts a younger population than that in City Corporation and Paurashabha/other urban areas with respectively 29.17 percent, 26.27 percent and 28.12 percent of its population being under age 15. In addition, population at age 65 and over constitute 6.59 percent, 3.38 percent, and 5.08 percent respectively in rural, City Corporation and Paurashabha/other urban areas with an implication of higher

করপোরেশন এবং পৌরসভা/অন্যান্য শহরাঞ্চলে যথাক্রমে মোট জনসংখ্যার ৬.৫৯ শতাংশ, ৩.৮৩ শতাংশ এবং ৫.০৮ শতাংশ এ বয়সভিত্তিক শ্রেণিতে অবস্থান করছে। জরিপের ফলাফলে পল্লি অঞ্চলে উচ্চ নির্ভরশীলতার অনুপাত (৫৩.৭) পরিলক্ষিত হয়। এ বৈচিত্র্যের পেছনে তিনটি সম্ভাব্য কারণ নিহিত থাকতে পারে। এগুলো হলো— প্রজনন হার, মৃত্যুহার ও অভিবাসন।

২০২৩ সালের এসভিআরএস-এ পল্লি, সিটি করপোরেশন এবং পৌরসভা/অন্যান্য শহরাঞ্চলের জনসংখ্যার বয়স-বিন্যাসে যে বিন্যাস পরিলক্ষিত হয়েছে, তা ২০২২ সালের এসভিআরএসের ফলাফলের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ বলে পরিলক্ষিত হয়েছে।

dependency ratio (53.7) in rural areas. Three possible factors may be in interplay to result in these variations: fertility, mortality, and migration.

The levels and patterns of age-structures of the Rural, City Corporation and Paurashabha/ other urban and population discerned by the age-distribution of 2023 closely agree with the one observed in SVRS 2022.

Table 2.9: Percent distribution of sample population by age, sex and Locality, SVRS 2023

Age group	Rural			City Corporation			PSA/Other Urban		
	Male	Female	Both sex	Male	Female	Both sex	Male	Female	Both sex
1	2	3	4	5	6	7	8	9	10
0-4	10.74	10.12	10.43	9.2	8.45	8.82	10.13	9.68	9.9
5-9	9.59	8.99	9.28	9.14	8.48	8.81	9.52	8.87	9.19
10-14	9.76	9.18	9.46	8.87	8.42	8.64	9.43	8.65	9.03
15-19	10.36	9.44	9.89	9.03	9.21	9.12	9.42	9.29	9.35
20-24	8.78	8.98	8.88	8.35	9.92	9.15	8.23	9.75	9.01
25-29	7.20	7.87	7.54	7.96	9.76	8.87	7.81	9.05	8.44
30-34	6.23	7.04	6.64	8.03	8.97	8.51	7.22	7.93	7.59
35-39	6.69	7.86	7.29	8.53	9.31	8.92	7.8	8.51	8.16
40-44	6.32	6.52	6.42	7.81	7.52	7.66	7.16	6.87	7.01
45-49	5.11	5.20	5.16	6.29	5.6	5.94	5.71	5.11	5.4
50-54	4.98	4.94	4.96	5.65	4.86	5.25	5.18	4.9	5.03
55-59	3.97	4.04	4.01	3.93	3.53	3.72	3.87	3.62	3.74
60-64	3.53	3.38	3.45	3.01	2.49	2.75	3.26	2.86	3.05
65-69	2.77	2.56	2.66	2.04	1.61	1.82	2.34	2.08	2.21
70-74	1.91	1.73	1.82	1.19	0.93	1.06	1.51	1.28	1.39
75-79	1.05	1.01	1.03	0.56	0.48	0.52	0.76	0.73	0.74
80+	1.01	1.15	1.08	0.4	0.45	0.43	0.66	0.82	0.74
<15	30.09	28.29	29.17	27.22	25.35	26.28	29.08	27.2	28.12
15-64	63.16	65.26	64.23	68.59	71.18	69.9	65.66	67.90	66.80
65+	6.74	6.45	6.59	4.19	3.47	3.83	5.27	4.91	5.08
Total	100	100	100	100	100	100	100	100	100
Number*	488,120	507,331	995,452	49,474	50,613	100,088	102,488	106,473	208,961

* Figures are in weighted numbers.

বয়স ও লিঙ্গ অনুযায়ী, প্রশাসনিক বিভাগভিত্তিক জনসংখ্যার বন্টন 'সারণি ২.১০'-এ দেখানো হয়েছে। 'সারণি ২.১০'-এর তথ্যে দেখা যাচ্ছে, চট্টগ্রাম বিভাগে জন্মশীলতার হার সবচেয়ে বেশি কারণ এ বিভাগে মোট জনসংখ্যার মধ্যে ১৫ বছরের কম

The age-sex distributions of the population by administrative divisions are shown in Table 2.10. As shown by the data in Table 2.10, Chattogram followed by Sylhet division and Mymensingh compared to other divisions appear to be most

বয়সীদের অনুপাত সবচেয়ে বেশি; ৩২.৬ শতাংশ এর পরের অবস্থানে রয়েছে সিলেট বিভাগ (৩১.৩%) ও ময়মনসিংহ বিভাগ (২৯.৯%)। খুলনা বিভাগে সবচেয়ে কম তরুণ জনগোষ্ঠীর অনুপাত পরিলক্ষিত হয়েছে; এরপর রয়েছে রাজশাহী বিভাগ। এ দুটি বিভাগে তরুণ জনগোষ্ঠীর এ অনুপাত যথাক্রমে ২৫.৮ শতাংশ ও ২৬.০ শতাংশ। ১৫ বছরের কম জনসংখ্যার এ উচ্চ অনুপাতের ফলশ্রুতি হলো— চট্টগ্রাম, সিলেট ও ময়মনসিংহ বিভাগে নিষ্ক্রিয় জনগোষ্ঠীর পাশাপাশি নির্ভরশীলতার উচ্চ অনুপাত বিদ্যমান। এটি অন্যান্য প্রশাসনিক বিভাগের তুলনায় এ তিন বিভাগে তুলনামূলকভাবে উচ্চ জন্মশীলতার হারেরও নিদর্শন।

conductive to high fertility as they have the youngest age structures with 32.6 percent, 31.3 percent and 29.9 percent respectively of their population falling under 15 years of age. Khulna division followed by Rajshahi division found with the lowest proportion of younger population with 25.8 percent and 26.0 percent respectively. The implication of these high proportions of population below 15 years is that Chattogram, Sylhet and Mymensingh divisions will have high dependency burden with more inactive population. It is also an indication of relatively high fertility in these three divisions compared to other administrative divisions.

Table 2.10: Percent distribution of sample population by age, sex and division, SVRS 2023

Age group	Administrative division								
	Barishal	Chattogram	Dhaka	Khulna	Mymensingh	Rajshahi	Rangpur	Sylhet	
1	2	3	4	5	6	7	8	9	
0-4	10.2	11.8	9.9	9.4	10.5	9.2	10.0	10.3	
5-9	9.2	10.5	9.2	8.2	9.6	8.3	8.6	10.1	
10-14	9.2	10.2	9.2	8.2	9.8	8.5	8.9	11.0	
15-19	9.9	10.4	9.5	8.8	10.3	9.1	9.7	11.2	
20-24	8.7	9.2	9.0	8.6	8.8	8.4	8.9	9.7	
25-29	7.7	7.7	8.3	7.8	7.2	7.5	7.6	7.8	
30-34	6.9	6.7	7.3	7.0	6.5	7.0	7.0	6.7	
35-39	6.9	6.7	8.1	7.8	7.2	8.2	7.8	6.8	
40-44	6.3	5.9	6.8	7.1	6.2	7.5	6.9	5.9	
45-49	5.3	4.6	5.4	6.0	4.8	5.9	5.5	4.4	
50-54	5.0	4.4	4.9	5.7	5.0	5.6	5.1	4.7	
55-59	4.3	3.5	3.8	4.4	4.0	4.5	4.1	3.5	
60-64	3.5	3.0	3.1	3.9	3.5	3.7	3.6	2.8	
65-69	2.9	2.3	2.3	3.0	2.7	2.7	2.6	2.2	
70-74	2.0	1.5	1.5	2.0	1.8	1.9	1.7	1.4	
75-79	1.1	0.9	0.9	1.1	1.0	1.0	1.0	0.8	
80+	1.1	0.9	0.9	1.2	1.2	1.1	1.0	0.9	
<15	28.5	32.6	28.3	25.8	29.9	26.0	27.5	31.3	
15-64	64.4	61.9	66.2	67.0	63.4	67.3	66.2	63.4	
65+	7.1	5.6	5.6	7.3	6.7	6.7	6.3	5.4	
Total	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	
Number	72,929	253,170	333,640	144,694	103,039	166,630	147,247	83,215	

২.৬ জনসংখ্যার গঠন ও খানার বৈশিষ্ট্যের বিষয়ে আরও কিছু তথ্য

সারণি ২.১১-এ বর্তমান বাসস্থান ও প্রশাসনিক বিভাগ অনুযায়ী, জনসংখ্যার বেশ কয়েকটি মৌলিক বৈশিষ্ট্যের সংক্ষিপ্তসার তুলে ধরা হয়েছে। এসব বৈশিষ্ট্যের মধ্যে রয়েছে জনসংখ্যার লিঙ্গভিত্তিক গঠন, লিঙ্গানুপাত, নির্ভরশীল জনগোষ্ঠীর অনুপাত, ধর্ম, সাক্ষরতার হার এবং বৈবাহিক অবস্থা।

২.৬.১ লিঙ্গ বিন্যাস

একটি দেশের জনসংখ্যার লিঙ্গভিত্তিক বিন্যাস বলতে মোট জনসংখ্যার মধ্যে পুরুষ ও নারীদের আনুপাতিক অংশকে বোঝায়। এটি একটি লিঙ্গের বিপরীতে অপর লিঙ্গের জনসংখ্যার অতিরিক্ত বা ঘাটতির বিষয়টি লক্ষ করা গেছে। সারণি ২.১১-এ ২০২৩ সালে এসভিআরএস জরিপ এলাকায় প্রাপ্ত জনসংখ্যার লিঙ্গভিত্তিক গঠন বিন্যাস তুলে ধরা হয়েছে। সামগ্রিকভাবে নারীদের সংখ্যা পুরুষদের তুলনায় ১.৮৬ শতাংশ পয়েন্ট বেশি। অর্থাৎ, জরিপ এলাকায় প্রতি ৪৯.০৭ জন পুরুষের বিপরীতে বর্তমানে নারী আছে ৫০.৯৩ জন। বসবাসের এলাকা নির্বিশেষে সারাদেশে একই চিত্র পরিলক্ষিত হলেও বিভাগ ভেদে এ বৈশিষ্ট্যের ক্ষেত্রে কিছুটা ভিন্নতা রয়েছে।

২.৬.২ লিঙ্গানুপাত

লিঙ্গানুপাত জনমিতির সবচেয়ে সাধারণ অনুপাতগুলোর অন্যতম, যা পুরুষ অনুপাত হিসেবেও বিবেচিত। নিচে বিষয়টির সংজ্ঞা উল্লেখ করা হয়েছে।

2.6 A Few More Population Compositions and Household Characteristics

Table 2.11 summarizes a number of background characteristics of the population that include, among others, the sex composition, sex ratio, dependency ratio, religion, literacy rate, and marital status according to the present locality and administrative divisions.

2.6.1 Sex Composition

The sex composition of a population refers to the proportional share of the males and females in the total population. It also shows the excess or deficit of one sex over the other. Table 2.11 shows the sex composition of the population in the SVRS areas as obtained in 2023. Overall, the females outnumbered the males by 1.86 percentage points resulting from a male-female ratio of 49.07 to 50.93. This pattern is prevalent across the locality but showing slight variations across the administrative divisions.

2.6.2 Sex Ratio

Sex ratio, also called masculinity ratio is one of the simplest ratios in demography. It is defined as follows:

Definition 2.1: Sex ratio is the number of males per one hundred females expressed in percentage. That is-

$$\text{Sex ratio} = \frac{\text{Number of males}}{\text{Number of females}} \times 100$$

জনসংখ্যার লিঙ্গ অনুপাত যে কেবল দুটি ভিন্ন দেশের জনসংখ্যার মধ্যেই ভিন্ন হয় তা নয়, বরং একই দেশের বিভিন্ন অঞ্চলের জনসংখ্যার উপগোষ্ঠীগুলোর মধ্যেও ভিন্নতা পরিলক্ষিত হয়। জনসংখ্যার লিঙ্গ অনুপাতে ভিন্নতা সৃষ্টির পেছনে যেসব বৈশিষ্ট্যাবলি ভূমিকা রাখে, তার মধ্যে রয়েছে ধর্ম, বসবাসের অঞ্চলগত পার্থক্য, বয়স, জাতিগত বৈশিষ্ট্য, বৈবাহিক অবস্থা, নৃতাত্ত্বিক পরিচয়, জন্মগতভাবে প্রাপ্ত বৈশিষ্ট্যাবলি প্রভৃতি। তবে বেশিরভাগ সংস্কৃতিতে লিঙ্গ অনুপাতের ক্ষেত্রে ধর্মীয় ভিন্নতা তেমন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে না। বরং শহরাঞ্চলের ও পল্লির ভিন্নতা এক্ষেত্রে কখনও কখনও উল্লেখযোগ্য ভূমিকা রাখে। সারণি ২.১১-এ জনসংখ্যার

Human sex ratio varies not only from one country to another, but also from one population sub-group to another within the same country. Religion, region of locality, age, race, marital status, ethnicity, nativity are some of the population characteristics that might show considerable variations in sex ratios. Although religious variation in the sex ratio is minimal in most cultures, urban-rural variation is sometimes considerable. As shown in Table 2.11, the SVRS 2023 recorded an overall sex ratio of 96.3 males per 100 females showing a slight decrease from its 2022 which was stagnant since 2017. The

লিঙ্গভিত্তিক যে অনুপাত দেখানো হয়েছে, তাতে দেখা যায়, প্রতি ১০০ জন নারীর বিপরীতে পুরুষ আছেন ৯৬.৩ জন। এটি ২০২২ সালের জরিপ ফলাফলের তুলনায় বেশ পরিবর্তিত হয়েছে, যদিও ২০১৭ সালের পর থেকে ২০২০ সাল পর্যন্ত এ অনুপাতটি স্থির ছিল। পল্লি অঞ্চলে লিঙ্গ অনুপাত পাওয়া গেছে ৯৬.২। সিটি করপোরেশন এলাকায় এটি ৯৭.৭ এবং পৌরসভা/অন্যান্য শহরাঞ্চলে ৯৬.৩। আটটি প্রশাসনিক বিভাগের মধ্যে বরিশালে সর্বাধিক লিঙ্গ অনুপাত (১০০.৯) পাওয়া গেছে। তারপরে রংপুরে এ হার পাওয়া গেছে ১০০.৭ এবং চট্টগ্রাম বিভাগে সর্বনিম্ন ৯১.৬ লিঙ্গ অনুপাত পাওয়া গেছে। সিলেট বিভাগে এ অনুপাত ৯২.৫।

rural areas were reported to have a sex ratio of 96.2 as against a rate of 97.7 in the city corporation areas and 96.3 in Paurashabha/other urban areas. Among the 8 administrative divisions, Barishal showed the highest sex ratio (100.9) followed by Rangpur (100.7), while Chattogram division the lowest (91.6) followed by Sylhet division (92.5).

Table 2.11: Sex Ratios (Percent) By Locality and Divisions, SVRS 2023

Background Characteristics	Sex Ratio	
	2023	2022
1	2	3
Locality		
Rural	96.2	97.5
City Corporation	97.7	98.3
Paurashabha/ Other Urban	96.3	97.1
Division		
Barishal	100.9	101.50
Chattogram	91.6	93.02
Dhaka	95.6	96.98
Khulna	97.2	99.36
Mymensingh	99.4	99.56
Rajshahi	98.9	100.54
Rangpur	100.7	100.73
Sylhet	92.5	93.37
Total	96.3	97.52

২.৬.৩ নির্ভরশীলতার অনুপাত

বয়স-লিঙ্গভিত্তিক জনসংখ্যার বিন্যাস কাঠামোর যে বিষয়টি সর্বাধিক ব্যবহৃত হয়, তা হলো নির্ভরশীলতার অনুপাত। এ অনুপাতটি জনসংখ্যার মধ্যকার নির্ভরশীল ভগ্নাংশকে লক্ষ করা গেছে।

2.6.3 Dependency Ratio

The most widely used summary measure of age-sex composition is the dependency ratio. The ratio measures the fraction of dependents in a population.

Definition 2.2: Dependency ratio is the ratio of sum of the population under age 15 and 65 years and over to the population aged between 15 and 64 inclusive.

$$\text{Dependency ratio} = \frac{\text{Population under age 15 years} + \text{Population aged 65 years and above}}{\text{Population aged 15-64 years}} \times 100$$

নির্ভরশীলতার অনুপাত বলতে জনসংখ্যার মধ্যকার অর্থনৈতিকভাবে নিষ্ক্রিয় অংশকে বোঝায়, যাতে দৈনন্দিন প্রয়োজন মেটানোর জন্য জনসংখ্যার অর্থনৈতিকভাবে সক্রিয় অংশের ওপর নির্ভর করতে হয়। নির্ভরশীল জনসংখ্যা বলতে জনসংখ্যার সেই অংশকে নির্দেশ করে, যারা এতটাই তরুণ যে এখনও কর্মক্ষম পর্যায়ে পৌঁছেনি, অথবা এতটাই বৃদ্ধ যে কাজ করার সক্ষমতা নেই। কোনো দেশে সামগ্রিক নির্ভরশীলতার অনুপাত যদি ৫০ শতাংশ হয়, তাহলে বুঝতে হবে প্রতি ১০০ জন অর্থনৈতিকভাবে সক্রিয় জনগোষ্ঠীর ওপর নির্ভরশীল জনগোষ্ঠীর সংখ্যা ৫০ জন, যারা অর্থনৈতিকভাবে নিষ্ক্রিয়। শিশু নির্ভরশীলতা অনুপাত বলতে ১৫-৬৪ বছর বয়সী জনসংখ্যার ওপর ১৫ বছরের কম বয়সী শিশুদের অনুপাতকে বোঝায়। ২০২৩ সালে বাংলাদেশে এ অনুপাত পাওয়া গেছে ৪৪.২২ শতাংশ। অন্যদিকে, বয়স্ক নির্ভরশীলতার অনুপাত বলতে ৬৫ বছর ও তদূর্ধ্ব বয়সী জনসংখ্যার ১৫-৬৪ বছর বয়সীদের ওপর নির্ভরশীলতাকে বোঝায়। ২০২৩ সালে এমন জনসংখ্যা পাওয়া গেছে ৯.৪৩ শতাংশ। নির্ভরশীল জনসংখ্যার এ দুটি অংশকে একত্রিত করলে সামগ্রিক নির্ভরশীলতা অনুপাত দাঁড়ায়: ৫৩.৬৬।

কর্মক্ষম জনগোষ্ঠীর ওপর নির্ভরশীল জনসংখ্যার অনুপাত শহর এলাকার (৪৭.৪৯%) তুলনায় পল্লি অঞ্চলে বেশি (৫৫.৬৮%)। নির্ভরশীলতার অনুপাত রাজশাহী বিভাগে সর্বনিম্ন (৪৮.৪৯%) থেকে সর্বোচ্চ চট্টগ্রাম বিভাগে (৬১.৫৮%) পর্যন্ত বিস্তৃত। এ সংক্রান্ত সারসংক্ষেপ 'সারণি ২.১২'-এ তুলে ধরা হয়েছে।

২.৬.৪ জনসংখ্যার ধর্মভিত্তিক বিন্যাস

এসভিআরএস জরিপের ২০২৩ সালের প্রাক্কলনে দেখা গেছে, জরিপ এলাকার জনসংখ্যার ৮৯.০৩ শতাংশ মুসলিম এবং বাকি ১০.৯৭ শতাংশ অন্যান্য ধর্মে বিশ্বাসী। ২০২২ সালের এসভিআরএস-এর তুলনায় ২০২৩ সালে জনসংখ্যার ধর্মীয় বিন্যাস কাঠামোতে তেমন পরিবর্তন পরিলক্ষিত হয় নি। শহর ও পল্লির মধ্যে ধর্মীয় বিন্যাসের ভিত্তিতে খুব সামান্যই ভিন্নতা পরিলক্ষিত হয়েছে। এ ধরনের স্থিরতা লিঙ্গভিত্তিক বিন্যাসের ক্ষেত্রেও বিরাজ করছে। সারণি ২.১২-এ জনসংখ্যার ধর্মভিত্তিক বিন্যাস প্রদর্শিত হয়েছে।

ময়মনসিংহ বিভাগে মুসলিম সংখ্যাগরিষ্ঠতার প্রধান্য সবচেয়ে বেশি। এ বিভাগের জনসংখ্যার প্রায় ৯৩.৮২ শতাংশই মুসলিম। অন্যান্য বিভাগের তুলনায় মুসলিম জনসংখ্যার অনুপাত সিলেট বিভাগে সবচেয়ে কম (৮১.০৫%)। শহরঞ্চলের (৮৮.৬০%)

The dependency ratio measures the number of inactive people whom each economically active person has to support. Dependents refer to people who are not in the workforce, such as those who are either too young or too old to work. The overall dependency ratio is 50 percent, meaning that 50 inactive persons are dependent on 100 economically active persons. The child dependency ratio defined as a ratio of the children under-15 years of age to the population aged 15–64 was estimated to be 44.22 percent. Aged dependency ratio defined as a ratio of the population aged 65 and over to the population aged 15–64 was found to be 9.43 percent. These two together make up the overall dependency ratio: 53.66.

More people in rural areas (55.68%) than in urban areas (47.49%) are dependent on the work force. The dependency ratio varies from as low as 48.49 percent in Rajshahi division to as high as 61.58 percent in Chattogram division. The results are summarized in Table 2.12.

2.6.4 Religious Composition

In 2023 round of SVRS, 89.03 percent of the population in the survey areas are Muslims and the remaining 10.97 percent are the followers of other religions, showing almost no change in religious composition from SVRS 2022 round. Rural-urban variation in religious composition is of little significance. This constancy also prevails by sex composition. Table 2.12 shows the results of religious composition.

Muslims dominate Mymensingh division with about 93.82 percent of the population of this division being of this religion. Compared to other divisions, the proportion of Muslim population is the lowest in Sylhet division (81.05%). More rural

তুলনায় পল্লি অঞ্চলে মুসলিম জনগোষ্ঠীর অনুপাত (৮৯.১৭%) কিছুটা বেশি।

২.৬.৫ সাক্ষরতার হার

এসভিআরএস জরিপ নিয়মিতভাবে নারী ও পুরুষ উভয়ের সাক্ষরতার তথ্য সংগ্রহ করে। সামগ্রিকভাবে ব্যক্তি ও সমাজজীবনে মানুষের জীবনধারা গঠনের ক্ষেত্রে সাক্ষরতা একটি গুরুত্বপূর্ণ উপকরণ। নারীদের সাক্ষরতা একটি বিশেষ গুরুত্ব বহন করে, কারণ এটি পরিবারে তাদের মর্যাদার সঙ্গে ঘনিষ্ঠভাবে সম্পর্কযুক্ত। নারীদের সাক্ষরতা সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় তাদের ক্ষমতায়ন বৃদ্ধি করে। পাশাপাশি একটি সুস্থ পরিবারের জন্য প্রয়োজনীয় স্বাস্থ্য ও পরিচ্ছন্নতা-বিষয়ক জ্ঞানে দীক্ষিত হতে এ সাক্ষরতা সহায়ক ভূমিকা রাখে।

একজন ব্যক্তি যদি সাধারণভাবে কোনো বাক্য লিখতে পারে, এসভিআরএস-এ তাকে সাক্ষর হিসেবে সংজ্ঞায়িত করা হয়েছে। এ পদ্ধতিতে প্রাপ্ত স্থূল সাক্ষরতার হার ‘সারণি ২.১২’-এ উপস্থাপন করা হয়েছে, যেখানে জনসংখ্যার অধ্যয়নরত অংশও অন্তর্ভুক্ত। উভয় লিঙ্গের স্থূল সাক্ষরতার হার ২০২২ সালের ৭২.৮৩ শতাংশ হতে ২০২৩ সালে বেড়ে দাঁড়িয়েছে ৭৬.১৫ শতাংশ। এর মধ্যে পুরুষ জনগোষ্ঠীর স্থূল সাক্ষরতার হার (৭৮.১৮%) নারীদের তুলনায় কিছুটা বেশি (৭৪.২২%)। স্থূল সাক্ষরতার হারে লৈঙ্গিক ব্যবধান ৩.৯৬ শতাংশ পয়েন্ট, যা পুরুষ জনগোষ্ঠীর অনুকূলে। বরিশালে এ ব্যবধান ১.৯৯%, চট্টগ্রাম বিভাগে ২.৭০ শতাংশ ও রংপুর বিভাগে তুলনামূলক সবচেয়ে বেশি ব্যবধান (৬.৬২%)। পূর্ববর্তী বছরগুলোর জরিপ ফলাফলের সঙ্গে তুলনা করলে দেখা যায়, স্থূল সাক্ষরতার হার গত কয়েক বছরে ক্রমবর্ধমান হারে উর্ধ্বমুখী প্রবণতায় রয়েছে।

সাক্ষরতার হারের দুটি মাত্রা নিরূপণের জন্য প্রাপ্তবয়স্ক সাক্ষরতার উপাত্ত ব্যবহার করা হয়েছিল। এর একটি হলো যাদের বয়স ৭ বছর বা তদূর্ধ্ব এবং অন্যটি হলো যাদের বয়স ১৫ বছর বা তদূর্ধ্ব। উভয় ক্ষেত্রেই একজন ব্যক্তিকে সাক্ষর হিসেবে গণ্য করার জন্য বাক্য লেখার সক্ষমতাকে তার যোগ্যতা হিসেবে গণ্য করা হয়েছিল। উভয় ক্ষেত্রে সাক্ষরতার হার নির্ণয়ের জন্য জনসংখ্যার নমুনা গ্রহণ করা হয়েছিল ৭ বছর বা তদূর্ধ্ব এবং ১৫ বছর বা তদূর্ধ্ব বয়সীদের মধ্য থেকে।

সাত বছর বা তদূর্ধ্ব বয়সী জনসংখ্যার সাক্ষরতার হার ৭৭.৮৮ শতাংশ। সাক্ষরতার হার পল্লি জনসংখ্যার তুলনায় শহরাঞ্চলে জনসংখ্যার মধ্যে উল্লেখযোগ্যভাবে বেশি। পল্লি অঞ্চলে সাক্ষরতার হার ৭৫.৫৪%, আর শহরাঞ্চলে এ হার ৮৫.৩৬ শতাংশ। বিভাগ পর্যায়ের হিসাবে দেখা যায়, বরিশাল বিভাগে সাত বছর বা তদূর্ধ্ব বয়সী জনসংখ্যার সাক্ষরতার হার সবচেয়ে বেশি, যা ২০২২ সালের তুলনায় কিছুটা বেশি; ৮৪.৩০ শতাংশ। এর পরের অবস্থানে রয়েছে ঢাকা বিভাগ। এ বিভাগে সাক্ষরতার হার ৭৯.৯২ শতাংশ এবং খুলনা বিভাগে তা ৭৯.২২ শতাংশ। সর্বনিম্ন সাক্ষরতার হার পাওয়া গেছে ময়মনসিংহ বিভাগে। এ বিভাগে সাক্ষরতার হার ৭৩.০৯ শতাংশ।

people (89.17%) than the urban people (88.60%) are Muslims.

2.6.5 Literacy Rate

The SVRS collects information on the literacy of both men and women on a regular basis. Literacy is an important element in shaping the lifestyle of individuals and societies at large. Women's education is of particular importance since it is closely associated with their status in the family. Women's education empowers women in the decision-making process and educates them with better knowledge of health and hygiene for a healthy family.

In the SVRS, a person has been defined as literate if he/she is able to write a simple sentence. The crude literacy rate obtained thus is presented in Table 2.12 for the population. The overall crude rate for both sexes together increased to 76.15 percent in 2023 from 72.83 percent in 2022. Males are marginally more likely (78.18%) to be literate than their female counterparts (74.22%). The sex differentials in crude literacy rate are in favour of males by a margin of 3.96 percent points. This margin of difference in Barishal divisions is 1.99%, in Chattogram divisions 2.70 percent and the margin of difference is highest in Rangpur divisions 6.62 percent. Comparison of these rates with the previous year's tends to indicate that the overall literacy has shown an increasing trend over the last few years.

The data on adult literacy were utilized to compute two variants of literacy rate: one for those who are aged 7 years and over and the other for those who are 15 years and over. In both the cases, the ability to write a sentence was regarded as the qualification of a person to be reckoned as literate. In computing either of these rates, the total population in the denominator were population aged 7 and over or 15 and over.

The literacy rate for the population aged 7 years and over is 77.88 percent. The literacy rate is significantly higher (85.36%) among the urban population than among the rural population (75.54%). Barishal division has the highest rate of literacy (84.30%), increased from its level in 2022, followed by Dhaka division with a literacy rate of 79.92 percent and Khulna division of 79.22

সাক্ষরতার হারে পল্লি ও শহরের মধ্যে ব্যবধানের প্রান্তসীমা ৯.৮২ শতাংশ, যা উল্লেখযোগ্যভাবে লক্ষণীয় বিষয়। পুরুষ ও নারী উভয়ের সাক্ষরতার হারের ক্ষেত্রেই এ ব্যবধান বিদ্যমান। পল্লি ও শহরের পুরুষ জনগোষ্ঠীর সাক্ষরতার হারের ব্যবধানের প্রান্তসীমা ৯.৮৫ শতাংশ এবং নারীদের ক্ষেত্রে তা ৯.৭৭ শতাংশ।

১৫ বছর ও তদূর্ধ্ব বয়সীদের মধ্যে সাক্ষরতার হার ৭৫.৫৬ শতাংশ। 'সারণি ২.১২'-এ এ-সংক্রান্ত ফলাফল দেখানো হয়েছে। এতে দেখা যায় যে, লিঙ্গ নির্বিশেষে শহরাঞ্চলের প্রাপ্তবয়স্ক সাক্ষরতার হার পল্লি এলাকার প্রাপ্তবয়স্ক সাক্ষরতার হারের তুলনায় অনেক বেশি। সব ক্ষেত্রে ৭ বছর ও তদূর্ধ্ব বয়সীদের জন্য প্রাপ্ত সাক্ষরতার হার ১৫ বছর ও তদূর্ধ্ব বয়সীদের সাক্ষরতার হারের চেয়ে কম। এ দুটি শ্রেণিতে বিভাগীয় পর্যায়ে সামগ্রিক সাক্ষরতার হারের সামঞ্জস্য বিচার করলে দেখা যায়, বিভাগ পর্যায়ে সাক্ষরতার হারে পুরুষদের পাল্লা বেশি ভারী।

২.৬.৬ মোবাইল ফোনের মালিকানা

মোবাইল ফোন বা সেলফোন বিশ্বব্যাপী অনেক মানুষের জন্য অত্যাবশ্যকীয় উপকরণে পরিণত হয়েছে। পরিবার ও ব্যবসায়িক সহযোগীদের সঙ্গে সংযোগ রক্ষা করা এবং ইমেইল ব্যবহার করার জন্য সেলফোনের প্রয়োজন হয়, যা এটির ক্রমবর্ধমান গুরুত্ব আরও বাড়িয়েছে। বর্তমান সময়ের প্রযুক্তিগতভাবে উন্নত মোবাইল ফোনগুলো কেবল ফোন কল গ্রহণ এবং কল প্রদান করতেই সক্ষম নয়, বরং তা ইন্টারনেট ব্যবহার, তথ্য-উপাত্ত সংরক্ষণ, ছবি তোলা, এমনকি ওয়াকিটকি হিসেবেও এগুলো ব্যবহার করা যায়। এ ফোনে আরও যে সমস্ত সুবিধা রয়েছে, এখানে তার সামান্য কয়েকটি বর্ণনা করা হয়েছে। মাত্রা মোবাইল ফোন অন্যদের সঙ্গে সংযুক্ত থাকা এবং ব্যবহারকারীকে নিরাপত্তাবোধ প্রদান করার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ অনুষ্ठा। জরুরি পরিস্থিতিতে কারও কাছে একটি মোবাইল ফোন থাকলে তা অন্যদের দ্রুত তার কাছে পৌঁছাতে সাহায্য করতে পারে এবং জীবন রক্ষায় সহায়তা করতে পারে। যাহোক, ব্যক্তিগত নিরাপত্তার উর্ধ্ব আরও অনেক কিছুতেই মোবাইল ফোনের গুরুত্ব অপরিমিত।

এসভিআরএস ২০২৩-এ ৫ বছর বা তদূর্ধ্ব বয়সী ৫৯.৮৬ শতাংশ মানুষ মোবাইল ফোনের ব্যবহারকারী বলে জানা গেছে। পল্লি অঞ্চলের মানুষদের (৫৭.৫২%) তুলনায় শহরাঞ্চলের মানুষের (৬৭.৩২%) ব্যক্তিগত ব্যবহারের জন্য মোবাইল ফোন থাকার প্রবণতা অন্তত ৯.৮০ শতাংশ পয়েন্ট বেশি। সবচেয়ে বেশি ঢাকা বিভাগের ৬৪.২১ শতাংশ বাসিন্দাদের মোবাইল ফোন রয়েছে। সিলেট বিভাগে এ হার সর্বনিম্ন। এ বিভাগে ৫৩.৩৮ শতাংশ মানুষের ব্যক্তিগত ব্যবহারের মোবাইল ফোন রয়েছে। মোটামুটিভাবে আটটি প্রশাসনিক বিভাগের বাসিন্দাদের মধ্যে সক্রিয় সিম কার্ডসহ একটি

percent. The lowest literacy rate (73.09%) prevails among the people of Mymensingh division. Rural-urban difference in literacy is significant higher in urban areas: 9.82 percent. It is also evident in both male and female literacy rates varying by a margin of 9.85 percent and 9.77 percent respectively.

The corresponding rate for those who are 15 years and over is 75.56 percent. As the results in Table 2.12 show, the urban adult literacy rate is substantially higher than the rural adult literacy rates irrespective of sex. In all cases, literacy rates derived for those who are aged 7 year and above are lower than those calculated for those who are 15 years and above. Keeping consistency with the overall literacy rates under these two categories, the divisional level of estimates is seen to speak in favour of males so far as the literacy rate is concerned.

2.6.6 Ownership of Mobile Phone

Mobile phones, also called cell phones have become a necessity for many people throughout the world. The ability to keep in touch with family, business associates, and access to email are only a few of the reasons for the increasing importance of cell phones. Today's technically advanced mobile phones are capable of not only receiving and placing phone calls, but internet surfing, storing data, taking pictures, and can even be used as walkie talkies, to name just a few of the available options. Mobile phones are the perfect way to stay connected with others and provide the user with a sense of security. In the event of emergency, having a mobile phone can allow help to reach you quickly and could possibly save lives. However, the importance of mobile phones goes way beyond personal safety.

As much as 59.86 percent of people over 5 years and above in survey areas were reported to be having of mobile phone for personal use in SVRS 2023. Urban people (67.32%) are at least 9.80 percent point more likely to have a mobile phone for personal use than their rural counterparts (57.52%). Residents of Dhaka Division are observed as the highest in number to possess the mobile phone for personal use in 64.21 percent of cases. Least use (53.38%) is reported in Sylhet division. By and large, no significant differences

মোবাইল ফোনের মালিকানার ক্ষেত্রে তেমন উল্লেখযোগ্য কোনো পার্থক্য লক্ষ করা যায় নি।

এসভিআরএস ২০২৩-এ দেখা যায়, প্রাপ্তবয়স্কদের মধ্যে (১৫ বছর ও তদূর্ধ্ব) মোবাইল ফোনের ব্যবহার ৭৪.২৪ শতাংশ এবং পুরুষ ও নারীদের মধ্যে মোবাইল ফোন ব্যবহারের ক্ষেত্রে বড় ধরনের ব্যবধান রয়েছে। এ ব্যবধানের প্রান্তসীমা ২৩.৬৯ শতাংশ। পল্লি ও শহর উভয় ক্ষেত্রেই এ ব্যবধান পরিলক্ষিত হয়। এমনকি পল্লি জনগোষ্ঠী (৭১.৫৫%) ও শহরাঞ্চলের জনগোষ্ঠীর মধ্যেও (৮২.৭১%) মোবাইল ফোনের মালিকানার আনুপাতিক হারে বড় পার্থক্য বিদ্যমান। বিভাগ পর্যায়ে হিসাবে দেখা যায়, মোবাইল ফোনের মালিকানা ঢাকা বিভাগ সবচেয়ে এগিয়ে (৭৯.৩১%)। অন্যদিকে, সিলেট বিভাগে মোবাইল ফোনের মালিকানার হার সর্বনিম্ন (৬৮.৪২%)।

২.৬.৭ ইন্টারনেট ব্যবহারে অভিজ্ঞতা

ইন্টারনেট হলো একটি বিশ্বব্যাপী পাবলিক কম্পিউটার নেটওয়ার্ক। এটি ওয়ার্ল্ড ওয়াইড ওয়েবসহ বেশ কয়েকটি যোগাযোগ পরিষেবায় অভিজ্ঞতা প্রদান করে পাশাপাশি ইন্টারনেট পরিচালনায় ব্যবহৃত ডিভাইস নির্বিশেষে (শুধু কম্পিউটারের মাধ্যমেই এ কাজগুলো সম্পাদন হয় না, বরং মোবাইল টেলিফোন, ট্যাবলেট, পিডিএ, গেম মেশিন, ডিজিটাল টিভি ইত্যাদির মাধ্যমেও হতে পারে) এটি ইমেইল, সংবাদ, বিনোদন ও ডেটা ফাইল আদানপ্রদান করে। একটি নির্দিষ্ট বা মোবাইল নেটওয়ার্কের মাধ্যমে ইন্টারনেটে অভিজ্ঞতা পাওয়া যায়।

২০২৩ সালের এসভিআরএস জরিপে দেখা যায়, ৫ বছর ও তদূর্ধ্ব বয়সী জনসংখ্যার ৪৫.৬৬ শতাংশ এবং ১৫ বছর ও তদূর্ধ্ব বয়সী জনসংখ্যার ৫০.০৭ শতাংশ বিভিন্ন মাধ্যমে ইন্টারনেট ব্যবহার করছে। ইন্টারনেট ব্যবহারের ক্ষেত্রে শহর ও পল্লিতে বিস্তারিত ব্যবধান রয়েছে। একই ধরনের ব্যবধান ৫ ও তদূর্ধ্ব এবং ১৫ ও তদূর্ধ্ব বয়সী পুরুষ ও নারী ব্যবহারকারীর মধ্যেও বিদ্যমান। ৫ ও তদূর্ধ্ব বয়সীদের মধ্যে ইন্টারনেট ব্যবহারের অনুপাত সবচেয়ে বেশি ঢাকা বিভাগে। বিভাগটিতে এ হার ৫৭.৮৮ শতাংশ। অন্যদিকে, রংপুর বিভাগে এ অনুপাত অপ্রত্যাশিতভাবে সর্বনিম্ন। সেখানে এ বয়সভিত্তিক গোষ্ঠীর মধ্যে ইন্টারনেট ব্যবহারকারীর অনুপাত ২৮.৯৫ শতাংশ। ১৫ বছর ও তদূর্ধ্ব বয়সীদের ক্ষেত্রে ইন্টারনেট ব্যবহারের একই চিত্র পরিলক্ষিত হয়েছে।

২.৬.৮ আর্থিক অন্তর্ভুক্তিতে অভিজ্ঞতা

বিগত ১২ মাসের মধ্যে প্রাপ্তবয়স্কদের (১৫ বছর ও তদূর্ধ্ব বয়সী) মধ্যে যাদের ব্যাংক বা অন্য কোনো আর্থিক প্রতিষ্ঠানে হিসাব (নিজের নামে হিসাব অথবা অন্যের সঙ্গে যৌথ নামে হিসাব) বা ব্যক্তিগত মোবাইল ফোনের মাধ্যমে কোনো আর্থিক সেবা প্রতিষ্ঠানে অ্যাকাউন্ট আছে, তারা আর্থিক অন্তর্ভুক্তিতে যুক্ত হয়েছে বলে জরিপে বিবেচনা করা হয়েছে। একজন ব্যক্তি অ্যাকাউন্টের মালিকানা বলতে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক কোনো

were noted in ownership of a mobile phone with active SIM Card among the residents of 8 administrative divisions.

Mobile phone use among the adults (15 years and above) is 74.24 percent in SVRS 2023 with a big difference between males and females with a margin of 23.69 percent. The pattern is the same both in rural and urban set up. Significant difference is also observed between rural (71.55%) and urban population group (82.71%). Dhaka division (79.31%) dominates in the ownership of the mobile telephone while Mymensingh division the lowest (68.42%) among all divisions.

2.6.7 Access to Internet

The Internet is a worldwide public computer network. It provides access to a number of communication services including the World Wide Web and carries email, news, entertainment and data files, irrespective of the device used (not assumed to be only via a computer- it may also be by mobile telephone, tablet, PDA, games machine, digital TV, etc.). Access to internet can be via a fixed or mobile network.

In 2023 round of SVRS, it was observed that 45.66 percent of 5 years and above population and 50.07 percent of 15 years and above population are using internet through various means. The use of internet is marginal in terms of rural and urban as well as males and females of both 5 and above years and 15 and above years. Among the 5 years and above population, Dhaka Division (57.88%) holds the highest position while Rangpur division unexpectedly the lowest with a prevalence of 28.95 percent. The pattern is similar for those who are 15 years and above.

2.6.8 Access to Financial Inclusion

The percentage of adults (ages 15+) who were reported to have an account (by themselves or together with someone else) at a bank or another type of financial institutions or personally using a mobile money service in the past 12 months are considered as having access to financial inclusion services. Account ownership is defined as ownership of an individual or jointly owned account at a regulated institution, such as a bank,

নিয়ন্ত্রিত আর্থিক প্রতিষ্ঠান, যেমন ব্যাংক, ঋণদানকারী সংস্থা (ক্রেডিট ইউনিয়ন), ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান, পোস্ট অফিস অথবা মোবাইল আর্থিক সেবাদাতা (এমএফএস) প্রতিষ্ঠানে একটি ব্যক্তিগত বা যৌথ মালিকানাধীন হিসাবকে বোঝানো হয়েছে। ২০২৩ সালের এসভিআরএস জরিপে দেখা গেছে, দেশের অর্ধেকের বেশি তরুণ ও বয়স্ক জনগোষ্ঠীর (৫১.৭১%) কোনো না কোনো ব্যাংক বা অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান বা মোবাইল আর্থিক পরিষেবা প্রদানকারী প্রতিষ্ঠানে অ্যাকাউন্ট রয়েছে। তবে, সকল পর্যায়ে নারীরা আর্থিক অন্তর্ভুক্তির অভিজ্ঞতার ক্ষেত্রে পুরুষের তুলনায় পিছিয়ে রয়েছে। বিভাগগুলোর মধ্যে সবচেয়ে বেশি সংখ্যক প্রাপ্তবয়স্ক জনগোষ্ঠী আর্থিক অন্তর্ভুক্তির আওতায় আছে রংপুর বিভাগে। এ বিভাগে প্রাপ্তবয়স্কদের ৬৩.৯৪ শতাংশ আর্থিক অন্তর্ভুক্তির আওতায় আছে। অন্যদিকে, আর্থিক অন্তর্ভুক্তিতে সবচেয়ে পিছিয়ে রয়েছে সিলেট বিভাগ। এ বিভাগে ব্যাংকিং বা আর্থিক পরিষেবা অভিজ্ঞতার আওতায় এসেছে ৪৮.৩৯ শতাংশ তরুণী ও প্রাপ্তবয়স্ক।

২.৬.৯ শিক্ষা, কর্মসংস্থান বা প্রশিক্ষণের বাইরে থাকা (নিষ্ক্রিয়) তরুণ জনগোষ্ঠী

শিক্ষা, কর্মসংস্থান বা প্রশিক্ষণে বাইরে থাকা (নিষ্ক্রিয়) তরুণ জনগোষ্ঠী বলতে জনসংখ্যার সেই প্রাপ্তবয়স্ক অংশকে বোঝায় (১৫ থেকে ২৪ বছরের মধ্যে), যারা শিক্ষা, কর্মসংস্থান বা প্রশিক্ষণ কোনো কিছুতে সম্পৃক্ত নেই। যুব নিট জনগোষ্ঠীর হিসাবটি বর্তমান বিশ্বে যুব শ্রমশক্তির নিষ্ক্রিয় অংশের সংখ্যা জানার ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করে। পরে এর সহায়তায় তাদের চিহ্নিত করে শ্রমশক্তিতে নিয়োগ, শিক্ষায় প্রবেশ ও দক্ষতা উন্নয়ন কার্যক্রমে অন্তর্ভুক্ত করা সহজ হয়। এটি শ্রমবাজারে নিযুক্ত ও শ্রমবাজারের বাইরে থাকা সম্ভাবনাময় শ্রমশক্তির বিষয়ে ধারণা দিয়ে থাকে। এসভিআরএস ২০২৩-এ উঠে এসেছে যে, দেশের মোট যুব জনশক্তির প্রায় দুই-পঞ্চমাংশের (৩৯.৮৮%) কর্ম, শিক্ষা বা দক্ষতা উন্নয়নের জন্য কোনো আনুষ্ঠানিক প্রশিক্ষণ কর্মসূচিতে বর্তমানে নেই। মেয়েদের মধ্যে এ হার (৬০.৮৫%), যা পুরুষের তুলনায় উল্লেখযোগ্যভাবে বেশি (১৮.৩৫%)। দেশের সকল বিভাগ এবং পল্লি ও শহরাঞ্চলে নিট জনগোষ্ঠীর উপস্থিতি প্রায় একই রকম। এর মধ্যে সিলেট বিভাগ সর্বাধিক সংখ্যক নিট (৪৩.৭৯%) যুব জনশক্তির উপস্থিতি মিলেছে। অন্যদিকে, রংপুর বিভাগে নিট জনসংখ্যার হার সর্বনিম্ন; ৩৭.১৩ শতাংশ।

credit union, microfinance institution, post office, or mobile money service (MFS) provider. In 2023, it is evident that more than half of the total young and adult population (51.71%) have accounts with banks or other financial institutions or with mobile financial service providers. Females are comparatively having lower access to financial inclusion than those of males in all settings. Among the divisions, young and adult population of Rangpur division is observed to have highest access to financial inclusion (63.94%) while Sylhet division the lowest to have such access to banking or financial services (48.39%).

2.6.9 Youths not in Education, Employment or Training (NEET)

The NEET population refers to a group of young population of the proportion of youth (aged 15-24 years) not in education, employment, or training. Youth NEET is also a better measure of the current universe of potential youth labour market entrants as compared with the youth inactivity rate, as the latter includes those youth who are outside the labour force and are in education, and thus are furthering their skills and qualifications. In SVRS 2023 about two-fifths (39.88%) of the total youths are identified who are not in education, employment or in any formal training programme for their skill development. Among the females, the proportion is significantly higher (60.85%) than among males 18.35 percent. The rates are almost similar in both rural and urban areas as well as across the divisions. Sylhet division shows the highest NEET youths (43.79%) while Barishal division possess the lowest rate (37.13) of youth NEET.

Table 2.12: A few more characteristics of the Household population, SVRS 2023

Background Characteristics	Locality				Administrative Division						
	Total	Rural	Urban	Barishal	Chattogram	Dhaka	Khulna	Mymensingh	Rajshahi	Rangpur	Sylhet
1	2	3	4	5	6	7	8	9	10	11	12
Sex composition											
Male	49.07	49.17	49.04	50.23	47.8	48.88	49.29	49.85	49.72	50.19	48.04
Female	50.93	50.83	50.96	49.77	52.2	51.12	50.71	50.15	50.28	49.81	51.96
Dependency											
Dependency ratio	53.66	55.68	47.49	55.24	61.58	51.16	49.36	57.62	48.49	51.10	57.85
Religious composition											
Muslim	89.03	89.17	88.6	90.42	85.8	91.95	87.38	93.82	92.75	85.9	81.05
Hindu & others	10.97	10.83	11.4	9.58	14.2	8.05	12.62	6.18	7.25	14.1	18.95
Crude literacy rate											
Both sex	76.15	83.37	73.89	82.57	76.29	78.06	77.64	71.42	73.38	74.53	74.18
Male	78.18	85.46	75.88	83.56	77.71	80.1	79.83	73.47	75.51	77.83	76.05
Female	74.22	81.36	71.99	81.57	75.01	76.13	75.53	69.38	71.3	71.21	72.47
Literacy rate (7+ yrs.)											
Both sex	77.88	75.54	85.36	84.3	78.16	79.92	79.22	73.09	74.93	76.15	75.85
Male	80.11	77.75	87.6	85.47	79.81	82.13	81.64	75.35	77.25	79.69	77.91
Female	75.76	73.43	83.2	83.12	76.68	77.83	76.9	70.84	72.65	72.61	73.97
Adult Literacy Rate (15+ yrs.)											
Both sex	75.56	72.93	83.85	83.11	76.28	78.07	76.84	69.99	71.91	73.22	72.96
Male	78.56	75.98	86.65	84.97	78.89	80.91	79.9	72.98	75.05	77.7	75.75
Female	72.75	70.07	81.21	81.25	74.03	75.42	73.93	67.06	68.84	68.75	70.49
Proportion of individuals who own a mobile telephone (5+ yrs.)											
Both sex	59.86	57.52	67.32	62.92	60.26	64.21	60.9	54.59	57.74	56.52	53.38
Male	69.25	68.16	72.72	70.05	65.37	71.28	71.19	65.82	72.3	70.92	63.05
Female	50.88	47.36	62.13	55.77	55.64	57.49	50.96	43.45	43.4	42.07	44.53
Proportion of individuals who own a mobile telephone (15+ yrs.)											
Both sex	74.24	71.55	82.71	77.57	77.55	79.31	73.39	68.49	69.75	69.01	68.42
Male	86.46	85.32	90.03	86.42	85.61	88.68	86.33	82.86	87.38	86.59	82.08
Female	62.77	58.64	75.8	68.74	70.55	70.58	61.08	54.39	52.51	51.46	56.38
Proportion of individuals using the Internet (5+ years)											
Both sex	45.66	42.06	57.14	42.35	53.5	57.88	45.39	32.01	33.82	28.95	46.88
Male	51.88	48.51	62.59	49.23	56.9	63.1	51.86	40.53	42.62	38.19	52.99
Female	39.7	35.89	51.89	35.45	50.43	52.91	39.15	23.56	25.16	19.67	41.30
Proportion of individuals using the Internet (15+ years)											
Both sex	50.07	46.06	62.68	47.07	59.99	62.52	48.04	36.21	37.1	32.97	52.23
Male	58.03	54.29	69.78	55.66	65.18	69.25	55.99	46.98	47.67	44.25	60.62
Female	42.58	38.34	55.99	38.5	55.49	56.25	40.47	25.65	26.75	21.7	44.83

Background Characteristics	Locality					Administrative Division					
	Total	Rural	Urban	Barishal	Chattogram	Dhaka	Khulna	Mymensingh	Rajshahi	Rangpur	Sylhet
1	2	3	4	5	6	7	8	9	10	1	2
Individuals with an account at a bank or other financial institution or with an MFS provider (15+ years)											
Both sex	51.71	50.06	56.92	62.22	51.73	56.04	63.09	56.66	60.56	63.94	48.39
Male	61.57	59.74	67.32	71.88	59.97	66.84	73.40	68.86	72.88	72.57	59.54
Female	42.46	40.99	47.12	52.96	44.34	45.73	53.32	44.97	48.83	55.53	38.38
Youths (15-24 yrs.) Not in Education, Employment or Training (NEET)*											
Both sex	39.88	41.3	35.21	38.8	42.66	38.51	39.98	39.53	39.01	37.13	43.79
Male	18.35	18.61	17.42	19.05	19.78	18.11	16.68	19.88	15.3	15.72	24.87
Female	60.85	63.98	51.06	60.23	63.44	56.91	62.69	60.82	63.72	60.04	62.04
Total	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0

3.3 Measures of Reproduction


While the rates discussed so far involve the births of both sexes to females, there are some conventional rates that measure the replacement of the female population through female births only. Two such measures are:

- Gross reproduction rate (GRR), and
- Net reproduction rate (NRR).

(a) Gross Reproduction Rate

The gross reproduction rate (GRR) is similar to the total fertility rate except that it is the sum of age-specific fertility rates that include only female live births in the numerator. The way the GRR was defined in this report is as follows:

Figure 3.6: Trends in GRR, SVRS 2003–2023



এসভিআরএস ২০২৩ জরিপে যে তথ্য সংগ্রহ করা হয়েছে, তার মাধ্যমে সামগ্রিক প্রজনন হার (জিআরআর) পরিমাপ করা সম্ভব। সংগৃহীত উপাত্তের ভিত্তিতে নিরূপণ করা বাসস্থান, প্রশাসনিক বিভাগ ও ধর্মভিত্তিক সামগ্রিক প্রজনন হার সারণি ৩.৪-এ উপস্থাপন করা হয়েছে। জরিপ এলাকায় জিআরআরের সামগ্রিক মান দাঁড়িয়েছে ১.০৭। বরাবরের মতোই জিআরআরের মান শহরের তুলনায় পল্লি অঞ্চলে বেশি। পল্লি এলাকায় নারীদের জিআরআর হার ১.১৪। অন্যদিকে, শহরাঞ্চলের জিআরআর হলো ০.৮৬, যা ২০২২ সালের জিআরআরের তুলনায় কিছুটা বেশি। চট্টগ্রাম বিভাগের নারীদের মধ্যে জিআরআর হার সর্বোচ্চ (১.২৩) এবং ঢাকা বিভাগে তা সর্বনিম্ন (০.৯৪)। মুসলিম নারীদের মধ্যে জিআরআর হার হিন্দুদের তুলনায় বেশি। মুসলিমদের ক্ষেত্রে এ হার ১.১০ এবং হিন্দু নারীদের মধ্যে তা ০.৮৩।

(খ) নিট প্রজনন হার (এনআরআর)

প্রজননের আরেকটি পরিমাপক হলো নিট প্রজনন হার (এনআরআর)। এসভিআরএস জরিপের জন্য যে তথ্য সংগ্রহ করা হয়েছে, তা দিয়ে এ পরিমাপকটিরও প্রাক্কলন করা হয়েছে। মূলত নিট প্রজনন হার (এনআরআর) হলো জিআরআর থেকে মৃত্যুহার বাদ দেওয়ার পর যে অবশিষ্টাংশ থাকে, সেটাই এনআরআর। নিচে এটির সংজ্ঞা উল্লেখ করা হলো:

The SVRS 2023 collected data that permitted the computation of gross reproduction rate (GRR). The gross reproduction rates computed from the data are also presented in Table 3.4 by locality, division and religion. The overall GRR for the survey areas is 1.07. As expected, the GRR is higher among the rural women (1.14) than among the urban women (0.86), showing a little bit higher from its 2022 level. The highest GRR is prevalent among the women of Chattogram division (1.23) and the lowest in Dhaka division (0.94), the highest among the Muslim women (1.10) and lowest among the Hindu women (0.83).

(b) Net Reproduction Rate (NRR)

Another measure of reproduction is the net reproduction rate (NRR). The SVRS collected data permitted us to compute this rate. Essentially, the net reproduction rate (NRR) is a GRR adjusted for mortality. The definition of NRR is shown below:


Definition 3.7: The net reproduction rate (NRR) is a measure of the extent to which a cohort of newly born girls will replace themselves under the given schedules of age-specific fertility and mortality.

যদি কন্যাশিশুর জন্মের সময় থেকে তাদের মরণশীলতার হার বিবেচনা করা হয় এবং সেই সময়ের মধ্যে নবজাতক কন্যাশিশুর একটি কাল্পনিক দলগত গড়ে যত সংখ্যক কন্যাশিশু জন্মগ্রহণ করে, তাদের গড় হিসাবকে এনআরআর হিসেবে বিবেচনা করা হয়। আরও স্পষ্ট করে বলতে গেলে, মোট জনসংখ্যার মধ্যে একটি প্রজন্মের মায়েদের জায়গায় সংযোজন হওয়ার জন্য নতুন করে পর্যাপ্ত সংখ্যক কন্যাশিশুর জন্ম হচ্ছে কিনা, সেটির হিসাবকে এনআরআর হিসেবে চিহ্নিত করা হয়। ২০২৩ সালে নিট প্রজনন হারের প্রাক্কলন হলো ১.০৬। ২০২২ সালে এর মান ছিল ১.০৭। দেখা যাচ্ছে যে, গত বছরের তুলনায় এটি হ্রাস পেয়েছে।

The NRR tells how many daughters on the average, will be born to a hypothetical cohort of new-born girl babies during their child-bearing period, if the mortality of the girls from the time of their birth are considered? Further to state, NRR means that each generation of mothers is having exactly enough daughters to replace itself in the population.

The estimate of NRR in 2023 is 1.06. The value was 1.07 in 2022. It shows a decrease from last year.

Figure 3.7: Trends in NRR, SVRS 2003–2023



৩.৪ বৈবাহিক জন্মশীলতার হার

এ পর্যন্ত যে সমস্ত জন্মশীলতার পরিমাপক ব্যবস্থা সম্পর্কে আলোকপাত করা হয়েছে, সেগুলোর একটি প্রধান সমালোচনা হলো পরিমাপক ব্যবস্থাগুলোর একটিও সন্তান ধারণ সক্ষম জনসংখ্যার ওপর ভিত্তি করে প্রণীত নয়। বর্ণিত পরিমাপকগুলোর মধ্যে এমন নারীদেরও অন্তর্ভুক্ত করা হয়েছে, যারা কখনোই বিবাহবন্ধনে আবদ্ধ হন নি, অথবা যারা বিধবা বা তালাকপ্রাপ্ত হয়েছেন। এ ধরনের নারীরা বৈধ জন্ম বা সামাজিকভাবে স্বাভাবিক সন্তান ধারণের সংস্পর্শে আসেন না। বর্তমান পরিমাপক পদ্ধতিতে সে ক্ষেত্রে এক ধরনের পরিমার্জন প্রস্তাবিত হয়েছে, যেখানে বিবাহের সম্পর্কের ভিত্তিতে জন্মশীলতার হার নির্ধারণ করা হয়। এ পদ্ধতিতে শিশুর সমাজস্বীকৃত বৈধ জন্মসংখ্যা এবং বর্তমান বিবাহিত নারীদের হার উল্লেখ করা হয়। এভাবে প্রণীত জন্মশীলতার হারকে বৈবাহিক জন্মশীলতার বা বিবাহ-সংক্রান্ত জন্মশীলতার হার হিসেবে চিহ্নিত করা হয়।

এ পদ্ধতিটি সাধারণ প্রজনন হার (জিএফআর) ধারণার সঙ্গে ঘনিষ্ঠভাবে সম্পর্কযুক্ত। এটি একটি পরিমার্জিত জন্মশীলতার হার, যা হয় সাধারণ বৈবাহিক জন্মশীলতার হার (জিএমএফআর) নামেও পরিচিত। এটি কখনো কখনো জন্মশীলতার হার বিশ্লেষণে দরকারি হয়ে ওঠে।

3.4 Marital Fertility Rate

A major criticism of the basic fertility measures discussed so far is that they are not truly based on the population exposed to the risk of childbearing. They include women who have never married or who are widowed or divorced; such women are not exposed to legitimate births or socially normal childbearing. A refinement that is proposed, is therefore, is to compute nuptial fertility rates, in which the numerators refer to legitimate births and the denominators to currently married women. These rates are called marital fertility or nuptial fertility rates.

Closely related to the concept of general fertility rate, a refined fertility rate, called general marital fertility rate (GMFR) is sometimes found to be useful in fertility analysis.

Table 3.5: Age-specific marital fertility rates, SVRS 2023

Age Group	Locality				Division						Religion			
	Total	Rural	Urban	Barishal	Chattogram	Dhaka	Khulna	Mymensingh	Rajshahi	Rangpur	Sylhet	Muslim	Hindu	Others
1	2	3	4	5	6	7	8	9	10	11	12	13	14	15
15-19	0.21	0.21	0.20	0.19	0.23	0.20	0.19	0.20	0.21	0.21	0.17	0.21	0.21	0.22
20-24	0.18	0.18	0.16	0.18	0.20	0.15	0.17	0.20	0.16	0.17	0.22	0.18	0.16	0.17
25-29	0.13	0.13	0.12	0.13	0.14	0.12	0.13	0.15	0.12	0.12	0.15	0.13	0.11	0.09
30-34	0.08	0.08	0.07	0.09	0.09	0.08	0.07	0.08	0.07	0.08	0.10	0.08	0.07	0.10
35-39	0.03	0.03	0.03	0.04	0.04	0.03	0.03	0.04	0.03	0.03	0.05	0.04	0.02	0.02
40-44	0.01	0.01	0.00	0.01	0.01	0.01	0.00	0.01	0.01	0.01	0.01	0.01	0.00	0.01
45-49	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00
TMFR	3.18	3.27	2.89	3.16	3.64	2.91	2.97	3.39	2.97	3.10	3.48	3.21	2.87	3.03
GMFR	87.90	91.75	75.83	88.76	106.04	80.11	80.56	96.42	77.57	84.19	98.14	90.32	67.38	63.25

৩.৫ প্রসব-সম্পর্কিত সূচকসমূহ

এ অংশে নবজাতক ও কিশোরী মায়েদের সেবা ব্যবস্থাপনার বিষয়ে আরও কয়েকটি সূচক সারণি ৩.৬ থেকে সারণি ৩.১০ পর্যন্ত উল্লেখ করা হয়েছে। এ সূচকগুলো টেকসই উন্নয়ন অর্জনের (এসডিজি) সূচকগুলোর সঙ্গে ঘনিষ্ঠভাবে সম্পর্কিত।

(ক) প্রসবের স্থান

সারণি ৩.৬-এ বাংলাদেশের প্রশাসনিক বিভাগ ভিত্তিক জন্মস্থান উপস্থাপন করা হয়েছে। জরিপের নমুনা এলাকার মধ্যে মোট জন্মঘটনের (২০.৫৮%) সম্পন্ন হয়েছে বাড়িতে, যা ২০২২ সালের তুলনায় কমা ২০২২ সালে এ হার ছিল ২৮.৩ শতাংশ। সন্তান প্রসবের জন্য পরবর্তী পছন্দ ছিল বেসরকারি ক্লিনিকা সেখানে জন্ম হয়েছে ২৪.৪৭ শতাংশ শিশুরা তার পরের অবস্থানে রয়েছে স্থানীয় বেসরকারি হাসপাতাল। সেখানে মোট শিশুর ১২.২৭ শতাংশ ভূমিষ্ঠ হয়েছে। ভূমিষ্ঠ হওয়া প্রায় ৯.৪১ শতাংশ শিশুর জন্ম হয়েছে তাদের নিজস্ব নমুনা এলাকার বাইরে। যাই হোক, এসব জন্মঘটনাগুলোর সময় সনাতন ধাত্রী বা প্রশিক্ষিত প্রসূতি সেবাদানকারী বা উভয়ই উপস্থিত ছিলেন কিনা, সে বিষয়ে নিশ্চিত হওয়া যায় নি।

নমুনা এলাকার মধ্যে প্রসবের ক্ষেত্রে সর্বোচ্চ অনুপাত সিলেট বিভাগে (৩৯.০২%) এবং চট্টগ্রাম বিভাগে এ অনুপাত ২৭.৪২ শতাংশ। চট্টগ্রাম বিভাগের মায়েরা বেশি সংখ্যায় বেসরকারি হাসপাতালে প্রসবকালীন সেবা নিয়ে থাকেন। এ বিভাগে বেসরকারি হাসপাতালে শিশু জন্মের হার ২৪.১৮ শতাংশ। গত এক বছরে এ ক্ষেত্রে কোনো পরিবর্তন পরিলক্ষিত হয় নি। চট্টগ্রাম বিভাগে ক্লিনিকে বাচ্চা প্রসবের অনুপাত সবচেয়ে কম; মাত্র ৫.০৬ শতাংশ। খুলনা বিভাগে এ অনুপাত সর্বোচ্চ; ৪৬.৫৮ শতাংশ।

3.5 Delivery related indicators

A few more indicators related to the management of the newborns and the adolescent mothers are provided in Table from 3.6 through Table 3.10 in this section. These indices are closely related to the Sustainable Development Goals (SDG) indicators.

(a) Place of Delivery

Table 3.6 presents the place of births by administrative divisions of Bangladesh. Of the total births, 20.58 percent of the births took place at home within the sample areas in 2023 as compared to 28.3 percent in 2022. The next choice was the private clinic where 24.47 percent of the births took place, followed by private hospitals (10.2%). About 10.3 percent of the deliveries took place outside the sample areas. It could not however be ascertained whether these births were attended by traditional birth attendants or trained attendants or both.

Sylhet division appears to have the highest proportion (46.8%) of births delivered within the sample areas followed by Chattogram division (37.6%). Mothers of Chattogram division were more in proportion (19.7%) to receive delivery facilities in the private hospital, showing no change in this respect over the last one year. A large proportion of births ranging from as low as 4.7 percent in Chattogram division to as high as 40.8 percent in Khulna division took place apparently in private clinics.

Table 3.6: Place of birth by division, SVRS 2023

Place of Birth	Divisions									Total
	Barishal	Chattogram	Dhaka	Khulna	Mymensingh	Rajshahi	Rangpur	Sylhet		
1	2	3	4	5	6	7	8	9	10	
Sample household within PSU	27.37	27.42	13.82	9.18	27.20	11.48	23.26	39.02	20.58	
Another household within PSU	2.94	3.15	2.61	1.75	3.77	3.41	1.88	2.88	2.79	
Households outside PSU	10.73	7.18	10.07	7.47	13.20	13.42	9.10	5.18	9.41	
Govt. Medical College	9.32	8.39	7.79	5.06	9.80	8.47	7.96	11.96	8.24	
Govt. Specialised Hospital	1.62	2.00	1.43	2.46	1.31	1.64	1.80	2.39	1.80	
Govt. District Hospital	4.63	5.06	4.48	5.42	2.93	4.86	3.21	4.47	4.50	
MCWC	2.07	2.63	2.39	1.41	1.50	0.67	2.66	1.04	1.99	
UHC	3.22	4.46	2.33	4.51	3.24	2.91	3.52	4.65	3.52	
UH&FWC	1.89	2.82	1.53	1.28	0.93	2.13	2.55	2.15	1.99	
Community Clinic	4.49	2.80	3.69	5.08	3.37	6.70	6.87	4.21	4.38	
Other Govt. Facilities	0.82	0.89	0.70	1.15	0.48	1.66	1.22	0.54	0.94	

Place of Birth	Divisions									Total
	Barishal	Chattogram	Dhaka	Khulna	Mymensingh	Rajshahi	Rangpur	Sylhet		
1	2	3	4	5	6	7	8	9	10	
Permanent NGO Clinic	0.07	0.05	0.00	0.06	0.00	0.11	0.15	0.06	0.05	
Delivery Hut	0.95	3.84	5.07	1.64	1.81	1.28	1.22	3.86	2.99	
Private Medical College	3.09	24.18	16.74	6.86	2.97	6.64	2.64	7.70	12.27	
Private Hospital	26.78	5.06	27.26	46.58	27.47	34.48	31.95	9.77	24.47	
Private Clinic	0.01	0.02	0.02	0.00	0.00	0.07	0.02	0.00	0.02	
Others	0.00	0.05	0.06	0.10	0.00	0.05	0.00	0.12	0.05	
Total	100.00									

(খ) প্রসবে সহায়তাকারী

সারণি ৩.৭-এ বিভিন্ন প্রকারের প্রসবকালে সহায়তাকারীদের বিন্যাস তুলে ধরা হয়েছে। মোটাদাগে তাদের আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী দক্ষ, জাতীয় মানদণ্ড অনুযায়ী দক্ষ এবং অদক্ষ শ্রেণিবিন্যাস করা যায়। আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী দক্ষ সহায়তাকারীর সেবার আওতায় সন্তান প্রসব করেছে তিন-চতুর্থাংশের বেশি (৬৯.৬৮%)। এর মধ্যে ৫৫.৪২ শতাংশ প্রসবের সময় সনদধারী চিকিৎসক; ১২.৮৩ শতাংশে প্রশিক্ষিত নার্স এবং ১.৪৩ শতাংশ প্রসব পেশাদার ও শিক্ষিত মিডওয়াইফদের সহায়তায় সম্পন্ন হয়েছে। ৮৯.৭৫ শতাংশ প্রসব সম্পন্ন হয়েছে আন্তর্জাতিক মানদণ্ডের পাশাপাশি জাতীয় মানদণ্ড অনুযায়ী প্রশিক্ষিত দক্ষ স্বাস্থ্যসেবা প্রদানকারীর সহায়তায়। এসব স্বাস্থ্যসেবা প্রদানকারীর মধ্যে রয়েছে প্রশিক্ষিত প্রসব সহায়তাকারী, প্যারামেডিক/পরিবার কল্যাণ পরিদর্শক, স্বাস্থ্যসেবা সহকারী (এমএ)/সাব-অ্যাসিস্ট্যান্ট কমিউনিটি মেডিকেল অফিসার (এসএসসিএমও) এবং স্বাস্থ্য সহকারী/পরিবার কল্যাণ সহকারী। ১০.০৯ শতাংশ প্রসবে সহায়তা করেছে অদক্ষ সেবাদানকারীরা। আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী দক্ষ সেবাদানকারীর সহায়তায় প্রসূতি সেবার অনুপাত পল্লি অঞ্চলের তুলনায় শহরাঞ্চলে অনেক বেশি। শহরাঞ্চলে আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী দক্ষ চিকিৎসক, নার্স ও মিডওয়াইফের সহায়তায় ৮১.৪৮ শতাংশ প্রসব সম্পন্ন হয়। পল্লি অঞ্চলে আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী দক্ষ সেবাদানকারীর সহায়তা পান ৬৬.৫৮ শতাংশ প্রসূতি মা। এক্ষেত্রে পল্লি ও শহরে দক্ষ সেবাদানকারীর সহায়তা পাওয়ার মধ্যে ব্যবধান ১৪.৯ পয়েন্ট। প্রসূতি সেবায় জাতীয় মানদণ্ড অনুযায়ী দক্ষ সেবাদানকারীর উপস্থিতির হার পল্লির তুলনায় শহর অঞ্চলে বেশি। পল্লি অঞ্চলে এ ধরনের সেবাদানকারীরা ৮৮.২৬ শতাংশ প্রসবের ক্ষেত্রে সহায়তা করে থাকেন। শহরাঞ্চলে এটি ৯৫.৪২ শতাংশ। প্রসবকালে অদক্ষ সেবাদানকারীর সহায়তা গ্রহণের অনুপাত শহরাঞ্চলের তুলনায় পল্লি অঞ্চলে দ্বিগুণেরও বেশি।

(b) Birth Attendant

Table 3.7 shows the distribution of birth attendants of different categories. They can broadly be categorized as skilled as per international standard, skilled as per national standard and unskilled. Skilled health personnel as per international standard constitute more than three-fifths (69.68%) of birth assistance. It includes 55.42 percent of the deliveries attended by qualified physicians/doctors, 12.83 percent births attended by Nurse and 1.43 percent births were attended by professional educated midwives. 89.75 percent births were attended by other trained skilled health personnel as per national standards including Trained Birth Attendant, Paramedic/Family Welfare visitor, Medical Assistant (MA)/Sub-assistant Community Medical Officer (SACMO), Health Assistant/Family Welfare Assistant along with international standard. A total of 10.9 percent births were attended by unskilled attendants. Skilled attendants as per international standard in urban areas (81.48%) including qualified doctors, nurses and educated midwives surpassed their rural counterparts (66.58%) by a difference of 14.9 percent points. National standard skilled health personnel are found higher (95.42%) in urban areas as birth attendant than in rural areas (95.42%). Unskilled birth attendants in rural areas are more than double as likely as the urban attendants in urban areas to attend a delivery.

Table 3.7: Birth attendant by Locality, SVRS 2023

Attendant	Rural	Urban	Total
1	2	3	4
Physician/Doctor	52.74	65.62	55.42
Nurse	12.39	14.51	12.83
Midwife	1.45	1.35	1.43
Trained Birth Attendant	19.91	12.71	18.42
Paramedic/Family Welfare Visitor	0.66	0.5	0.63
CHCP/MA/SACMO	0.44	0.33	0.41
HA/FWA	0.67	0.4	0.61
NGO Worker	0.16	0.17	0.16
TBA	6.79	2.29	5.86
Quack	0.79	0.14	0.66
Neighbour/Relative/Friend	3.79	1.88	3.39
Others	0.02	0.00	0.02
No Attendant	0.18	0.08	0.16
Total	100.0	100.0	100.0

(গ) প্রসবের ধরন

বৈজ্ঞানিকভাবে সন্তান জন্মদান হলো গর্ভাবস্থার পরিসমাপ্তি, যার লক্ষ্য হলো প্রসূতির স্বাস্থ্যকে বিপন্ন না করে একটি সুস্থ সন্তানের জন্মের সম্ভাবনা নিশ্চিত করা। অস্ত্রোপচার, যা ব্যাপকভাবে সি-সেকশন নামে পরিচিত, এই ক্ষেত্রে অন্যতম প্রধান সমস্যা হিসাবে বিবেচিত হয়। কেননা, সন্তান জন্মদান সমস্ত সভ্যতার মধ্যে সবচেয়ে সূক্ষ্ম এবং উল্লেখযোগ্য স্বাস্থ্য ব্যবস্থা পরিষেবাগুলোর মধ্যে একটি বেশিরভাগ পরিস্থিতিতে যোনিপথে বা স্বাভাবিক জন্ম হলো সবচেয়ে আদর্শ এবং সবচেয়ে বেশি উপযোগী জন্ম পদ্ধতি, যেখানে সি-সেকশন এমন পরিস্থিতিতে সুপারিশ করা হয়ে থাকে যখন স্বাভাবিক প্রসব সম্ভব হয় না অথবা প্রসূতি বা নবজাতকের স্বাস্থ্য বিপন্ন হবার আশঙ্কা থাকে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে, ১০ থেকে ১৫ শতাংশ পর্যন্ত সি-সেকশন গ্রহণযোগ্য। জরিপ থেকে ডেলিভারির ধরন সম্পর্কিত প্রাপ্ত ফলাফল নিচের সারণি ৩.৮-এ তুলে ধরা হয়েছে।

(c) Type of Delivery

The goal of childbirth, as a science that ends in a pregnancy, is to increase the likelihood of having a healthy child without endangering the health of the mother. Caesarean sections, widely known as C-sections, are regarded as one of the key issues in this respect since childbirth is one of the most delicate and significant health system services in all civilizations. Vaginal birth is the most ideal and most frequently recommended birth method in most circumstances, whereas C-sections are meant to be reserved for situations when a natural delivery is not possible or if the health of the mother or the child is in danger. According to the World Health Organization, 10 to 15 percent of C-sections are acceptable. The results of related type of delivery options obtained from the survey are summarized in Table 3.8 below.

জাতীয় পর্যায়ে, ২০২৩ সালে সি-সেকশনের মাধ্যমে প্রতি পাঁচটির মধ্যে দুটির বেশি (৫০.৭৯%) জন্ম হয়েছে। পল্লি এলাকার তুলনায় সিটি কর্পোরেশন এলাকায় সি-সেকশনের প্রবণতা উদ্বেগজনক পরিস্থিতি হিসেবে পরিলক্ষিত হয়েছে। সিটি কর্পোরেশন এলাকায়, প্রতি পাঁচটির মধ্যে প্রায় তিনটির বেশি জন্ম (৬২.৬৮%) হয়েছে। সি-সেকশনের মাধ্যমে, যেখানে পৌরসভা ও অন্যান্য শহরাঞ্চলে এ হার ৫৮.৬২ শতাংশ এবং সর্বনিম্ন হার পল্লি এলাকায় (৪৮.৪৪%)। প্রশাসনিক বিভাগগুলোর মধ্যে সি-সেকশন ডেলিভারিতে খুলনা বিভাগ ৬৭.৮৫ শতাংশ নিয়ে সর্বোচ্চ অবস্থানে এবং স্বাভাবিক ডেলিভারিতে সিলেট বিভাগ ৬৬.১৪ শতাংশ নিয়ে সর্বোচ্চ অবস্থানে রয়েছে। সি-সেকশনের জন্য সবচেয়ে বেশি অবদান রাখা বেসরকারি স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান ক্যাটেগরি বেসরকারি প্রতিষ্ঠানে হওয়া মোট ডেলিভারির ৮৯.৩৬ শতাংশই সি-সেকশন দ্বিতীয় অবস্থানে আছে এনজিও পরিচালিত স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান; যেখানে তাদের ডেলিভারির ৫৬.০২ শতাংশ সি-সেকশনের মাধ্যমে হয়। পাবলিক বা সরকারি স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান ৫৫.৫৫ শতাংশ সি-সেকশনের মাধ্যমে হয়। প্রসূতির শিক্ষাগত যোগ্যতা ও সি-সেকশন করার মধ্যে নেতিবাচক সম্পর্ক লক্ষ করা গেছে। কেননা, উচ্চ শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন প্রসূতিদের সি-সেকশনের মাধ্যমে সন্তান জন্ম দেওয়ার প্রবণতা তুলনামূলক বেশি। সম্পদের কুইন্টাইল হিসাবের সাথে অস্ত্রোপচারের মাধ্যমে সন্তান প্রসবের ক্ষেত্র একই বিন্যাস পরিলক্ষিত হয়।

At the national level, more than two out of five births (50.79%) were given through C-section in 2023. The tendency of C-sections is observed as an alarming situation in City Corporation areas than in rural areas. In the City Corporations areas, more than three out of five births (62.68%) are given through C-Section while 58.62 percent are in Paurashabha and other urban areas and the lowest in rural areas (48.44%). Khulna Division is leading in C-section delivery with 67.85 percent while Sylhet Division is leading in normal delivery with 66.14 percent among the administrative divisions. Private health facilities are the highest contributing category with an 89.36 percent share of C-Section deliveries in their total cases. The second most prevalent facility type is NGO Facilities with 56.02 percent of their deliveries occurring through C-sections followed by public or government facilities with 55.55 percent C-sections of their cases. The mother's educational background is negatively correlated with the likelihood of a C-section because women with higher educational backgrounds are more likely to give birth by C-sections. Wealth Quintile also shows the same pattern for giving birth through C-section.



Figure 3.8: Type of Delivery by Area (%), SVRS 2023




Table 3.8: Type of Delivery by Locality, Division, Facility Type and Mother's Education, SVRS 2023

Characteristics	Delivery Type		Total
	Normal	C-Section	
1	2	3	4
Locality			
- Rural	51.56	48.44	100.00
- City Corporation	41.38	58.62	100.00
- Paurashabha and other urban	37.32	62.68	100.00
Division			
- Barishal	57.36	42.64	100.00
- Chattogram	61.21	38.79	100.00
- Dhaka	38.44	61.56	100.00
- Khulna	32.15	67.85	100.00
- Mymensingh	56.24	43.76	100.00
- Rajshahi	44.37	55.63	100.00
- Rangpur	50.61	49.39	100.00
- Sylhet	66.14	33.86	100.00
Facility Type			
- Home	99.99	0.01	100.00
- Public Facilities	44.45	55.55	100.00
- Private Facilities	10.64	89.36	100.00
- NGO Facilities	43.98	56.02	100.00
- Others (transport, etc.)	68.09	31.91	100.00
Mother's Highest Education			
- Never Attended School	75.44	24.56	100.00
- Primary level incomplete	49.07	50.93	100.00
- Primary/Grade-5 completed	64.81	35.19	100.00
- SSC/Equivalent completed	49.09	50.91	100.00
- HSC/Diploma//Equivalent completed	32.28	67.72	100.00
- Graduation and above completed	24.50	75.50	100.00
Wealth Quintile			
- Poorest	68.09	31.91	100.00
- Poorer	56.49	43.51	100.00
- Middle	46.71	53.29	100.00
- Richer	38.18	61.82	100.00
- Richest	29.04	70.96	100.00
Total	49.21	50.79	100.0

(ঘ) গর্ভকালীন পরিচর্যা

টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)'র মধ্যবর্তী সময়ে এসেও গর্ভাবস্থা-সম্পর্কিত প্রতিরোধযোগ্য মৃত্যুহার ও অসুস্থতাকে এখনও স্বাস্থ্যসেবার ক্ষেত্রে অন্যতম বোঝা হিসেবে গণ্য করা হয়। বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) অনুসারে, গর্ভবতী মা ও গর্ভের সন্তানের ক্ষেত্রে গর্ভাবস্থায়, প্রসবকালে ও প্রসবোত্তর সময়ে উচ্চ মানসম্পন্ন যত্নে অভিজগম্যতা থাকা উচিত। ডব্লিউএইচও গর্ভাবস্থায় দক্ষ স্বাস্থ্যকর্মীদের নিকট কমপক্ষে চারটি পরিদর্শনের পরামর্শ দেয়। এটি স্বাস্থ্য পরিষেবার অবিচ্ছেদ্য ও অপরিহার্য অংশ, যেটি এসডিজি সূচক ৩.৮.১-এর দ্বিতীয় রেখক হিসাবেও পরিমাপ করা হয়। এসডিআরএস ২০২৩ জরিপের ফলাফল সারণি ৩.৯-এ উপস্থাপন করা হয়েছে। ২০২৩ সালে সামগ্রিকভাবে ১৫-৪৯ বছর বয়সী সন্তান প্রসবকারী প্রসূতিদের মধ্যে ৩৯.০৮ শতাংশ তাদের প্রসবপূর্ব পরিচর্যার জন্য আন্তর্জাতিক মান অনুযায়ী দক্ষ স্বাস্থ্যকর্মী নিকট কমপক্ষে চারবার পরিদর্শন করেছেন। সিটি কর্পোরেশন এলাকায় প্রসবপূর্ব পরিচর্যা গ্রহণ সবচেয়ে বেশি লক্ষ করা গেছে (৬৮.৭৭%)। এর পরের অবস্থান পৌরসভা এবং অন্যান্য শহরাঞ্চলের (৫২.০৮%)। পল্লি এলাকার মায়েদের মধ্যে জাতীয় গড় থেকে এ হার উল্লেখযোগ্যভাবে কম (৩৪.৪৮%)।

(d) Antenatal Care (ANC) Coverage

Pregnancy-related preventable mortality and morbidity are still considered a health burden when the world is in the middle of the Sustainable Development Goals (SDGs). According to the World Health Organisation (WHO), all pregnant mothers as well as their babies should have access to high-quality care throughout the pregnancy, deliveries, and postpartum periods. WHO recommends at least four visits to skilled health personnel during the pregnancy period. It is an integral part, the second tracer of essential health services, is also measured as SDG Indicator 3.8.1. The results from SVRS 2023 are presented in Table 3.9. Overall 39.08 percent of women aged 15-49 years and who have given birth during 2023 were visited at least four times by skilled health personnel as per international standards for antenatal care services. Antenatal care-seeking coverage is observed to be the highest in City Corporation areas (68.77%) followed by Paurashabha and other urban areas (52.08%). The rate is significantly lower than the national average among mothers in rural areas (34.48%).

Figure 3.9: Coverage of Four or More Antenatal Care Visits, SVRS 2023




Table 3.9: Antenatal Care by Locality, Division and Mother's Education, SVRS 2023

Characteristics	Number of Antenatal Care Visit					Total	
	Never	Once	Twice	Thrice	Four or more		
	1	2	3	4	5	6	7
Locality							
- Rural		2.29	7.37	25.91	29.96	34.48	100.00
- City Corporation		1.43	3.21	16.70	26.59	52.08	100.00
- Paurashabha and other urban		0.69	1.99	8.73	19.81	68.77	100.00
Division							
- Barishal		2.74	7.68	25.65	31.13	32.80	100.00
- Chattogram		2.53	5.59	21.49	26.77	43.62	100.00
- Dhaka		1.77	5.45	22.09	26.61	44.07	100.00
- Khulna		1.14	5.14	19.50	29.44	44.77	100.00
- Mymensingh		3.04	10.44	29.96	28.31	28.25	100.00
- Rajshahi		1.70	6.89	25.58	32.50	33.33	100.00
- Rangpur		1.54	7.37	24.94	32.46	33.69	100.00
- Sylhet		2.89	6.77	27.15	30.08	33.11	100.00
Mother's Highest Education							
- Never Attended School		8.21	15.72	38.11	20.42	17.54	100.00
- Below Primary level		2.75	5.81	24.27	22.59	44.59	100.00
- Primary/Grade-5 completed		4.84	10.36	31.97	27.48	25.35	100.00
- Secondary/SSC completed		1.36	6.17	23.31	30.6	38.56	100.00
- Higher Secondary/HSC/Diploma completed		0.44	1.88	14.91	27.63	55.15	100.00
- Tertiary level/ Degree/ Honours/ master's and above completed		0.31	1.4	10.26	25.88	62.16	100.00
Total		2.07	6.44	23.54	28.88	39.08	100.00

বিভাগসমূহের মধ্যে ২০২৩ সালে গর্ভবতী প্রসূতিদের প্রসবপূর্ব পরিচর্যার জন্য চার বা তার বেশি বার পরিদর্শন হার ৪৪.৭৭ শতাংশ নিয়ে খুলনা বিভাগ শীর্ষে অবস্থান করছে। ঢাকা বিভাগ গর্ভাবস্থায় দক্ষ স্বাস্থ্যসেবা কর্মীদের সুপারিশকৃত কমপক্ষে চারটি পরিদর্শন বিবেচনায় নিলে প্রসবপূর্ব পরিচর্যার দ্বিতীয় সর্বোচ্চ অবস্থানে (৪৪.০৭%) রয়েছে। ময়মনসিংহ বিভাগের গর্ভবতী নারীরা কমপক্ষে চারটি প্রসবপূর্ব পরিচর্যা পরিদর্শনে সর্বনিম্ন কাভারেজ (২৮.২৫%) পরিলক্ষিত হয়েছে। মায়ের সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতাকে গর্ভাবস্থায় প্রসবপূর্ব পরিচর্যার জন্য একটি ইতিবাচক সম্পর্ক পরিলক্ষিত হয়েছে।

Among the divisions, Khulna division secured the top position with 44.77 percent of pregnant women visiting four or more times for antenatal care in 2023. Dhaka Division is second in higher coverage (44.07%) of antenatal care considering at least four recommended visits to skilled health care personnel during the pregnancy. At least four antenatal care visits were observed to the the lowest (28.25%) among the pregnant women of Mymensingh Division. Mother's highest educational qualification is identified as one of the enablers for seeking antenatal care during pregnancy showing a positive correlation.

(ঙ) কিশোরী বয়সে সন্তান প্রসব

শহর ও পল্লি অঞ্চলে কিশোরী বয়সে সন্তান জন্মদানের বিস্তার সারণি ৩.১০-এ দেখানো হয়েছে। সর্বশেষ এসভিআরএস জরিপের তথ্যে দেখা যায়, কিশোরীদের মধ্যে ১৫ থেকে ১৯ বছর বয়সী গ্রুপে মা হওয়ার অনুপাত সবচেয়ে বেশি; প্রতি ১০০০ কিশোরীর বিপরীতে ৮৪.৩১ মোট ভূমিষ্ঠ হওয়া শিশুর জন্মের ২১.০ শতাংশ সংঘটিত হয় এ বয়সভিত্তিক গোষ্ঠীর নারীদের মধ্যে। ১৫ বছরের কম বয়সী উল্লেখযোগ্য-সংখ্যক কিশোরীরাও মা হন। এ বয়সী গ্রুপের মধ্যে মা হওয়ার হার প্রতি ১০০০-এর বিপরীতে ০.৮১ কিশোরী বয়স অতিক্রান্ত হওয়ার (যথা: ২০ বছর বা তদূর্ধ্ব) পরের বয়সভিত্তিক নারীদের মধ্যে কিশোরীদের তুলনায় সন্তান প্রসবের হার বেশি। প্রতি ১০০০ জন নারীর বিপরীতে এ শ্রেণির জন্মশীলতার হার ৬৬.৫১।

(e) Births in Adolescence

Distribution of births to adolescents in urban and rural areas is shown in Table 3.10. The latest SVRS survey data reveal that adolescent woman in the age range 15–19 have the highest fertility rate: 84.3 per 1000 adolescents. Of the total births, 21.0 percent occurred to this group of women. A significant number of births also occur to the women under age 15 resulting in a birth rate of 0.8 per 1000 women. Beyond adolescence (i.e. at age 20 and above), the rate is a little bit higher with 66.5 per 1000 women than those of the adolescents' rate mentioned above.

Table 3.10: Births per 1000 adolescent women by Locality and current age, SVRS 2023

Age	Rural	Urban	Total	Percent of births
1	2	3	4	5
10-14	0.93	0.46	0.82	0.20
15-19	90.89	62.53	84.28	21.01
20+	70.03	56.32	66.51	78.80
Total	62.98	49.96	59.75	100.00

Table 3.11: Births per 1000 to adolescent women by division and current age, SVRS 2023

Age	Barishal	Chattogram	Dhaka	Khulna	Mymensingh	Rajshahi	Rangpur	Sylhet	Total
1	2	3	4	5	6	7	8	9	10
10-14	0.00	0.37	0.55	1.15	0.85	2.32	1.38	0.00	0.82
15-19	84.91	84.51	79.03	95.77	80.91	109.09	98.19	27.58	84.28
20+	69.59	81.55	59.43	60.87	75.49	56.54	62.19	75.92	66.51
Total	61.60	69.46	54.23	58.01	64.64	56.57	58.96	55.89	59.75

(চ) মৃত অবস্থায় জন্ম

এসভিআরএস-এ মৃত অবস্থায় জন্মের বিষয়ে ডব্লিউএইচও প্রদত্ত আন্তর্জাতিক সংজ্ঞা অনুসরণ করা হয়েছে। ডব্লিউএইচও'র সংজ্ঞা অনুসারে, ২৮ সপ্তাহের গর্ভধারণের সময় বা তার পরে প্রসবের কোনো লক্ষণ ছাড়াই হঠাৎ শিশুর ভূমিষ্ঠ হওয়াকে মৃত অবস্থায় জন্ম হিসেবে চিহ্নিত করা হয়েছে।

(f) Still Birth

SVRS follows the WHO recommended definition of still birth for international comparison. As per the WHO definition, a birth is considered to be still birth if a baby born with no signs of life at or after 28 weeks' gestation.

২০২৩ সালে জরিপে সামগ্রিক মৃত জন্মশীলতার হার রেকর্ড করা হয়েছে প্রতি ১০০০ জীবিত জন্মের বিপরীতে ১৩.৬। ২০২২ সালের তুলনায় এ হার বৃদ্ধি পেয়েছে। সারণি ৩.১২-এ দেখা যাচ্ছে, মৃতজন্ম সবচেয়ে বেশি সংঘটিত হয়েছে সিলেট বিভাগে। এ বিভাগে প্রতি ১০০০ জীবিত জন্মের বিপরীতে মৃত অবস্থায় জন্ম ২১.১। এক্ষেত্রে পরের অবস্থানে আছে রাজশাহী বিভাগ। বিভাগটিতে প্রতি ১০০০ জীবিত জন্মে মৃত জন্মের হার ১৯.৩। ঢাকা বিভাগে মৃত জন্মের হার সবচেয়ে কম; প্রতি ১০০০ জীবিত জন্মে ৮.৮।

২০২৩ সালের জরিপের ফলাফলে দেখা যায়, পল্লি অঞ্চলে নারীদের মধ্যে মৃত সন্তান প্রসবের হার শহরের তুলনায় বেশি। এক্ষেত্রে পল্লি ও শহরের অনুপাত হচ্ছে ১৪.৬২:৯.৪৮। এ ফলাফলগুলো ২০২২ সালের জরিপ ফলাফলের সঙ্গে সঙ্গতিপূর্ণ। ২০২২ সালেও পল্লি অঞ্চলের নারীদের মধ্যে শহর অঞ্চলের নারীদের তুলনায় মৃত সন্তান প্রসবের হার বেশি ছিল।

The overall still birth rate in the survey areas in 2023 round of survey is 13.6 per 1000 live births showing increase in a time span of one year since 2022. As shown in Table 3.12, still births occur with the highest frequency (21.1 per 1000 live births) in Sylhet division followed by Rajshahi division (19.3 per 1000 live births). The prevalence of still birth is the lowest (8.8 per 1000 live births) in Dhaka division.

In contrast to the survey results of 2023, the women in urban areas are less likely as the women in rural areas to have still births: 14.62 versus 9.48. These findings are in sharp contrast with the 2022 survey findings when the rural women were more likely to have still birth compared to their urban counterparts.

Table 3.12: Still birth rate (per 1000 live births) by Locality and division, SVRS 2023

Background characteristics	Still-birth rate
1	2
Locality	
Rural	14.62
Urban	9.48
Division	
Barishal	15.96
Chattogram	11.94
Dhaka	8.77
Khulna	13.67
Mymensingh	17.40
Rajshahi	19.31
Rangpur	12.75
Sylhet	21.14
Total	13.55

৩.৬ জন্মশীলতা ও প্রজননের গতিধারা: ১৯৮২-২০২৩

১৯৮২ সাল থেকে সিবিআর, জিএফআর, টিএফআর, জিআরআর এবং এনআরআরের সামগ্রিক নমুনাসমূহ তুলনার মাধ্যমে প্রতিবেদনের এ অংশে জন্মশীলতার হারের প্রবণতা বিশ্লেষণ করা হয়েছে। বিশ্লেষণান্তে প্রাপ্ত প্রাক্কলনসমূহ সারণি ৩.১৩-এ উপস্থাপন করা হয়েছে। বিশ্লেষণে দেখা যায়, ১৯৮৬ সাল পর্যন্ত

3.6 Trends in Fertility and Reproduction: 1982-2023

The trends in fertility over time have been examined in this section by comparing the CBR, GFR, TFR, GRR and NRR for the overall sample since 1982. Table 3.13 presents these estimates. The crude birth rate remained in the neighbourhood of 35 till

সামগ্রিক প্রজনন হার ছিল ৩৫-এর কাছাকাছি, যা পরবর্তী সময়ে হ্রাস পেতে শুরু করে এবং ২০০১ সালে ১৯-এ পৌঁছে তার মানে প্রায় ১৫ বছরে স্থূল জন্মহার প্রায় ৫০ শতাংশ হ্রাস পেয়েছে। তারপর প্রায় দুই থেকে তিন বছরের স্বল্প সময়ের জন্য এ হারটি ধীর গতিতে বৃদ্ধি পেতে থাকে। এরপর এটি ফের হ্রাস পেতে থাকে এবং ২০১৯ সালে তা এ যাবৎকালের সর্বনিম্ন পর্যায়ে পৌঁছে, ১৮.১। ২০২২ সালে এ হার বেড়ে ১৯.৮ এবং ২০২৩ সালে এ হার কমে ১৯.৪-এ পৌঁছেছে।

জিএফআরের বিবর্তনের ক্ষেত্রেও একই ধরনের বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়েছে। ১৯৮২ সালে বাংলাদেশে এটির হার ছিল ১৬৪, যা হ্রাস পেয়ে ২০২৩ সালে ৬৮.৫-এ নেমে এসেছে।

নারীদের মাথাপিছু মোট জন্মশীলতার হারে (টিএফআর) পতন ঘটেছে খুব দ্রুত গতিতে। ১৯৮২ সালে প্রতি নারীর বিপরীতে টিএফআর ছিল ৫.২১। ২০২০ সাল পর্যন্ত হ্রাস পেতে পেতে তা ২.০৪-এ নেমে আসে। তবে, ২০২২ সালে তা বেড়ে ২.২০ এবং ২০২৩ সালে এটি কমে ২.১৭-এ পৌঁছেছে।

চিত্র ৩.২ হতে শুরু করে চিত্র ৩.৬-এর মাধ্যমে জন্মশীলতার হারের প্রতিটি পরিমাপকের ফলাফল চিত্রের মাধ্যমে দেখানো হয়েছে, যা থেকে বিভিন্ন সময়ে জন্মশীলতার হারের প্রবণতা সম্পর্কে আরও স্পষ্ট ধারণা পাওয়া যাবে।

1986, which thereafter began to decline and reached to 19 in 2001, implying almost a 50 percent fall in about 15 years. The rate then recorded a slow rise for a short period of about 2 to 3 years and then started again to decline reaching to its lowest level (18.1) as recorded in 2019. This rate increased to 19.8 in 2022. Then in 2023, it has decreased to 19.4.

The GFR also displays the same characteristic features. Beginning with a value of as high as 164 in 1982, the rate reached to 68.5 in 2023.

The TFR declined sharply from 5.21 births per woman in 1982 to 2.04 in 2020. However, it significantly increased to 2.20 in 2022 and then decreased to 2.17 in 2023.

A diagrammatic view of each of the rates is shown in Figure 3.2 through Figure 3.6 to understand the fertility trends more vividly overtime.

Table 3.13: Trends in fertility as observed in the SVRS areas, 1982–2023.

Year	Fertility measures				
	CBR	GFR	TFR	GRR	NRR
1	2	3	4	5	6
1982	34.8	164	5.21	2.54	1.98
1983	35.0	162	5.07	2.45	1.92
1984	34.8	173	4.83	2.34	1.81
1985	34.6	156	4.71	2.20	1.79
1986	34.4	152	4.70	2.29	1.80
1987	33.3	150	4.42	2.14	1.69
1988	33.2	145	4.45	2.21	1.74
1989	33.0	144	4.35	2.10	1.72
1990	32.8	144	4.33	2.10	1.71
1991	31.6	145	4.24	2.06	1.70
1992	30.8	143	4.18	2.03	1.68
1993	28.8	138	3.84	2.01	1.57
1994	27.0	137	3.58	1.81	1.48
1995	26.5	130	3.45	1.68	1.48
1996	25.6	115	3.41	1.66	1.46

Year	Fertility measures				
	CBR	GFR	TFR	GRR	NRR
1	2	3	4	5	6
1997	21.0	110	3.10	1.52	1.37
1998	19.9	102	2.98	1.45	1.31
1999	19.2	84	2.64	1.29	1.25
2000	19.0	81	2.59	1.27	1.24
2001	18.9	80	2.56	1.26	1.23
2002	20.1	86	2.55	1.26	1.22
2003	20.9	84	2.57	1.24	1.20
2004	20.8	83	2.51	1.21	1.18
2005	20.7	82	2.46	1.19	1.17
2006	20.6	80	2.41	1.17	1.15
2007	20.9	79	2.39	1.17	1.14
2008	20.5	77	2.30	1.11	1.09
2009	19.4	72	2.15	1.07	1.06
2010	19.2	71	2.12	1.05	1.04
2011	19.2	70	2.11	1.04	1.03
2012	18.9	70	2.12	1.05	1.04
2013	19.0	71	2.11	1.02	1.01
2014	18.9	71	2.11	1.05	1.04
2015	18.8	69	2.10	1.05	1.00
2016	18.7	69	2.10	1.02	1.00
2017	18.5	68	2.05	1.02	1.00
2018	18.3	67	2.05	1.01	1.00
2019	18.1	66	2.04	1.01	1.00
2020	18.1	65	2.04	1.01	1.00
2021	18.8	66	2.05	0.99	0.98
2022	19.8	70	2.20	1.074	1.065
2023	19.4	68.5	2.17	1.07	1.06

এসভিআরএস ২০২৩-এ জেলাভিত্তিক জন্মশীলতার হারও উপস্থাপন করা হয়েছে, যা থেকে সিবিআর, জিএফআর ও টিএফআর সম্পর্কে ধারণা পাওয়া যায়। এসব হারের ফলাফল পৃথকভাবে মানচিত্র ৩.১, ৩.২ ও ৩.৩-এ উপস্থাপন করা হয়েছে।

৩.৭ জন্মনিবন্ধন

এসভিআরএস জরিপ ২০২৩-এ জন্মনিবন্ধন সংক্রান্ত তথ্য উপস্থাপন করা হয়েছে। সিভিল রেজিস্ট্রার মধ্যে জন্মনিবন্ধনকে 'অবিচ্ছিন্ন, স্থায়ী এবং সর্বজনীন রেকর্ডিং' হিসাবে সংজ্ঞায়িত করা

Birth data are also available for SVRS 2022 district-wise, from which CBR, GFR and TFR have been computed. Mapping of such rates has been shown separately in Maps 3.1, 3.2 and 3.3 respectively.

3.7 Birth Registration

In 2023 round of SVRS, information on birth registration has been presented. Birth registration is defined as 'the continuous, permanent and

হয়ে থাকে। জন্মের সময় শিশুদের নিবন্ধন করা হলো আইনের দৃষ্টিতে তাদের স্বীকৃতি, তাদের অধিকার রক্ষা এবং এ অধিকারগুলোর কোনো লঙ্ঘন যাতে না হয়— তা নিশ্চিত করার প্রথম পদক্ষেপ। বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নের লক্ষ্যে পরিকল্পনা প্রণয়নের উদ্দেশ্যে জন্মনিবন্ধন সংক্রান্ত তথ্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

সারণি ৩.১৪-এ এসভিআরএস ২০২৩ থেকে মোট জন্মনিবন্ধন হার ও পাঁচ বছরের কম বয়সী শিশুদের জন্মনিবন্ধন হার তুলে ধরা হয়েছে। এসভিআরএস ২০২৩ জরিপে দেখা যায় যে, মোট জনসংখ্যার মধ্যে জন্মনিবন্ধন হার ৬৩.৩৬%, যা ২০২২ সালের তুলনায় কিছুটা বেশি (৬০.৪৫%)। পুরুষদের তুলনায় (৬৪.৫০) নারীদের মধ্যে জন্মনিবন্ধন হার কম (৬২.২৬%)। পল্লি এলাকায় জন্মনিবন্ধন হার বেশি লক্ষ করা গেছে (৬৩.৮৮%)। শহর ও সিটি কর্পোরেশন এলাকার জন্মনিবন্ধন হারের মধ্যে তেমন কোনো পার্থক্য নেই (৬১.৭৩% ও ৬১.৫৮%)। প্রশাসনিক বিভাগ ভেদে দেখা যায় যে, চট্টগ্রাম বিভাগে জন্মনিবন্ধন হার সবচেয়ে বেশি (৭৮.৫৮%) এবং ঢাকা বিভাগে এ হার সবচেয়ে কম (৫৬.১৭%)। বয়স শ্রেণি লক্ষ করলে দেখা যায় যে, কম বয়সী জনসংখ্যার বড় অংশের ক্ষেত্রে (১৪ বছর বয়স পর্যন্ত), জন্মনিবন্ধন হার উর্ধ্বমুখী। সারণিতে দেখা যাচ্ছে যে, বয়স বৃদ্ধির সাথে সাথে জন্মনিবন্ধনের প্রবণতা হ্রাস পেয়েছে।

ধর্মের ভিত্তিতেও জন্মনিবন্ধনে বেশ বৈচিত্র্য লক্ষ করা যায়। বৌদ্ধ জনগোষ্ঠীর মধ্যে জন্মনিবন্ধন হার পাওয়া গেছে সর্বোচ্চ (৮৪.৪৩%) এবং এরপরের অবস্থানে আছে খ্রিস্টান জনগোষ্ঠী (৬৮.৮১%)। মুসলিমদের ক্ষেত্রে এ হার ৬৩.১৭%। অন্যান্য ধর্মের বাসিন্দাদের ক্ষেত্রে এ মান সর্বনিম্ন (৬১.৪২%)। সম্পদের মালিকানাভিত্তিক জনসংখ্যা শ্রেণিকরণের মাধ্যমে যদি জন্মনিবন্ধন হার পর্যালোচনা করা হয়, তাহলে দেখা যায় যে, অতি ধনী শ্রেণির মধ্যে এ হার সবচেয়ে বেশি (৭০.০৯%) এবং অতি দরিদ্র শ্রেণির মধ্যে এ হার সবচেয়ে কম (৫৮.২৮%)। সারণিতে আরও দেখায় যে, নারীদের মধ্যে শিক্ষার স্তর বৃদ্ধির সাথে সাথে জন্মনিবন্ধন হারও বৃদ্ধি পেয়েছে।

এসভিআরএস ২০২৩ জরিপে দেখা যায় যে, পাঁচ বছরের কম বয়সী শিশুদের জন্মনিবন্ধন হার ৩৯.৬৬%, যা ২০২২ সালের তুলনায় কম (৪৪.০৪%)। সামগ্রিকভাবে পাঁচ বছরের কম বয়সী শিশুদের ক্ষেত্রে লিঙ্গভেদে উল্লেখযোগ্য কোনো পার্থক্য নেই। পল্লি এলাকায় পাঁচ বছরের কম বয়সী শিশুদের জন্মনিবন্ধন হার সর্বোচ্চ (৪১.৭০%)। সিটি কর্পোরেশন এলাকায় এ হার সবচেয়ে

universal recording' within the civil registry. Registering children at birth is the first step in ensuring that their rights are recognized before the law, in order not to notice their rights are protected, and that any violation of these rights. Birth registration information is very important for the purpose of formulating plans for the socio-economic development of Bangladesh.

In the table 3.14, total birth registration rate and birth registration rate of under-5 children from SVRS 2023 are presented. The SVRS 2023 survey shows that the birth registration rate of the total population is 63.36% which is slightly higher than that of 2022 (60.45%). Birth registration rate is lower among females (62.26%) than males (64.50%). The birth registration rate was observed to be higher in rural areas (63.88%). There is no significant difference in the birth registration rate of urban and city corporation areas (61.73% and 61.58%). Among the administrative divisions, the birth registration rate is highest in Chittagong Division (78.58%). The rate is observed the lowest in Dhaka Division (56.17%). Looking at the age groups, it can be seen that for the larger part of the younger population (up to 14 years of age), the birth rate is on the rise. The table shows that the tendency of birth registration has decreased with increasing age.

On the basis of religion as well, notable variation can be seen in birth registration. Religion also appears to have an impact on the birth registration with the highest rate (84.43%) among the Buddhist community followed by the Christian community (68.81%). In case of Muslims, the rate is 63.17%. This value is the lowest (61.42%) for residents of other religions. By classifying the population based on wealth quintile if the birth rate is reviewed, it can be seen that this rate is the highest among the richest (70.09%) and the lowest among the poorest group (58.28%). The table also shows that as the education level among women increased, so does the birth registration rate.

The SVRS 2023 survey shows that the birth registration rate of under-5 children is 39.66% which is lower than in 2022 (44.04%). Overall, in use, there is no significant difference by sex among under-5 of children. The birth registration rate for under-5 of children was observed to be the highest

কম (২৬.৯৫%)। প্রশাসনিক বিভাগভেদে দেখা যায় যে, চট্টগ্রাম বিভাগে এ হার সবচেয়ে বেশি (৪৬.৬৭%)। পাঁচ বছরের কম বয়সী শিশুদের মধ্যে ৪ বছর বয়সীদের মধ্যে জন্মনিবন্ধন হার বেশি (৫৫.০১%)। ধর্মের ভিত্তিতে বৌদ্ধ জনগোষ্ঠীর মধ্যে জন্মনিবন্ধন হার পাওয়া গেছে সর্বোচ্চ (৬৪.৮৭%)। মোট জনসংখ্যা ও পাঁচ বছরের কম বয়সী শিশু-উভয় ক্ষেত্রেই মুসলিম জনগোষ্ঠীর মধ্যে জন্মনিবন্ধন হার কম পাওয়া গেছে।


in rural areas (41.70%). The rate is lowest in City Corporation areas (26.95%). Among the administrative divisions, the birth registration rate is the highest in Chittagong Division (46.67%). Among under-5 of children, birth registration rate is the higher (55.01%) among 4 years old children. Based on religion, the birth registration rate was found to be the highest among the Buddhist population (64.87%). For the total population and for under-5 of children-in both cases, birth registration rates have been found to be the lowest among the Muslim community.

Table 3.14: Birth Registration Rates by Different Background Characteristics, SVRS 2023

Background characteristics	Overall	Under-5
1	2	3
Sex		
Male	64.50	39.66
Female	62.26	39.67
Locality		
Rural	63.88	41.70
Urban	61.73	34.85
City Corporation	61.58	26.95
Division		
Barishal	60.18	36.41
Chattogram	78.58	46.67
Dhaka	56.17	31.02
Khulna	60.58	42.90
Mymensingh	57.83	36.88
Rajshahi	62.43	43.88
Rangpur	58.00	37.24
Sylhet	71.68	46.34
Age group (completed years)		
0	11.42	11.42
1	39.10	39.10
2	45.18	45.18
3	48.93	48.93
4	55.01	55.01
5-9	75.06	-
10-14	83.01	-
15-24	77.25	-
25-64	60.15	-
65+	37.37	-
Religion		
Muslim	63.17	39.27
Hindu	62.54	41.87
Christian	68.81	44.07


Background characteristics	Overall	Under-5
1	2	3
Buddhist	84.43	64.87
Others	61.42	54.71
Wealth quintile		
Poorest	58.28	38.01
Poorer	63.11	40.26
Middle	63.84	40.52
Richer	63.69	38.80
Richest	70.09	41.01
Mother's Education		
None	-	38.50
Primary	-	40.28
Secondary	-	41.32
Above secondary	-	38.62
Non-Formal/Others	-	26.55
Education level		
None	46.82	-
Primary	67.07	-
Secondary	72.54	-
Above secondary	74.99	-
Non-Formal Education/Others	70.23	-
Total	63.36	39.66

Figure 3.10: Birth Registration Status by Division, SVRS 2023







Map 3.1: Crude Birth Rate (CBR) by District, SVRS 2023




Map 3.2: General Fertility Rate by District, SVRS 2023




Map 3.3: Total Fertility Rate by District, SVRS 2023



Map 3.4: C-Section Delivery by District, SVRS 2023




Map 3.5: Antenatal Care Visit by District, SVRS 2023



Map 3.6: Proportion of Deliveries at Home by District, SVRS 2023



Map 3.7: Proportion of births attended by skilled health personnel by District, SVRS 2023



Map 3.8: Proportion of Children Under 5 years of Age whose Births have been Registered with a Civil Authority by District, SVRS 2023



Map 3.9: Proportion of Population whose Births have been Registered with a Civil Authority by District, SVRS 2023




অধ্যায় ৪:

মরণশীলতা ও এর পরিমাপকসমূহ

CHAPTER 4:

MORTALITY AND IT'S MEASURES





অধ্যায় ৪: মরণশীলতা ও এর পরিমাপকসমূহ

CHAPTER 4: MORTALITY AND ITS MEASURES

৪.১ মরণশীলতার পরিমাপকসমূহ

মৃত্যু অবস্থাকে (মৃত্যুর জন্য নির্ধারিত) মরণশীলতা হিসেবে বিবেচনা করা হয়। মরণশীলতার হার একটি দেশের গুরুত্বপূর্ণ জনমিতিক নির্দেশক। কারণ এটিতে একটি দেশের জনগণের স্বাস্থ্যের পরিস্থিতি প্রতিফলিত হয়। মরণশীলতার মাত্রা, ধরন ও গতিধারা একটি দেশের মৃত্যুহারের পরিস্থিতি, বৈশিষ্ট্যাবলি এবং সময়ের সঙ্গে এর তারতম্যের মাত্রা নির্দেশ করে। তাই স্বাস্থ্য ও দারিদ্র্য বিমোচন-সংক্রান্ত বিষয়ে পরিকল্পনা প্রণয়ন ও কর্মসূচি বাস্তবায়নের জন্য মৃত্যুহারের গতিধারার ধরন ও মাত্রার বিষয়ে মূল্যায়ন করা প্রয়োজন। ২০২৩ সালে এসভিআরএস জরিপ এলাকায় নিবন্ধিত মৃত্যুর পরিসংখ্যানের ওপর ভিত্তি করে এ অধ্যায়ে মৃত্যুহারের নিম্নবর্ণিত পরিমাপ উপস্থাপন করা হয়েছে:

- (ক) স্থূল মৃত্যুহার
- (খ) বয়ঃনির্দিষ্ট মৃত্যুহার
- (গ) শিশুমৃত্যু হার
- (ঘ) মাতৃমৃত্যু অনুপাত
- (ঙ) কারণ-নির্দিষ্ট মৃত্যুহার

৪.১.১ স্থূল মৃত্যুহার

মৃত্যু হার পরিমাপের সহজতম উপায় হলো স্থূল মৃত্যুর হার (সিডিআর) পরিমাপ পদ্ধতি। এ হার পরিমাপের জন্য যে উপাত্ত প্রয়োজন হয় তা হলো, কোনো নির্দিষ্ট সময়ের (সাধারণত এক বছর) মোট মৃত্যুর সংখ্যা এবং ঐ বছরে দেশের মোট জনসংখ্যা। এ হার সমগ্র দেশের জন্যও পরিমাপ করা যায়, আবার কোনো নির্দিষ্ট জনগোষ্ঠী যেমন- কোনো প্রশাসনিক বিভাগ, বসবাসের স্থান অথবা জনসংখ্যার অন্যান্য অংশের ওপরও মৃত্যুর হার পরিমাপ করা যায়। নিম্নোক্ত উপায়ে এটিকে আনুষ্ঠানিকভাবে সংজ্ঞায়িত করা হয়ে থাকে:

Definition 4.1: Crude death rate is the ratio of the number of deaths in an area during a specified period of time to the mid-year population of that area.

২০২৩ সালে জাতীয় পর্যায়ে প্রতি ১,০০০ জনসংখ্যার বিপরীতে সামগ্রিক স্থূল মৃত্যুহার (সিডিআর) ছিল ৬.১৩, যা আগের বছরে ৫.৮২-এর তুলনায় কিছুটা বেশি। হিসাবমতে, এক বছরের ব্যবধানে স্থূল মৃত্যুর হার বেড়েছে ৫ শতাংশের কিছুটা বেশি।

4.1 Measures of Mortality

Mortality refers to the state of being mortal (destined to die). Mortality rates and ratios are important demographic indicators reflecting the health situation of the population of a country. Levels, patterns, and trends in mortality indicate the mortality scenarios, characteristic features and extent of variation over time. Therefore, evaluation of the patterns and determination of the levels and trends in mortality are needed for the formulation of plans and implementation of programs especially in health and poverty alleviation related sectors. Based on the death statistics registered in the SVRS areas, in 2023, this chapter is designed to provide the following measures of mortality:

- (a) Crude Death Rate
- (b) Age-Specific Death Rate
- (c) Childhood Mortality Rate
- (d) Maternal Mortality Ratio
- (e) Cause-Specific Death Rate

4.1.1 Crude Death Rate

The simplest measure of mortality is the crude death rate (CDR). The data needed for the calculation of these rates are the number of deaths in a specified period of time usually one year and total population of the same period. The rate may be calculated for the country as a whole or for any defined part of the population, for example, for administrative division, region of locality or any other segments of the population. This can be defined formally as follows:

The overall crude death rate (CDR) at national level was computed to be 6.13 per 1000 population in 2023, as opposed to a slightly lower rate of 5.82 in the previous year, suggesting a marginal increase

শহরের তুলনায় পল্লি অঞ্চলে মৃত্যুহার বেশি। পল্লি অঞ্চলে সিডিআর পরিমাপ করে এ অনুপাত পাওয়া গেছে ৬.৪১। অন্যদিকে, শহরে এ হার ৫.২১। পূর্ববর্তী বছরের হারের সঙ্গে তুলনা করলে দেখা যায়, শহরাঞ্চলে এ হারে উল্লেখযোগ্যভাবে (৬ শতাংশ) বৃদ্ধি পেয়েছে। অন্যদিকে, পল্লি অঞ্চলে গত এক বছরে তেমন পরিবর্তন হয়নি।

বিভাগ পর্যায়ে হিসাব বিশ্লেষণ করলে দেখা যায়, বিভিন্ন বিভাগের মৃত্যুহারের মধ্যে সামান্য ব্যবধান বিদ্যমান। ঢাকা বিভাগে স্থূল মৃত্যুহার সর্বনিম্ন (৫.৫৫) এবং চট্টগ্রাম বিভাগে সর্বোচ্চ (৬.৫৪)। মুসলমানদের মধ্যে এ হার সর্বনিম্ন (৬.০১) এবং হিন্দু-মুসলিম ছাড়া অন্যান্য ধর্মাবলম্বীদের মধ্যে তা ৯.৩৬। ২০২২ সালের ফলাফলের তুলনায় ২০২৩ সালে মুসলমানদের মৃত্যুহার কিছুটা বেড়েছে। অন্যদিকে, হিন্দু ধর্মাবলম্বীদের ক্ষেত্রে হ্রাসের প্রবণতা লক্ষ করা যায়।

সম্পদ কুইন্টাইলের 'দরিদ্রতম' গোষ্ঠীর মধ্যে স্থূল মৃত্যু হার সবচেয়ে বেশি (৭.৫৮) তারপরে রয়েছে 'মধ্যম সম্পদশালী' গোষ্ঠী। এসভিআরএস ২০২৩-এ সবচেয়ে কম স্থূল মৃত্যুহার দেখা গেছে 'ধনীতম' সম্পদ শ্রেণির মধ্যে (৫.৩৯)। সারণি ৪.১-এ এ-সংক্রান্ত ফলাফলসমূহ তুলে ধরা হয়েছে।

of a little more than 5 percent in one year. In rural areas, the CDR is 6.41 as against a rate of 5.21 in the urban areas. These tend to suggest, when compared with the previous year's rate that there has been a small increase (6 percent) in the rate in the urban areas while the rural areas experienced no remarkable change over the last one year.

The rates vary marginally by division from as low as 5.55 in Dhaka division to as high as 6.54 in Chattogram division. The rate is the lowest (6.01) among the Muslims, and 9.36 among the other religions except Hindu and Muslim community. Compared to the 2022 findings, the rate of Muslims seems to increase in 2023, while the rate decreased among the Hindu community. The crude death rate among the 'poorest' wealth quintile group is the highest (7.58) followed by the 'middle' group. The 'richest' wealth quintile group are observed to experience lowest (5.39) crude death rate in SVRS 2023. The results are summarized in Table 4.1.

Table 4.1: Crude death rate per 1000 population by background characteristics, SVRS 2023

Background Characteristics	No of Sample Deaths	Sample Population (n)	Crude Death Rate
1	2	3	4
Locality			
Rural	6,383	995,491	6.41
Urban	1,611	309,074	5.21
Division			
Barishal	468	72,929	6.42
Chattogram	1,656	253,170	6.54
Dhaka	1,851	333,640	5.55
Khulna	938	144,694	6.48
Mymensingh	671	103,039	6.51
Rajshahi	1,036	166,630	6.22
Rangpur	845	147,247	5.74
Sylhet	529	83,215	6.35
Religion			
Muslim	6,979	1,161,504	6.01
Hindu	846	124,951	6.77
Others	170	18,109	9.36
Wealth Quintile			
Poorest	2,158	284,731	7.58
Poorer	1,759	298,786	5.89
Middle	1,677	283,519	5.91

Background Characteristics	No of Sample Deaths	Sample Population (n)	Crude Death Rate
Richer	1,358	244,034	5.56
Richest	1,042	193,495	5.39
Total	7,994	1,304,565	6.13

এ অধ্যায়ের শেষ দিকে মানচিত্র ৪.১-এ জেলাভিত্তিক স্থূল মৃত্যুর হার প্রদর্শিত হয়েছে।

৪.১.২ বয়ঃনির্দিষ্ট মৃত্যুহার

জন্মশীলতার হারের মতোই মৃত্যুর ঘটনাবলিও বয়স অনুসারে বিন্যস্ত করা যায় এবং বয়স অনুসারে উপস্থাপিত মৃত্যুকে বয়ঃনির্দিষ্ট মৃত্যু হার বলে।

The crude death rates by districts have been shown in Map 4.1 at the end of this chapter.

4.1.2 Age-Specific Death Rates

Like fertility, the deaths can be distributed by age and the resulting rates are called Age-specific Death Rates.

Definition 4.2: The age-specific death rate for persons of a given age x (or for a given age interval) is the number of persons who died at age x (or in the same age group) in a specified year divided by the population age x in the middle of the year.

সাধারণত প্রতি ১,০০০ জনসংখ্যার বিপরীতে এ মৃত্যুহার প্রকাশ করা হয় এবং পুরুষ ও নারীদের জন্য সেটি পৃথকভাবে হিসাব করা যায়। পল্লি ও শহরাঞ্চলের বাসস্থান এবং বয়স ও লিঙ্গের ভিত্তিতে এসভিআরএস ২০২৩-এর জরিপ এলাকায় অন্তর্ভুক্ত হওয়া মৃত্যুর পরিসংখ্যান ‘সারণি ৪.২’-এ দেখানো হয়েছে। বয়সভিত্তিক মৃত্যুহারের স্বাভাবিক ফলাফলসমূহ উল্লেখিত সারণিতে দেখানো হয়েছে। পরিসংখ্যানে দেখা যায়, সর্বোচ্চ মৃত্যুহার দেখা যায় বাল্য বয়সে। এরপর বয়স বাড়ার ফলে মরণশীলতার ঝুঁকি কমতে থাকে, সে সঙ্গে বয়সভিত্তিক মৃত্যুহারও কমতে থাকে। কম মৃত্যুহারের এ প্রবণতা ১০-১৪ বছর বয়স পর্যন্ত অব্যাহত থাকে। এরপর বয়স বাড়ার সঙ্গে সঙ্গে ফের মৃত্যুহার বাড়তে থাকে। বিশেষ করে যাদের বয়স ৫০ বা এর অধিক, তাদের ক্ষেত্রে এ বিষয়টি অত্যন্ত প্রাসঙ্গিক। ৬৫-৬৯ বছর বয়সী একজন ব্যক্তির মৃত্যুমুখে পতিত হওয়ার আশঙ্কা ৭০-৭৪ বছর বয়সীদের চেয়ে ৬৮ শতাংশ বেশি। সংগৃহীত তথ্য থেকে প্রাক্কলন করা যায়, গত বছরের তুলনায় ২০২৩ সালে ৭৫ ও তদূর্ধ্ব শ্রেণির বয়স্ক ব্যক্তিদের দীর্ঘদিন বেঁচে থাকার সম্ভাবনা বেশি। প্রত্যাশিত আয়ুষ্কাল প্রাক্কলনের ফলাফলে এটা ইতিবাচক প্রভাব ফেলে থাকতে পারে।

জরিপে একটি বিষয় লক্ষ করা গেছে, শহর, পল্লি ও বয়সের ভেদাভেদ নির্বিশেষে পুরুষদের মৃত্যুহার নারীদের তুলনায় বেশি। এ কারণে পুরুষদের প্রাক্কলিত প্রত্যাশিত আয়ুষ্কাল নারীদের তুলনায় কম।

The rate is usually expressed per 1000 population and can be calculated for males and females separately. The rates calculated for the sample areas by age and sex and by urban-rural locality based on the SVRS 2023 are shown in Table 4.2. The usual pattern of mortality by age is reflected in the rates presented in the table under reference: it is the highest during infancy, thereafter, tends to decrease as the risk of dying decreases as age advances and this pattern continues roughly till age 10-14 when it shows an upward trend due to higher risk of mortality at advanced ages. It is particularly true for those who are over age 50. A person aged 65-69 years is over 68 percent more likely as the person aged 70-74 years to die. The recorded data tend to indicate that the oldest persons of groups over 75 years in 2023 have higher chance of survival, especially the latter group, compared to the previous year. This is likely to contribute positively to the expectation of life.

It is important to note that the males are more likely to experience higher mortality at all ages irrespective of whether they come from urban areas or rural areas. This is contributing to the less expectation of life among the male population than females.

Table 4.2: Age specific death rates (ASDR) per 1000 population by Locality, SVRS 2023

Age group	Rural			Urban			Total		
	Male	Female	Both sex	Male	Female	Both sex	Male	Female	Both sex
1	2	3	4	5	6	7	8	9	10
<1	31.48	25.38	28.45	29.05	21.26	25.28	29.99	23.78	26.93
1-4	1.51	1.56	1.54	1.36	1.33	1.34	1.43	1.46	1.45
সারণি ৪.১৫-এ মৃত্যুর ১৫টি প্রধান কারণভিত্তিক মৃত্যুর শতাংশ বিন্যাসসমূহ তুলে ধরা হয়েছে। জরিপে যেসব মৃত্যুর ঘটনা অন্তর্ভুক্ত করা হয়েছে, তার মধ্যে ১৬.৭২ শতাংশই সংঘটিত হয়েছে হঠাৎ হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হওয়া বা হার্ট অ্যাটাকের কারণে। এর পরের অবস্থানে থাকা মস্তিষ্কে রক্তক্ষরণ ১০.৩৯ শতাংশ মৃত্যুর জন্য দায়ী। শ্বাসতন্ত্রের অসুস্থতা, মস্তিষ্কে রক্তক্ষরণ ও হৃদরোগ মোট মৃত্যুর ৩৯.৭৯ শতাংশের জন্য দায়ী। নিউমোনিয়া, হাঁপানি, যকৃৎের ককট রোগ ও কিডনি রোগ মোট মৃত্যুর ১৫ শতাংশেরও বেশি ক্ষেত্রে দায়ী।

হঠাৎ হার্ট অ্যাটাক, উচ্চ রক্তচাপ ও হৃদরোগ ব্যতীত সূত্রস্থ সারণিতে তালিকাভুক্ত অন্যান্য সমস্ত কারণে পল্লি এলাকার জনগণের মৃত্যুর ঝুঁকি বেশি।

A close view of the overall rates reveals that rural people are more than 23 percent as likely as the urban people to die. This is true for all causes of deaths listed in the above table, except heart disease.

4.5.1 Distribution of Deaths by Major Causes

Table 4.15 presents the percentage distribution of deaths by 15 major causes of deaths. Of all reported deaths in the survey, 16.72 percent were due to sudden heart attack. This is followed by respiratory disease accounting for 9.25 percent of all deaths. Respiratory illness, brain stroke and heart disease constitute over 36 percent of all deaths. Pneumonia, asthma, liver cancer and kidney diseases remain responsible in more than 15 percent of the total deaths.

Except sudden heart attack, rural people are at higher risk of dying from all other causes listed in the table under reference.

Table 4.15: Percentage of causes of death from top 15 causes by Locality, SVRS 2023

Cause of death	Rural	Urban	Total
1	2	3	4
Sudden Heart attack	15.08	23.21	16.72
Brain stroke	10.41	10.30	10.39
Respiratory diseases	9.90	6.68	9.25
Liver cancer	4.50	3.87	4.37
Asthma	4.83	2.53	4.37
Other Fever	3.82	3.49	3.76
High blood Pressure	3.55	3.80	3.60
Pneumonia	3.76	2.92	3.59
Heart diseases	3.01	5.11	3.43
Diabetes	3.28	3.68	3.36
Kidney diseases	3.16	3.16	3.16
Blood cancer	3.25	2.05	3.01
Road Traffic Accident	1.73	1.24	1.63
Stomach cancer	1.58	1.23	1.51

Cause of death	Rural	Urban	Total
Others	28.14	26.74	27.86
Total	100.00	100.00	100.00

৪.৫.২ এক বছরের কম বয়সী শিশুদের মধ্যে

মৃত্যুর কারণ

পল্লি ও শহরভিত্তিক বাসস্থানের ভিত্তিতে এক বছরের কম বয়সী শিশুদের মৃত্যুর ১০টি কারণ এবং এসব কারণে সংঘটিত মৃত্যুর অনুপাতসমূহ 'সারণি ৪.১৬'-এ দেখানো হয়েছে। এ সারণিতে দেখা যায়, শিশুরা নিউমোনিয়ায় সবচেয়ে বেশি হারে মৃত্যুর মুখোমুখি হয়। এক বছরের কম বয়সী শিশুদের মধ্যে মৃত্যুবরণকারী ৩৯.৩১ শতাংশই নিউমোনিয়ায় মৃত্যুবরণ করে। এ বয়সী শিশুর মৃত্যুর ১৪.৭৬ শতাংশ সংঘটিত হয় শ্বাসতন্ত্রের অসুস্থতার কারণে। অন্যান্য (অজ্ঞাত) কারণে মোট মৃত্যুর ১২.৭৮ শতাংশ সংঘটিত হয়। এছাড়া অপুষ্টিজনিত রোগে ৭.১৬ শতাংশ মৃত্যু সংঘটিত হয়।

4.5.2 Causes of Deaths among Infants

Table 4.16 presents the percentage distribution of the infant deaths due to 10 major causes by urban-rural locality. The table shows that infants are more vulnerable to pneumonia, claiming as large as 39.31 percent of the total infant deaths. Respiratory disease alone claims 14.76 percent of the total infant deaths. Deaths resulting from others category (Unidentified causes) ranks next claiming 12.78 percent of the total deaths. Besides, 7.16 percent of infants died of Malnutrition.

Table 4.16: Percentage Distribution of Infant Deaths Due to 10 Top Causes by Locality, SVRS 2023

Causes of death	Rural	Urban	Total
	1	2	3
Pneumonia	41.20	31.52	39.31
Respiratory disease	15.69	10.97	14.76
Other Fever	7.54	6.09	7.26
Malnutrition	7.91	4.10	7.16
Heart attack	3.71	12.37	5.40
Heart disease	3.92	7.15	4.55
Jaundice	4.48	3.11	4.21
Typhoid/Para typhoid	2.68	2.28	2.61
Asthma	2.13	1.22	1.96
Tetanus	1.85	0.40	1.57
Others	10.73	21.20	12.78
Total	100.00	100.00	100.00

৪.৫.৩ অনূর্ধ্ব-৫ বছর বয়সী শিশুদের মধ্যে

মৃত্যুর কারণ

এক বছরের কম বয়সী শিশুদের মৃত্যু ঘটনার অনুরূপ পাঁচ বছরের কম বয়সী শিশুর মৃত্যুর ক্ষেত্রেও সবচেয়ে বেশি দায়ী নিউমোনিয়া। এ বয়সে মৃত্যুবরণকারী শিশুদের প্রায় ৩৪.৯১ শতাংশই নিউমোনিয়ায় মৃত্যুবরণ করে। অন্য কারণসমূহের মধ্যে শ্বাসতন্ত্রের অসুস্থতায় ১৩.৮৪%, জন্ডিসে ৪.০৯ শতাংশ এবং

4.5.3 Causes of Deaths among Under-5 Children

Keeping consistency with the causes of deaths among the infants, the highest under-five mortality rate may be attributed to pneumonia claiming close to 34.91 percent of all deaths. Other prominent causes are respiratory disease (13.84%), jaundice (4.09%) and other fever (8.28%). As expected, drowning is highly prevalent in rural area claiming

অন্যান্য জুরে ৮.২৮ শতাংশ মৃত্যু সংঘটিত হয়। পল্লি অঞ্চলে এ বয়সী শিশুর মৃত্যুর ৭.৪৫ শতাংশ সংঘটিত হয় পানিতে ডুবে শহরাঞ্চলে এ বয়সী শিশুর পানিতে ডুবে মৃত্যুবরণের হার পল্লি এলাকার তুলনায় কম, মোট মৃত্যুর ৩.১৩ শতাংশ পাঁচ বছরের কম বয়সী শিশুদের মৃত্যুর অন্যতম দুটি কারণ হচ্ছে শ্বাসকষ্টজনিত রোগ ও অপুষ্টি। এ বয়সী শিশুদের মধ্যে হৃদরোগ ও হার্ট অ্যাটাক মৃত্যুর বড় কারণ; যা মোট মৃত্যুর ঘটনার ৯.১৩ শতাংশ পল্লি অঞ্চলের তুলনায় শহরাঞ্চলে এ কারণে মৃত্যুর হার বেশি।

about 7.45 percent of deaths. This is only to the extent of 3.13 in urban areas. Malnutrition and Asthma are also two major causes of deaths among the under-5 children. Heart attack and heart disease account for 9.13 percent of the total deaths. This is much higher in urban area compared to rural areas.

Table 4.17: Percentage distribution of Under-5 mortality by causes and Locality, SVRS 2023

Causes of death	Rural	Urban	Total
1	2	3	4
Pneumonia	36.08	29.84	34.91
Respiratory diseases	14.63	10.46	13.84
Other Fever	8.74	6.32	8.28
Malnutrition	7.34	4.10	6.73
Drowning	7.45	3.13	6.63
Heart attack	3.38	11.12	4.84
Heart disease	3.33	8.46	4.29
Jaundice	4.37	2.89	4.09
Typhoid/Para typhoid	2.74	3.06	2.80
Asthma	2.27	1.09	2.05
Total	100.00	100.00	100.00

৪.৫.৪ প্রবীণ বয়সে মৃত্যুর কারণসমূহ

বাসস্থানের অবস্থানের ভিত্তিতে প্রবীণ জনগোষ্ঠীর কারণভিত্তিক মৃত্যুহার সারণি ৪.১৮-এ দেখানো হয়েছে। এতে দেখা যায়, প্রবীণ জনগোষ্ঠীর মোট মৃত্যুর ২৫.৮২ শতাংশ সংঘটিত হয় হৃদরোগজনিত (হার্ট অ্যাটাক, হৃদরোগ) কারণে। প্রবীণ বয়সে মৃত্যুর অন্য কারণসমূহের মধ্যে শ্বাসতন্ত্রের রোগে ১২.৮৪%, হাঁপানিতে ৭.০৪ শতাংশ এবং মস্তিষ্কে রক্তক্ষরণজনিত কারণে মোট প্রবীণ মৃত্যুর ১৪.৩৫ শতাংশ সংঘটিত হয়। প্রবীণ বয়সের জনগোষ্ঠীর ১১.১৭ শতাংশ মৃত্যুর জন্য দায়ী অজ্ঞাত কারণ।

4.5.4 Causes of Deaths at Old Ages

Table 4.18 shows the percentage distribution of the causes of deaths of old aged people by locality. Heart related diseases (brain stroke and heart disease) are responsible for 25.82 percent of the total deaths. Other causes of deaths at old ages are respiratory disease (12.84%), asthma (7.04%), and brain stroke (14.35%). At old ages, as expected, unidentified (Others) diseases are responsible for over 11.17 percent of the total deaths.

Table 4.18: Major 15 Causes of Deaths (in percentage) of Elderly Persons (60 years and over) by Locality, SVRS 2023

Causes of death	Rural	Urban	Total
1	2	3	4
Sudden Heart Attack	20.19	29.42	21.98
Brain Stroke	14.45	13.94	14.35
Respiratory Diseases	13.81	8.81	12.84
Asthma	7.83	3.76	7.04

Causes of death	Rural	Urban	Total
High Blood Pressure	4.91	4.32	4.79
Liver Cancer	4.84	3.16	4.51
Diabetes	4.18	4.58	4.26
Other Fevers	4.43	3.47	4.24
Heart Diseases	3.30	6.06	3.84
Kidney Diseases	3.10	3.14	3.11
Blood Cancer	3.04	2.20	2.88
Stomach Cancer	1.89	1.35	1.78
Pleural Diffusion	1.62	1.94	1.68
Tumour	1.56	1.32	1.52
Others	10.85	12.53	11.17
Total	100.00	100.00	100.00

৪.৫.৫ মাতৃমৃত্যুর কারণ

মাতৃমৃত্যুর সবচেয়ে দৃশ্যমান কারণ হলো জটিল প্রসবজনিত কারণে (২৩.৭৯%)। এরপরই রয়েছে জটিল গর্ভাবস্থাজনিত কারণে (২১.৫৪%) ও প্রসব পরবর্তী রক্তক্ষরণ (১৯.৮৩%)।

উল্লিখিত সারণির সর্বশেষ কলামে প্রধান প্রধান কারণের ভিত্তিতে মাতৃমৃত্যুর অনুপাত বিভাজিতভাবে তুলে ধরা হয়েছে। মাতৃমৃত্যুর এসব হার থেকে দেখা যায়, প্রসব-সংক্রান্ত জটিলতার কারণে সবচেয়ে বেশিসংখ্যক মাতৃমৃত্যু সংঘটিত হয়। এ কারণটি মোট মাতৃমৃত্যুর ৩২.৩৭ শতাংশের জন্য দায়ী। প্রসব পরবর্তী রক্তক্ষরণ এবং প্রসবকালীন রক্তক্ষরণ সামগ্রিক মাতৃমৃত্যুর অন্যতম কারণ। এ দুই কারণে যথাক্রমে মাতৃমৃত্যুর ২৬.৯৮ ও ৮.১৬ শতাংশ সংঘটিত হয়।

4.5.5 Causes of Maternal Deaths

The most leading reason for maternal mortality is the Obstetric Labor Complications (23.79%) followed by Complications of Pregnancy (21.54%), and Postpartum Haemorrhage (PPH) (19.83%).

The decomposition of the maternal mortality ratio by major causes of death is presented in the last column of the table under reference. As can be seen from these rates, obstetric Labor Complications results in a mortality ratio of 32.37. Postpartum haemorrhage (PPH) and Antepartum Haemorrhage (APH) contribute significantly to the overall maternal mortality ratio each with a ratio of 26.98 and 8.16.

Table 4.19: Distribution of Causes of Maternal Mortality, SVRS 2023

Causes of death	Total	MMR
1	2	3
Obstetric Labor Complications	23.79	32.37
Complications of Pregnancy	21.54	29.31
Postpartum Haemorrhage (PPH)	19.83	26.98
Miscarriage/ Post abortion complications	3.67	5.00
Antepartum Haemorrhage (APH)	6.00	8.16
Obstetric Tetanus	10.82	14.73
Eclampsia	14.34	19.52
Total	100.00	136.08

৪.৬ মৃত্যুহারের গতিধারা

৪.৬.১ স্থূল মৃত্যুহারের গতিধারা: ১৯৮২-২০২৩

সারণি ৪.২০-এ ১৯৮২ থেকে তৎপরবর্তী সময়ে পরিচালিত বিবিএসের এসভিআরএস জরিপ থেকে প্রাপ্ত স্থূল মৃত্যুহার তুলে ধরা হয়েছে। ১৯৮২ থেকে ১৯৯১ সাল পর্যন্ত প্রতি হাজার জনগোষ্ঠীর বিপরীতে এ মৃত্যুহার ছিল ১২ ও ১১ জনের কাছাকাছি, যা পরে হ্রাস পেয়ে ১৯৯৩ সালে প্রতি হাজারে ১০-এ নেমে আসে। যাহোক, ১৯৯৪ সাল থেকে স্থূল মৃত্যুহার হ্রাস পাওয়ার প্রক্রিয়াটি দ্রুততর হতে থাকে। ২০০২ সালে এ হার আরও হ্রাস পেয়ে প্রতি হাজারের বিপরীতে ৫.১-এ নেমে আসে। এ সময়ের পরে স্থূল মৃত্যু হারে একটি সাময়িক বৃদ্ধি লক্ষ করা যায়। ২০২০ সালে স্থূল মৃত্যুহার পুনরায় ২০০২ সালের পর্যায়ে পৌঁছেছে (৫.১)। তবে, ২০২৩ সালে এটা ৬.১৩-এ রেকর্ড করা হয়েছে।

4.6 Trends in Mortality

4.6.1 Trends in Crude Death Rate: 1982-2023

The crude death rates estimated by BBS through their SVRS program are presented in Table 4.20 since 1982. The rate was in the neighbourhood of 12 and 11 per thousand population during 1982-91, which thereafter declined to 10 per thousand in 1993. However, the onset of a fast decline in the level of crude death rate was observed in 1994 which recorded a further decline to 5.1 in 2002. A temporary rise in the CDR was evident after this period. CDR has again reached to its 2002 level 5.1 in 2020. However, it is recorded at 6.13 in 2023.

Table 4.20: Trends in Crude Death Rates for Bangladesh, SVRS 1982-2023

Year	Crude Death Rate	Year	Crude Death Rate
1	2	3	4
1982	12.2	2003	5.9
1983	12.3	2004	5.8
1984	12.3	2005	5.8
1985	12.0	2006	5.6
1986	12.1	2007	6.2
1987	11.5	2008	6.0
1988	11.3	2009	5.8
1989	11.3	2010	5.6
1990	11.4	2011	5.5
1991	11.2	2012	5.3
1992	11.0	2013	5.3
1993	10.0	2014	5.2
1994	9.3	2015	5.1
1995	8.7	2016	5.1
1996	8.2	2017	5.1
1997	5.5	2018	5.0
1998	5.1	2019	4.9
1999	5.1	2020	5.1
2000	4.9	2021	5.7

Year	Crude Death Rate	Year	Crude Death Rate
1	2	3	4
2001	4.8	2022	5.82
2002	5.1	2023	6.13

৪.৬.২ শৈশবকালীন মৃত্যুর প্রবণতা: ২০০১-২০২৩

সারণি ৪.২১-এ প্রদর্শিত উপাত্ত থেকে দেখা যায়, ২০০১ সালের পর থেকে ২০২১ সালের মধ্যে নবজাতক, পাঁচ বছরের কম বয়সী শিশু এবং এক থেকে চার বছর বয়সী শিশুর মৃত্যুর হার ধারাবাহিকভাবে হ্রাস পেয়েছে। এক্ষেত্রে আরও চমকপ্রদ বিষয় হলো পাঁচ বছরের কম বয়সীর মৃত্যু এবং এক থেকে ১১ মাস বয়সী শিশুর মৃত্যুর হার হ্রাস পাওয়ার বিষয়টি অত্যন্ত চিত্তাকর্ষক। জরিপ বছরে এ দুই ক্ষেত্রে শিশুমৃত্যুর হার হ্রাস পেয়েছে যথাক্রমে ৬০.১২ শতাংশ ও ৫৭.০৬ শতাংশ। যদিও ২০২২ ও ২০২৩ সালে এই হার সামান্য বৃদ্ধি পেয়েছে। এক বছরের কম বয়সী শিশু, নবজাতকের মৃত্যুহার এবং এক থেকে চার বছর বয়সী শিশুর মৃত্যুর হার হ্রাস পেয়েছে যথাক্রমে ৫১.৯৬ শতাংশ, ৫০.০ শতাংশ এবং ৬৫.৮৫ শতাংশ হারে।

4.6.2 Trends in Childhood Mortality: 2001-2023

As the data in Table 4.21 display, Neo-natal mortality, under-five mortality and childhood mortality rates all have declined consistently from 2001 to 2021. Even more impressive is the decline in under-five mortality and post-neonatal mortality, which showed 60.12 percent and 57.06 percent decline over the period under survey. Although these rates increased a little bit in 2022 and 2023. Infant mortality, neonatal mortality and child mortality showed a decline of 51.96 percent, 50.0 percent and 65.85 percent respectively, each over the same period.

Table 4.21: Trends in Childhood Mortality Rates, SVRS 2001-2023

Year	Infant mortality	Neonatal mortality	Post-neonatal mortality	Under-five mortality	Child mortality
1	2	3	4	5	6
2001	56	39	17	82	4.1
2002	53	36	17	76	4.6
2003	53	36	17	78	4.6
2004	52	36	17	74	4.5
2005	50	33	16	68	4.1
2006	45	31	14	62	3.9
2007	43	29	13	60	3.6
2008	41	31	10	54	3.1
2009	39	28	11	50	2.7
2010	36	26	10	47	2.6
2011	35	23	11	44	2.4
2012	33	22	12	42	2.3
2013	32	22	11	41	2.2

Year	Infant mortality	Neonatal mortality	Post-neonatal mortality	Under-five mortality	Child mortality
1	2	3	4	5	6
2014	30	21	9	38	2.0
2015	29	20	9	36	2.0
2016	28	19	9	35	1.8
2017	24	17	7	31	1.8
2018	22	16	6	29	1.7
2019	21	15	6	28	1.7
2020	21	15	6	28	1.7
2021	22	16	6	28	1.6
2022	24	16	8	31	1.8
2023	26.9	19.5	7.3	32.7	1.4
% Change (2001–2023)	52	50	57	60	66

৪.৬.৩ মাতৃমৃত্যু অনুপাতের গতিধারা: ১৯৮৬-২০২৩

‘সারণি ৪.২২’-এ ১৯৮৬-২০২৩ সময়কালের এমএমআরের গতিধারা দেখানো হয়েছে। সারণিতে উপস্থাপিত প্রাক্কলন থেকে দেখা যায়, ১৯৮৬ সালে প্রতি প্রতি ১,০০,০০০ জীবিত জন্মের বিপরীতে মাতৃমৃত্যু অনুপাত ছিল ৬৪৮। সেখান থেকে ২০০১ সালে তা ৩১৫-এ নেমে আসে। ১৫ বছরের ব্যবধানে মাতৃমৃত্যু হার হ্রাস পাওয়ার অনুপাত ৫১ শতাংশেরও বেশি। তবে ২০০২ সালের ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেমে ১৯৯৭ সাল থেকে এক্ষেত্রে কিছুটা উচ্চ হার (৩৯১) পরিলক্ষিত হয়। এ অনুপাত ধারাবাহিকভাবে হ্রাস পেতে পেতে ২০২৩ সালে ১৩৬.০৮-এ নেমে আসে অর্থাৎ, ১৯৮৬ সালে পরিবীক্ষণ করা ৬৪৮ থেকে ৩৮ বছরের ব্যবধানে তা ৭৯.০ শতাংশের মতো হ্রাস পায়। ২০০২ থেকে ২০২৩ সময়কালের মাতৃমৃত্যুর অনুপাতের প্রবণতা ‘চিত্র ৪.৫’-এ দেখানো হয়েছে।

4.6.3 Trends in Maternal Mortality Ratio: 1986–2023


The trends in MMR during the period 1986–2023 are shown in the accompanying table (Table 4.22). As the estimates presented in the table dictate, the MMR declined from 648 per 100,000 live births in 1986 to 315 in 2001, a more than 51 percent decline in 15 years. The vital registration system in 2002 records a somewhat higher rate (391) compared to the previous years since 1997. This ratio falls consistently to 136.08 in 2023, from 648, observed in 1986, a decline of 79.0 percent over a period of 38 years. Figure 4.6 shows the trends in maternal mortality ratios over the period 2002–2023.

Table 4.22: Trends in maternal mortality ratio per 100,000 live births, SVRS 1986–2023

Year	MMR	Year	MMR
1	2	3	4
1986	648	2005	348
1987	596	2006	337
1988	572	2007	351
1989	508	2008	348
1990	478	2009	259

Year	MMR	Year	MMR
1991	472	2010	216
1992	468	2011	209
1993	452	2012	203
1984	449	2013	197
1995	447	2014	193
1996	444	2015	181
1997	350	2016	178
1999	320	2017	172
2000	318	2018	169
2001	315	2019	165
2002	391	2020	163
2003	376	2021	168
2004	365	2022	153
		2023	136
% Decline in MMR (1986–2023):		79.0	

Figure 4.5: Trend in Maternal Mortality Ratio, SVRS 2002-2023



৪.৬.৪ জন্মকালীন প্রত্যাশিত আয়ুষ্কালের গতিধারা: ১৯৮১-২০২৩

জন্মকালীন প্রত্যাশিত আয়ুষ্কাল হলো মৃত্যুহারের একটি সংক্ষিপ্ত পরিমাপ, যা একজন ব্যক্তির গড় আয়ুকে চিত্রিত করে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) প্রণয়ন ও পরিবীক্ষণের দায়িত্ব পালন করে। ৪০ বছর ধরে সংস্থাটি প্রত্যাশিত আয়ুষ্কালের প্রাক্কলন প্রকাশ করে আসছে। এ প্রাক্কলনসমূহ সারণি ৪.২৩-এ দেখানো হয়েছে। ১৯৮১ থেকে ২০২৩ সাল পর্যন্ত সময়কালের প্রত্যাশিত আয়ুষ্কালের গতিধারা চিত্র ৪.৬-এ দেখানো হয়েছে। উল্লেখ্য, ১৯৮১ সালে পুরুষ ও নারীদের জন্মকালীন প্রত্যাশিত আয়ুষ্কাল ছিল যথাক্রমে ৫৫.৩ বছর ও ৫৪.৫ বছর। ৪০ বছরের ব্যবধানে ২০২৩ সালে এটি বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৭০.৮৫ বছর ও ৭৩.৮৩ বছর হয়েছে। পুরুষদের ক্ষেত্রে বার্ষিক গড় বৃদ্ধি ঘটেছে ০.৩৬ বছর এবং নারীদের ক্ষেত্রে বার্ষিক গড় বৃদ্ধি ০.৪৫।

4.6.4 Trends in Expectation of Life at Birth: 1981–2023


Expectation of life at birth is a summary measure of mortality that portrays the average longevity of life of an individual. The vital registration system in Bangladesh maintained and monitored by the Bangladesh Bureau of Statistics (BBS) provides the estimates of life expectancy over the last 40 years. These estimates are shown in Table 4.23. The trends in the expectation of life at birth are displayed in figure 4.6 for the period 1981–2023. Note that the expectations of life at birth for males and females were 55.3 years and 54.5 years in 1981. These have increased to 70.85 and 73.83 years in 2023 over a period of 43 years, implying an average annual increase of 0.36 years for males and 0.45 years for females.

Table 4.23: Trends in expectation of life at birth by sex, SVRS 1981–2023


Year	Male	Female	Year	Male	Female
1	2	3	4	5	6
1981	55.3	54.5	2002	64.5	65.4
1982	54.5	54.8	2003	64.3	65.4

Year	Male	Female	Year	Male	Female
1	2	3	4	5	6
1983	54.2	53.6	2004	64.4	65.7
1984	54.9	54.7	2005	64.4	65.8
1985	55.7	54.6	2006	65.4	67.8
1986	55.2	55.3	2007	65.5	67.9
1987	56.9	56.0	2008	65.6	68.0
1988	56.5	55.6	2009	66.1	68.7
1989	56.0	55.6	2010	66.6	68.8
1990	56.6	55.6	2011	67.9	70.3
1991	56.5	55.7	2012	68.2	70.7
1992	56.8	55.9	2013	68.8	71.2
1993	58.2	57.7	2014	69.1	71.6
1994	58.2	57.9	2015	69.4	72.0
1995	58.4	58.1	2016	70.3	72.9
1996	59.1	58.6	2017	70.6	73.5
1997	60.3	59.7	2018	70.8	73.8
1998	61.7	61.2	2019	71.1	74.2
1999	63.0	62.4	2020	71.2	74.5
2000	63.7	63.5	2021	70.61	74.13
2001	64.0	64.5	2022	70.76	74.16
			2023	70.85	73.83


Figure 4.6: Trends in Expectation of Life at Birth by Sex, SVRS 2002–2023




Map 4.1: Crude Death Rate (CDR) by District, SVRS 2023




Map 4.2: Infant Mortality Rate (IMR) by District, SVRS 2023



Map 4.3: Under 5 Mortality Rate (U₅MR) by District, SVRS 2023



Map 4.4: Neonatal Mortality Rate (NMR) by District, SVRS 2023



অধ্যায় ৩:

বিবাহ ও বিবাহবিচ্ছেদ

CHAPTER 5:

MARRIAGE AND MARRIAGE DISSOLUTION





৫.১ ভূমিকা

বিবাহ, দাম্পত্য বিচ্ছিন্ন, তালাক ও বিধবা হওয়া এমন কিছু জনমিতিক ঘটনা, যা জনসংখ্যা বৃদ্ধির প্রক্রিয়াকে জোরালোভাবে প্রভাবিত করে। এগুলোকে একত্রে বৈবাহিকতা (নাপশালিটি) বা তালাক, বিবাহ ও দাম্পত্য বিচ্ছিন্ন হিসেবে চিহ্নিত করা হয়। এসব বিষয় প্রজনন হার ও স্থানান্তর প্রক্রিয়াকে সরাসরি প্রভাবিত করে এবং মৃত্যুহারকে পরোক্ষভাবে প্রভাবিত করে। জনমিতিক দৃষ্টিকোণ থেকে বিবাহ একটি ধারাবাহিক প্রজনন ব্যবস্থা হিসেবে বিবেচিত। এর ফলে যারা বর্তমানে বিবাহিত নন, এমন ব্যক্তিদের সংখ্যার ওপরও বিবাহ প্রভাব বিস্তার করে থাকে। এ ধরনের অনুসৃত পদ্ধতির কারণে অবিবাহিত ব্যক্তিদের সংখ্যা ক্রমেই উল্লেখযোগ্য হারে হ্রাস পায়। বিবাহ ব্যক্তি ও সামগ্রিকভাবে সমাজ উভয়ের জন্যই একটি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান।

বিবাহের বিষয়ে বাংলাদেশ জাতিসংঘ প্রদত্ত সংজ্ঞা অভিযোজন করেছে। বিবাহ বলতে বিপরীত লিঙ্গের দুই ব্যক্তির আইনী মিলনকে বোঝায়। বাংলাদেশে মুসলিম ও খ্রিষ্টান জনগোষ্ঠীর জন্য বিবাহের নিবন্ধন সম্পন্ন করা বাধ্যতামূলক। অন্যান্য ধর্মের ক্ষেত্রে বিবাহ নিবন্ধনের বিষয়টি ঐচ্ছিক এবং সেক্ষেত্রে ঐতিহ্যগতভাবে চুক্তিভিত্তিক বিবাহ সম্পাদিত হয়।

বেশিরভাগ ক্ষেত্রে পাত্র-পাত্রীর বাবা-মা বা অন্য নিকটাত্মীয়রা বিয়ের আয়োজন সম্পন্ন করে থাকেন। বিয়ের সময় সাক্ষীদের উপস্থিতিতে বর-কনে উভয়ের সম্মতি চাওয়া হয়। নিকাহনামা নামে একটি ফর্মে বিবাহ নিবন্ধনের বিধান রয়েছে। মোহরানা (ধর্মীয় বিধান অনুযায়ী কনের মূল্য) নামে পরিচিত একটি নির্দিষ্ট পরিমাণ সম্পদ স্বামীর পক্ষ থেকে কনেকে নগদ বা বস্তুগত সম্পদ হিসেবে দিতে হয়। মোহরানার বাকি অংশ চাহিদা অনুযায়ী পরিশোধ করা হয়। উভয় পক্ষের সামাজিক ও অর্থনৈতিক অবস্থান অনুসারে কনের মোহরানা নির্ধারণ করা হয়। মুসলিম ও খ্রিষ্টানদের মধ্যে কিছু শর্তের ভিত্তিতে বিবাহবিচ্ছেদ অনুমোদিত। বিধবাদের বিয়ে সব ধর্মেই অনুমোদিত। হিন্দু বিবাহ একটি পূর্বনির্ধারিত মিলন ব্যবস্থা এবং বিবাহবিচ্ছেদের মাধ্যমে এ বিবাহের বিলুপ্তির সুযোগ কম।

বাংলাদেশের সমাজ প্রধানত একগামী। তবে সীমিত মাত্রায় বহুগামিতাও পরিলক্ষিত হয়। বাংলাদেশে পুরুষ ও নারী উভয়ের জন্যই বিবাহ কার্যত সর্বজনীন বিষয় এবং এটি সামাজিক প্রতিষ্ঠানের একটি গুরুত্বপূর্ণ প্রক্রিয়া হিসেবে বিবেচিত। বিবাহবন্ধনের মাধ্যমে প্রতিষ্ঠিত পারিবারিক বন্ধনকে দৃঢ় করার ক্ষেত্রে ধর্মীয় আচারসমূহ অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

5.1 Introduction

Marriage, separation, divorce and widowhood are demographic events that influence the courses of population growth. These events together constitute what is called nuptiality. They influence the fertility and migration directly and mortality indirectly. Marriage, from the demographic point of view, should be looked upon as a continuous force of attrition, exerting its effect on the population of persons who are not currently married. As a result of its operation, the population of non-married persons is progressively reduced. Marriage is an important institution for both individuals and society as a whole.

Bangladesh has adopted the UN definition of marriage. It is the legal union of two persons of opposite sex. Registration of marriage in Bangladesh is obligatory for Muslims and Christians. In the case of other religions, it is optional, and, in that event, contractual marriage is performed in a traditional way.

Marriages are mostly arranged either by the parents or other near relatives. At the time of marriage, consent of both the bride and groom is sought in presence of witnesses. There is a provision for registration of marriage on a form known as *Nikahnama*. An amount known as Mohar (bride price) is required to be committed by the husband to the bride with certain amount paid in cash or kind and the rest to be paid on demand. The bride price is determined in accordance with the social and economic position of both parties. Divorce is permitted among the Muslims and Christians under certain conditions. Marriage of widows is permissible among all religions. Hindu marriage is a pre-ordained union and there is little scope for dissolution by divorce.

Bangladesh society is predominantly monogamous with marginal polygamy. Marriage in Bangladesh is virtually universal for both males and females and is considered an important process of social

আবহমানকাল থেকে বাংলাদেশের সামাজিক-সাংস্কৃতিক পরিমণ্ডল ছেলেমেয়েদের কম বয়সে ও সর্বজনীন বিবাহের অনুকূলে তবে প্রণীত আইনের প্রয়োগ, নারী শিক্ষার অগ্রগতি, অর্থনৈতিক কর্মকাণ্ডে নারীদের অংশগ্রহণ বৃদ্ধি এবং প্রযুক্তিগত উদ্ভাবন ও সমাজে পরিবর্তনের প্রভাবে বাল্যবিবাহের পরিস্থিতি ধীরে ধীরে হ্রাস পাচ্ছে। এটি সত্য যে, পাত্র-পাত্রীর প্রথম বিয়ের বয়স ধীরে ধীরে বৃদ্ধির ফলে বিবাহিত যুগল আগের তুলনায় সন্তান উৎপাদনে কম সময় পাবে। পাশাপাশি এর ফলে অপরিপক্ব বয়সে গর্ভধারণ হ্রাস ও প্রজনন হারের স্তরও নিম্নগামী হবে। ফলশ্রুতিতে জনসংখ্যা বৃদ্ধির হার হ্রাস পাবে। অন্যান্য দেশের মতো বাংলাদেশও বিবাহের বয়স বাড়ানোর মাধ্যমে জনসংখ্যা বৃদ্ধির গতি কমানোর চেষ্টা করছে।

এ অধ্যায়ে ব্যক্তির বৈশিষ্ট্য অনুযায়ী তাদের বিবাহের ঘটন প্রবণতা (ফ্রিকোয়েন্সি), বিবাহের মাধ্যমে তাদের মিলন এবং এ ধরনের বিবাহের বিচ্ছেদ নিয়ে বিশ্লেষণ করা হয়েছে। বিবাহের ঘটনা পরিমাপের ক্ষেত্রে বেশকিছু সূচক বিদ্যমান। এগুলোর মধ্যে রয়েছে স্থূল বিবাহ হার, সাধারণ বিবাহ হার, বয়ঃনির্দিষ্ট বিবাহের হার, লিঙ্গের ভিত্তিতে বিবাহের গড় বয়স প্রভৃতি। বৈবাহিক বিচ্ছেদ পরিমাপেও রয়েছে বেশকিছু সূচক। এগুলোর মধ্যে রয়েছে স্থূল তালাকের হার, সাধারণ তালাকের হার, বয়ঃনির্দিষ্ট তালাক এবং লিঙ্গ অনুসারে দাম্পত্য বিচ্ছিন্নের অনুপাত; যেগুলো এ অধ্যায়ে অন্তর্ভুক্ত করা হয়েছে।

institution. Religious practices attach great importance to the family bonding established through marriage ties. The socio-cultural milieu of Bangladesh has long favoured early and universal marriage. Early marriage is gradually changing as an impact of enactment of laws, uplifting of female education, and participation of women in gainful employment and the technological innovation and changes in the society. It is a fact that an upward shift in age at marriage would help curtailing the most fecund period, reduction in early childbearing, lower fertility level and thus reduce the rate of growth of population. Like other countries, Bangladesh is also trying to slow down population growth through raising the age at marriage of its population.

This chapter deals with frequency of marriages, with the characteristics of persons and their union through marriage and dissolution of such marriages. Data on some important indicators of marriage viz. crude marriage rate, general marriage rate, age specific marriage rate, mean age at marriage by sex and some marital dissolution indicators like crude divorce rate, general divorce rate, age specific divorce and separation rate by sex have been incorporated in this chapter.

৫.২ স্থূল বিবাহের হার

স্থূল বিবাহের হার মোট জনসংখ্যার মধ্যে বিবাহের ঘনত্ব (ফ্রিকোয়েন্সি) পরিমাপ করে। এখানে এ হারের একটি আনুষ্ঠানিক সংজ্ঞা দেওয়া হলো।

5.2 Crude Marriage Rate

Crude marriage rate measures the frequency of marriages in total population. Here is a formal definition of this rate.

Definition 5.1: Crude Marriage Rate (CMR) is the number of marriages solemnized per 1000 population.

‘সারণি ৫.১’-এ জরিপে অন্তর্ভুক্ত জনসংখ্যার কিছু বৈশিষ্ট্যের ভিত্তিতে ২০২৩ সালের এসভিআরএস জরিপে প্রাপ্ত স্থূল বিবাহ হারের মান ও এর বৈচিত্র্যসমূহ দেখানো হয়েছে।

The CMR and its differentials, as obtained in SVRS 2023 are shown in Table 5.1 by some background characteristics of the population surveyed.

Table 5.1: Crude and General Marriage Rates per 1000 Population by Background Characteristics, SVRS 2023

Background Characteristics	Crude Marriage Rate	General Marriage Rate		
		Both sex	Male	Female
1	2	3	4	5
Locality				
Rural	16.81	23.54	48.64	45.62
Urban	12.05	16.49	33.98	32.03
Division				
Barishal	15.90	22.07	44.18	44.09
Chattogram	16.07	23.63	50.86	44.15
Dhaka	13.70	18.95	39.31	36.57
Khulna	16.72	22.35	45.85	43.61
Mymensingh	16.76	23.71	47.86	46.97
Rajshahi	17.00	22.79	46.10	45.09
Rangpur	16.53	22.63	45.29	45.22
Sylhet	14.91	21.53	45.96	40.51
Religion				
Muslim	16.11	22.64	46.95	43.73
Hindu	12.43	16.15	32.31	32.31
Others	10.36	13.51	27.19	26.84
Education				
No Education	3.01	3.21	7.61	5.56
Primary	9.81	15.58	29.67	32.80
Secondary	26.75	30.76	68.54	55.80
Above Secondary	36.11	35.95	60.99	87.56
Others/non-institutional	5.96	42.96	67.43	118.36
Wealth Quintile				
Poorest	15.44	21.88	44.70	42.85
Poorer	17.10	23.99	48.36	47.61
Middle	17.06	23.73	48.95	46.04
Richer	15.24	21.14	44.63	40.18
Richest	12.36	16.74	35.47	31.70
Total	15.68	21.84	45.09	42.35


২০২৩ সালে সামগ্রিকভাবে প্রতি ১,০০০ জনসংখ্যার বিপরীতে সিএমআর অনুপাত ছিল ১৫.৬৮ পল্লি অঞ্চলে এটির হার শহরাঞ্চলের তুলনায় বেশি। পল্লি অঞ্চলে এটির অনুপাত ১৬.৮১। অন্যদিকে, শহরাঞ্চলে এটি ১২.০৫। বিভাগীয় পর্যায়ের সিএমআর পর্যালোচনায় দেখা যায়, রাজশাহী বিভাগে এটির হার সর্বোচ্চ; প্রতি হাজারের বিপরীতে ১৭.০০। ঢাকা বিভাগে সিএমআর অনুপাত সবচেয়ে কম, ১৩.৭০। মুসলিম জনগোষ্ঠীর সিএমআর অনুপাত হিন্দুদের তুলনায় ৩.৬৮ শতাংশ পয়েন্ট বেশি। মুসলিম জনগোষ্ঠীর সিএমআর অনুপাত ১৬.১১। অন্যদিকে, হিন্দুদের ক্ষেত্রে তা ১২.৪৩। অন্যান্য ধর্মাবলম্বীদের মধ্যে সর্বনিম্ন সিএমআর

The overall CMR is 15.68 per 1000 population with significantly higher rate (16.81) in rural areas than in urban areas (12.05). At the divisional level the CMR was reported to be the highest (17.00) in Rajshahi division. The rate is the lowest in Dhaka division (13.70). The CMR for the Muslims exceeds the rate reported for Hindus by 3.68 percentage points: 16.11 versus 12.43. The followers of other religions were reported to have the lowest CMR: 10.36. It may be noted that the CMR tends to

অনুপাত বিদ্যমান: ১০.৩৬। একটি বিষয় লক্ষণীয় যে, শিক্ষার স্তর বৃদ্ধির সঙ্গে সঙ্গে সিএমআর অনুপাতও বাড়তে থাকে। নির্দিষ্টভাবে বলতে গেলে, যারা কখনো স্কুলে যাননি, তাদের মধ্যে প্রতি ১,০০০ জনসংখ্যার সিএমআর অনুপাত ৩.০১। মাধ্যমিক স্তরের ওপরে যাদের শিক্ষা রয়েছে, তাদের মধ্যে সিএমআর অনুপাত ৩৬.১১। সম্পদ সূচকের ভিত্তিতে বিন্যাসকৃত গ্রুপের মধ্যে সবচেয়ে বেশি সিএমআর দেখা যায় 'দরিদ্রতর' গ্রুপের মধ্যে ১৭.১০। সর্বনিম্ন সিএমআর দেখা গেছে 'সর্বোচ্চ সম্পদশালী' গ্রুপের মধ্যে ১২.৩৬। প্রশাসনিক অঞ্চলভিত্তিক স্থূল বিবাহ হারের একটি প্রতিচ্ছবি 'চিত্র ৫.১'-এ দেখানো হয়েছে।

increase as the level of education goes up. To say more specifically, people who have never gone to school, have a CMR of 3.01 per 1000 population, which increases to 36.11 for those who have above secondary level of education. Among the wealth quintile groups, the highest CMR was observed among the Poorer group (17.10). The lowest CMR was found among the Richest group (12.36). A diagrammatic view of crude marriage rates by administrative regions may be seen in Figure 5.1.

Figure 5.1: Crude Marriage Rates by Administrative Divisions, SVRS 2023



৫.৩ সাধারণ বিবাহের হার

সাধারণ বিবাহের হার (জিএমআর) স্থূল বিবাহ হারের পরিমার্জিত রূপ, যেটির পরিমাপ বিবাহযোগ্য বয়সের (১৫ বছর ও তদূর্ধ্ব) জনসংখ্যার মধ্যে পরিমাপ করা হয়ে থাকে।

5.3 General Marriage Rate

General marriage rate (GMR) is the refinement of CMR consisting of restricting the population to persons of marriageable age (15+ years).

Definition: 5.2: General marriage rate is the ratio of number of marriages in a year to the population of age 15+ years expressed in thousand.

নারী ও পুরুষের জন্য পৃথকভাবে সাধারণ বিবাহের হার নিরূপণ করা হয়ে থাকে। প্রত্যেক বিবাহযোগ্য বয়সের লিঙ্গানুপাত ভেদে এ হারের পার্থক্য হয়ে থাকে। যখন পুরুষের ক্ষেত্রে এটি পরিমাপ করা হয় (উদাহরণস্বরূপ), একটি নির্দিষ্ট বছরে যতজন পুরুষের বিবাহ হয় সে সংখ্যাকে লব ধরে ঐ বছরের মাঝামাঝি সময়ে ১৫

The general marriage rate is often calculated separately for males and females. The rates will differ from each other in accordance with the level of sex ratio in marriageable ages. When it is calculated for males (for example), the numerator becomes the number of males marrying in a given

বছর ও তদুর্ধ্ব বয়সী পুরুষের সংখ্যাকে হর হিসেবে নেয়া হয়ে থাকে।

সমাজে যদি লৈঙ্গিক ভারসাম্যহীনতা না থাকে এবং একাধিক বিবাহ না থাকে, পুরুষদের মধ্যে মোট বিবাহের সংখ্যা ও নারীদের মধ্যে মোট বিবাহের সংখ্যা সমান হবে, উভয় লিঙ্গের জন্য জিএমআর হবে নারী ও পুরুষের উভয়ের ক্ষেত্রেই মোট সংখ্যার অর্ধেক। সারণি ৫.১-এ সাধারণ বিবাহের হার এভাবেই নারী ও পুরুষের জন্য পৃথকভাবে ও একত্রে পরিমাপ করে উপস্থাপন করা হয়েছে।

সামগ্রিকভাবে ২০২৩ সালের জরিপে জিএমআর পাওয়া গেছে ২১.৮৪ যা ২০২২ সালে ছিল ২৫.২৩, ২০২১ সালে ছিল ১৮.৫১ প্রতি ১০০০ জনসংখ্যার বিপরীতে এ হার ২০২০ সালে ছিল ২১.২ ও ২০১৯ সালে ছিল ২০.৮, যা থেকে গত বছর জিএমআর উল্লেখযোগ্য হারে হ্রাস পেয়েছে গেছে বলে প্রতীয়মান হয়।

পল্লি অঞ্চলে জিএমআর অনুপাত শহরাঞ্চলের তুলনায় বেশি। পল্লি অঞ্চলে এটির অনুপাত ২৩.৫৪। অন্যদিকে, শহরাঞ্চলে তা ১৬.৪৯। ২০২২ সালে প্রাক্কলিত অনুপাতের সঙ্গে তুলনায় ২০২৩ সালে জিএমআর অনুপাতে উল্লেখযোগ্য হ্রাস পেয়েছে লক্ষ করা যায়। ওই সময় পল্লি অঞ্চলে জিএমআর ছিল ২৭.২৮ এবং শহর এলাকায় ছিল ১৮.৮৩।

বিভাগীয় পর্যায়ে ২০২৩ সালে জিএমআর হারে ব্যাপক তারতম্য পরিলক্ষিত হয়। এতে দেখা যায়, ঢাকা বিভাগে এ হার সর্বনিম্ন; ১৮.৯৫ এবং ময়মনসিংহ বিভাগে সর্বোচ্চ; ২৩.৭১। ২০২২ সালে সর্বোচ্চ ও সর্বনিম্ন হার বিদ্যমান ছিল যথাক্রমে ময়মনসিংহ (২৭.৯৬) ও ঢাকা বিভাগে (২১.৫৫)।

জিএমআরে লিঙ্গভিত্তিক বৈচিত্র্য খুবই নগণ্য মাত্রায় পুরুষদের জন্য সাধারণ বিবাহের অনুপাত ৪৫.০৯ এবং নারীদের জন্য ৪২.৩৫। এর আগের বছরের পরিসংখ্যানের সঙ্গে এক্ষেত্রে উল্লেখযোগ্য পরিবর্তন দেখা গেছে। অন্যান্য ধর্মাবলম্বীদের তুলনায় মুসলমানদের মধ্যে জিএমআরের উচ্চ হার বিদ্যমান। মুসলিমদের ক্ষেত্রে এ হার ২২.৬৪; হিন্দুদের মধ্যে ১৬.১৫ এবং অন্যান্য ধর্মাবলম্বীদের ক্ষেত্রে তা ১৩.৫১। শিক্ষার স্তর সাধারণ বিবাহের হার পরিবর্তনে বেশ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। জরিপে দেখা যায়, কখনও স্কুলে না যাওয়ায়াদের মধ্যে জিএমআর হার ছিল ৩.২১। প্রাথমিক শিক্ষা সম্পন্নকারীদের মধ্যে এ হার বেড়ে হয়েছে ১৫.৫৮ এবং যাদের মাধ্যমিক স্তরের শিক্ষা রয়েছে, তাদের মধ্যে অনুপাতটির মান ৩০.৭৬। এছাড়া যাদের উচ্চতর শিক্ষা রয়েছে, তাদের মধ্যে এ অনুপাত ৩৫.৯৫। অন্যান্য জনগোষ্ঠী/অপ্রাতিষ্ঠানিক ক্ষেত্রে সাধারণ বিবাহের হার ৪২.৯৬। তবে, একটি লক্ষণীয় বিষয় হলো, এখানে উপস্থাপিত জনসংখ্যার উপাত্ত কোনো ধর্ম বা শিক্ষাভিত্তিক কোনো মানদণ্ড দিয়ে প্রমিতকরণ করা হয় নি, যে কারণে জনসংখ্যার সংমিশ্রণ (যেমন: ধর্মীয়, শিক্ষাগত প্রভৃতি) দিয়ে প্রভাবিত হতে পারে। তাই

year and the denominator becomes total mid-year population of males aged 15 years and over.

If there is no multiple marriage in a society, the number of marriages among the males will be equal to the number of marriages among the females and in absence of any sex imbalance, GMR computed for both sexes will be half as likely as either the rate for male or for female. The general marriage rate computed in this fashion has been displayed in Table 5.1 for males and females separately and for both sexes together.

The overall GMR as found in 2023 survey is 21.84. These rates were 25.23 in 2022, 18.5 in 2021, 21.2 in 2020 and 20.8 in 2019 per 1000 population, showing a significant decrease of GMR from its 2022 level.

The rate in the rural areas is much higher (23.54) than in urban areas (16.49). Here, there has been a remarkable change in the rate if the rates of the previous year are examined. GMR in rural areas is 27.28 and 18.83 in the urban areas.

The rates in 2023 at the divisional level vary from as low as 18.95 in Dhaka division to as high as 23.71 in Mymensingh Division. In 2022, the highest and the lowest rates were prevalent in Mymensingh (27.96) and Dhaka divisions (21.55) respectively.

The sex differentials in GMR are only but marginal: 45.09 for males and 42.35 for females showing significant change in the rate from its previous year. Muslims experience higher GMR (22.64) than the followers of Hindu religion (16.15) and other religions (13.51). Education shows almost a linear pattern in general marriage rates. It varies from 3.21 for those who were illiterate, rises to 15.58 and 30.76 for those have primary and secondary level of education and thereafter increases to 35.95 for those who have higher level of education. General Marriage rate is 42.96 for others/non institutions. It is however important to note that the rates so far presented are all unstandardized and hence may be affected by population compositions (e.g., religious, educational etc.) of population. Hence no firm conclusion can be drawn on the differences with respect to the background characteristics of the population.

জনসংখ্যার মৌলিক বৈশিষ্ট্যের ভিত্তিতে কোনো ধরনের পার্থক্য নির্দেশ করার মতো দৃঢ় কোনো উপসংহার টানা সম্ভব নয়।

৫.৪ বয়ঃনির্দিষ্ট বিবাহের অভ্যুপাত

যেহেতু বিবাহ একটি অত্যন্ত বয়ঃনির্দিষ্ট বিষয় এবং জনতাত্ত্বিকরা প্রাথমিকভাবে বিবাহের বয়সের ধরনগুলোর বিষয়ে অনেক বেশি আগ্রহী, তাই বয়ঃনির্দিষ্ট বিবাহের হার প্রণয়ন একটি সাধারণ বিষয়ে পরিণত হয়েছে। বয়ঃনির্দিষ্ট বিবাহের হার বলতে একটি বয়সভিত্তিক গোষ্ঠীর প্রতি ১,০০০ জনের বিপরীতে সব বয়সের বিবাহিত ব্যক্তিদের মোট সংখ্যাকে বোঝায়। বয়ঃনির্দিষ্ট বিবাহের হার গণনা করার ক্ষেত্রে একটি বাড়তি জটিলতা রয়েছে। তা হলো বিয়ে সাধারণত বিপরীত লিঙ্গের দুজনের মধ্যে সংঘটিত হয়। কিন্তু দুজনই একই বয়সভিত্তিক গোষ্ঠীর সদস্য নাও হতে পারে। এ বিবেচনায় বয়ঃনির্দিষ্ট বিবাহের হার বিবাহের পরিবর্তে বিবাহিত ব্যক্তিদের পরিপ্রেক্ষিতে সংজ্ঞায়িত করা হয়। ফলে বয়স-লিঙ্গ-নির্দিষ্ট বিবাহের হারগুলো সারণি ৫.২-এ শহর-পল্লি বাসস্থান এবং লিঙ্গের ভিত্তিতে দেখানো হয়েছে। 'চিত্র ৫.২-এ লেখচিত্রের মাধ্যমে পুরুষ ও নারীদের বিবাহের হার প্রদর্শন করা হয়েছে। লেখচিত্রে উপস্থাপিত তথ্য থেকে দেখা যায়, জরিপের আওতাভুক্ত পুরুষ ও নারী উভয়ের ক্ষেত্রে বিবাহের ঘটনা একটি নির্দিষ্ট বয়সের আশেপাশে ঘুরপাক খাচ্ছে। এক্ষেত্রে নারীদের বিবাহের গড় বয়স দেখা যাচ্ছে ১৭ বা এর আশেপাশে। অন্যদিকে, পুরুষদের বিবাহের গড় বয়স ২১ বছর বা তার আশেপাশে অবস্থান করছে। দেশে আইনগতভাবে বিবাহের যে বয়স নির্ধারণ করা হয়েছে, লেখচিত্রে উত্থাপিত ছেলেদের বিবাহের গড় বয়স প্রায় তার কাছাকাছি অবস্থান করছে। কিন্তু মেয়েদের ক্ষেত্রে অনুমোদিত বয়সের নিচে অবস্থান করছে। মেয়েদের ক্ষেত্রে বিবাহের সর্বনিম্ন বয়স নির্ধারণ করা হয়েছে ১৮ বছর এবং ছেলেদের ক্ষেত্রে এটি ২১ বছর।

5.4 Age-Specific Marriage Rate

Since marriage is highly age-specific and demographers are primarily interested in age patterns of marriage, it is commonplace to construct a schedule of age-specific marriage rates. Age-specific marriage rate is defined as the number of marriages to persons of a given age group per 1000 persons in the same age group. There is an additional complication in computing age-specific marriage rate, however, since marriage involves two persons who may not be of the same age. In view of this, age-specific marriage rates are defined in terms of persons marrying, rather than marriages. The resulting age-sex-specific marriage rates are shown in Table 5.2 by urban-rural locality and sex. Figure 5.2 graphically displays marriage rates for males and females. As noted, for both males and females, the graph succinctly displays high concentration of marriages in the neighbourhood of 17 years for females and 21 years for males. The rate for female is below the legal ages at marriage, while the rate for male is above the legal age. It is worth to mention that the legal ages have been fixed at 18 for female and 21 for males.

Table 5.2: Age-specific Marriage Rates per 1000 Population by Sex and Locality, SVRS 2023

Age group	Rural		Urban		Total	
	Male	Female	Male	Female	Male	Female
1	2	3	4	5	6	7
10-14	0.19	26.58	0.09	11.63	0.15	20.20
15-19	22.46	120.27	13.50	72.50	18.71	99.31
20-24	68.19	43.95	49.84	42.19	60.30	43.13
25-29	59.00	13.64	48.64	19.54	54.17	16.49
30-34	27.71	4.79	22.89	6.77	25.35	5.74
35 and above	3.06	0.91	2.70	0.98	2.90	0.94
Overall	19.39	24.10	14.81	17.79	17.34	21.28
TMR	1000.09	1171.21	762.27	857.00	894.59	1035.58

সারণি ৫.২-এর শেষ সারির আগের সারি অর্থাৎ ‘মোট’ সারিতে যে সংখ্যাসমূহ দেখানো হয়েছে, তাতে দেখা যাচ্ছে প্রতি ১,০০০ জনের বিপরীতে ১০ বছর ও তার পরে বিয়ের হিসাব দেয়া হয়েছে। প্রাপ্ত তথ্য অনুযায়ী, সামগ্রিকভাবে ২০২৩ সালে প্রতি হাজারে ১০ বছর ও তদূর্ধ্ব বয়সী ২১.২৮ জন নারী ও ১৭.৩৪ জন পুরুষ বিয়ে করেছেন। পল্লি এলাকার নারীদের বিবাহিত থাকার সম্ভাবনা শহরাঞ্চলের নারীদের তুলনায় ৬.৩১ গুণ বেশি। শহর এলাকার পুরুষদের জন্য অনুরূপ সম্ভাবনা ৪.৫৮ গুণ। এ অনুপাত দিয়ে পরিমাপ করা ২০২৩ সালে বিবাহের ব্যাপকতার সঙ্গে ২০২২ সালে পরিলক্ষিত বিবাহের ব্যাপকতায় উল্লেখযোগ্য পার্থক্য দেখা যায়।

বিবাহের হিসাবটি যদি মৃত্যুহারের পরিবর্তে জন্মহারের বিষয়টি বিবেচনা করে নির্ধারণ করা হয় (এবং বাস্তবে বিবাহ সংঘটিত হয়), তাহলে বয়ঃনির্দিষ্ট সেক্ষেত্রে বিবাহের হার গণনা করা যায়। আর এ গণনায় পুরুষ/নারী, বিবাহিত ও অবিবাহিত সকলেই অন্তর্ভুক্ত হবে। বয়ঃনির্দিষ্ট হারগুলো যোগ করে যোগফলকে ৫ দিয়ে গুণ করে যে ফলাফল পাওয়া যায়, সেটিকেই মোট বিবাহ হার (টিএমআর) হিসেবে অভিহিত করা হয়। ‘সারণি ৫.২’-এর শেষ সারিতে এ হারগুলো উপস্থাপন করা হয়েছে।

জরিপ এলাকায় প্রতি ১,০০০ পুরুষের জন্য টিএমআর অনুপাত হলো ৮৯৪.৫৯। অর্থাৎ, যদি বর্তমান বিবাহ হার অনুসরণ করা হয় এবং জরিপ এলাকায় বিবাহযোগ্য পুরুষ জনগোষ্ঠীর মধ্যে কোনো মৃত্যুর ঘটনা না ঘটে, তাহলে জরিপ এলাকায় একজন পুরুষের বিপরীতে গড় বিবাহের হার দাঁড়াবে ০.৮৯৪.৫৯। নারীদের ক্ষেত্রে জনপ্রতি বিবাহের এ অনুপাত কিছুটা বেশি; ১.০৩৫.৫৮ জন।

পল্লি এলাকায় একজন পুরুষের বিপরীতে বিবাহের এ অনুপাত ১ (১.০০০০৯)-এর উপরে রয়েছে। অন্যদিকে, শহরাঞ্চলের পুরুষদের মধ্যে এটি অনেক কম; একজনের বিপরীতে ০.৭৬২,২৭। তবে নারীদের ক্ষেত্রে এ ফলাফল কিছুটা বেশি; পল্লি অঞ্চলে একজনের বিপরীতে বিবাহের অনুপাত ১.১৭১২১ এর বিপরীতে শহরে এ হার ০.৮৫৭.০০।


The penultimate row labelled ‘Total’ in Table 5.2 shows the number of marriages per 1000 persons within the given age range 10 and over by sex. As our data reveal, overall, 21.28 persons of females as opposed to 17.34 persons of males aged 10 and over went on to get married in 2023. Rural females are 6.31 times higher as likely as the urban females to remain married. The corresponding likelihood is 4.58 times higher for males in urban areas. The prevalence of marriage in 2023 as measured by these ratios show remarkable variation from the prevalence observed in 2022.

If marriage can be thought of (and in fact can be) as fertility, rather than mortality, then age-specific marriage rates can be calculated which include all men/women, both married and unmarried, in the denominator. The total marriage rates (TMR) are obtained by adding the age-specific rates and multiplying the result by five. The last row of Table 5.2 represents these rates.

The TMR for males in the survey areas is 894.59, reflecting that males in the survey areas are expected to experience less than one marriage (0.89459) on average if he experiences the current marriage rate and no mortality during marriageable ages, while a female does so with slightly a higher rate of 1.03558 marriages.

In rural areas this is over 1 (1.0009), for males while in urban areas, it is much less (0.76227). The corresponding prevalence’s for females is relatively higher: 1.17121 and 0.857 respectively for rural and urban areas.

Figure 5.2: Age Specific Marriage Rates by Sex, SVRS 2023



৫.৫ বিবাহের গড় বয়স

বিবাহের গড় বয়স (এমএএম) বিবাহের হিসাব নির্ণয়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ সূচকগুলোর মধ্যে একটি। প্রজনন হার ও বিবাহের স্থায়িত্বকালের ওপর এ সূচকের সরাসরি প্রভাব রয়েছে। এসভিআরএস বিবাহ তফসিল ৫-এ জরিপে অন্তর্ভুক্ত সকলের পূর্বকার বৈবাহিক অবস্থা অনুসারে চলমান বছরের প্রথম বিবাহের সময়কার বয়সসহ বিবাহের বয়সের গড় ও মধ্যমা অনুমানের সুযোগ রয়েছে। বর্তমান বয়স অনুসারে একক অনুপাত প্রাক্কলন করার জন্য এ সূচকটি ব্যবহার করা হয়েছিল। এ প্রক্রিয়ায় হিসাব করা প্রাক্কলনসমূহকে বিবাহের সিঙ্গেলট গড় বয়স (এসএমএএম) হিসেবে আখ্যায়িত করা হয়। এটি প্রথম বিবাহের বয়স প্রাক্কলনের একটি পরোক্ষ পরিমাপ ব্যবস্থা। ‘সারণি ৫.৩’-এ জরিপ করা জনগোষ্ঠীর বিবাহের বয়সের গড় ও মধ্যমা এবং লিঙ্গভিত্তিক এসএমএম তুলে ধরা হয়েছে।

৫.৫.১ প্রথম বিবাহের গড় বয়স

‘সারণি ৫.৩’-এ পূর্ববর্তী বৈবাহিক অবস্থার ভিত্তিতে কিছু নির্বাচিত মৌলিক চলকের ভিত্তিতে জরিপের অন্তর্ভুক্ত জনগোষ্ঠীর প্রথম বিবাহের বয়সের গড় ও মধ্যমা তুলে ধরা হয়েছে। এক্ষেত্রে তাদেরই অন্তর্ভুক্ত করা হয়েছে, যারা জরিপে উল্লেখিত ভিত্তিবহুরে বিবাহবন্ধনে আবদ্ধ হওয়ার পূর্বে কখনও বিয়ে করেন নি। এ প্রক্রিয়ায় হিসাব করে দেখা যায়, পুরুষদের ক্ষেত্রে প্রথম বিবাহের গড় বয়স ২৪.১৮ বছর। নারীদের ক্ষেত্রে এ বয়স ১৮.৩৭ বছর। এর ফলে স্বামী-স্ত্রীর বয়সের পার্থক্য

5.5 Mean Age at Marriage

Mean age also called average age at marriage (MAM) is one of the most important indicators of nuptiality. It has a direct impact on fertility and duration of marriage. The SVRS Marriage Schedule-5 allows us to compute mean and median age at marriage including age at first marriage for the current year for all persons according to their previous marital status. The proportions single by current age were used to calculate what is known as Singulate Mean Age at Marriage (SMAM), an indirect measure of age at first marriage. The levels of mean and median age at marriage and SMAM by sex and some selected background characteristics are presented in Table 5.3.

5.5.1 Mean Age at First Marriage

The mean and median age at first marriage computed from previous marital status data specifically from those who were ‘Never married’ prior to their marriage in the reference year are presented in Table 5.3 by some selected background variables. The mean age at first marriage for males is 24.18 years, while it is 18.37 years for the females resulting in a spousal age difference of 5.81 years, showing virtually slight

দাঁড়িয়েছে ৫.৮১ বছর। গত এক বছরে বিবাহের গড় বয়সের চিত্রে কিছুটা পরিবর্তন পরিলক্ষিত হয়েছে।

শহরাঞ্চলে পুরুষ ও নারী উভয়ে পল্লি অঞ্চলের তুলনায় বেশি বয়সে বিয়ে করেন। শহরাঞ্চলে পুরুষদের বিবাহের গড় বয়স ২৫.১০ বছর এবং নারীদের প্রথম বিবাহের গড় বয়স ২০.০০ বছর। এর বিপরীতে পল্লি অঞ্চলে পুরুষের প্রথম বিবাহের গড় বয়স ২৩.৯৭ বছর এবং মেয়েদের ১৮.০১ বছর। শহর ও পল্লি উভয় অঞ্চলে স্বামী-স্ত্রীর বয়সের গড় ব্যবধান ৬.৮১ বছর।

একই সারণিতে প্রথম বিবাহের বয়সের মধ্যমা প্রকাশ করা হয়েছে। এতে দেখা যায়, বয়সের গড় ও মধ্যমার চিত্র একই এখানেও দেখা যায়, পুরুষের প্রথম বিবাহের বয়সের মধ্যমার মান ২৪ এবং নারীদের ক্ষেত্রে তা ১৮ বছর। ২০২২ সালের তুলনায় শুধু পুরুষদের ক্ষেত্রে পরিবর্তন লক্ষ করা গেছে।

বিভাগীয় পর্যায়ে হিসাব পর্যালোচনা করলে দেখা যায়, সিলেটে প্রথম বিবাহের বয়সের গড় সারাদেশের মধ্যে সবচেয়ে বেশি। এ বিভাগে পুরুষদের জন্য প্রথম বিবাহের গড় বয়স ২৬.০৯ বছর এবং নারীদের জন্য ২০.৬১। পুরুষদের জন্য সর্বনিম্ন বয়স রাজশাহী বিভাগে (২৩.১৬ বছর) এবং নারীদের জন্যও রাজশাহী বিভাগে সর্বনিম্ন বয়স (১৭.৫৮ বছর) লক্ষ করা যায়।

ধর্মভিত্তিক হিসাবে দেখা যায়, মুসলিম পুরুষদের তুলনায় হিন্দু পুরুষদের প্রথম বিবাহের গড় বয়স বেশি। মুসলিমদের ক্ষেত্রে এ বয়স ২৩.৯৫ বছর। অন্যদিকে, হিন্দুদের ক্ষেত্রে তা ২৬.৬৭ বছর। বিবাহের বয়স বাড়ানোর ক্ষেত্রে শিক্ষার স্তরটি খুব রক্ষণশীল প্রভাব ফেলে বলে মনে হয়, যা আমাদের সাধারণ বিশ্বাসের একদম পরিপন্থী। বিশেষ করে নারীদের ক্ষেত্রে এমন কথার যথার্থতা রয়েছে।

৫.৫.২ অবিবাহিতকালীন গড় বয়স (এসএমএএম)

অবিবাহিতকালীন গড় বয়স (এসএমএএম) হলো বিবাহের প্রথম বয়সের একটি পরোক্ষ প্রাক্কলন, যা প্রতিবেদনের পূর্ববর্তী অংশে আলোচনা করা হয়েছে। এ গড় হিসাব করার ক্ষেত্রে বয়স বা বয়স গোষ্ঠী অনুসারে অনুপাত একক প্রয়োগ করা হয়েছে।

change in mean age marriage in the last one-year period.

Both urban males and females marry at a later age (25.10 vs 20.00) than their rural counterparts (23.97 vs 18.1), with a spousal age difference of 6.81 years both in the urban and rural areas.

The median age at first marriage presented in the same table reflect the same scenarios as observed in the case of mean ages. It is higher for males (24 years) than their female counterparts with a median age of 18 years, indicating a change against males from its level in 2022.

At the divisional level, Sylhet recorded the highest (26.09 years) mean age at first marriage for males and 20.61 for females, while for males and females Rajshahi Division shows the lowest (23.16 years and 17.58 years respectively for males and females).

For males, Muslims have somewhat lower mean age at marriage (23.95 years) than the Hindus (26.67 years). Contrary to our believe, level of education appears to have a very conservative effect on raising age at marriage. This is truer for females.

5.5.2 Singulate Mean Age at Marriage (SMAM)

Singulate mean age at marriage (SMAM) is an indirect estimate of first age at marriage discussed in the previous section. In calculating this mean, proportions single by age or age groups by sex are employed.

Definition: 5.3: Singulate mean age at marriage (SMAM) is an estimate of the mean number of years lived by a cohort of men or women before their first marriage takes place.

এসভিআরএস ২০২৩-এর উপাত্ত থেকে এসএমএএম প্রাক্কলন করা হয়েছে এবং তা সারণি ৫.৩-এ পুরুষ ও নারীদের ক্ষেত্রে পৃথকভাবে উপস্থাপন করা হয়েছে। জরিপে দেখা যায়, পুরুষদের ক্ষেত্রে অবিবাহিতকালীন গড় বয়স ছিল ২৫.৩৫ বছর এবং নারীদের ক্ষেত্রে ছিল ১৯.৫৬ বছর। এক্ষেত্রে স্বামী-স্ত্রীর বয়সের ব্যবধান পাওয়া গেছে ৫.৭৯ বছর। ২০২২ সালে এ ব্যবধান ছিল ৫.৬২। তখন পুরুষদের অবিবাহিতকালীন গড় বয়স রেকর্ড করা

SMAM was calculated from SVRS 2023 data and presented in Table 5.3 for males and females separately. The SMAM was 25.35 years for males and 19.56 years for the females, showing a spousal age difference of 5.79. This difference was 5.62 in 2022, 25.07 years for males and 19.45 years for

হয়েছিল ২৫.০৭ বছর এবং নারীদের জন্য ১৯.৪৫ বছর। এ ফলাফল থেকে দেখা যায়, অবিবাহিতকালীন গড় বয়স গত বছরে সামান্য বেড়েছে।

কিছু মৌলিক বৈশিষ্ট্যের ভিত্তিতে জরিপের অন্তর্ভুক্ত জনগোষ্ঠীর অবিবাহিতকালীন গড় বয়স মাত্রা ভেদে সারণি ৫.৩-এ উপস্থাপন করা হয়েছে। এসব বৈশিষ্ট্যের মধ্যে রয়েছে বাসস্থানের অবস্থান, প্রশাসনিক বিভাগ, ধর্ম, শিক্ষার স্তর ও সম্পদ সূচক। মোটামুটিভাবে এ প্রাক্কলনসমূহ ধরনের দিক থেকে একই রকম, কিন্তু সুনির্দিষ্ট কারণে সেগুলোর মাত্রা ভিন্ন।

অবিবাহিতকালীন গড় বয়স হলো প্রথম বিবাহের সময়কার বয়স পরিমাপের একটি পরোক্ষ পদ্ধতি। সে কারণে এটি গড় ও মধ্যমা বয়স থেকে ভিন্ন। বিবাহের বিষয়ে যদি সরাসরি কোনো সহজলভ্য উপাত্ত পাওয়া যেত, তাহলে অবিবাহিতকালীন গড় বয়স পরিমাপের বিষয়টি উপযোগিতা হারাতে পারতো।

females. This result shows that mean age at marriage has slightly increased from the last year.

Table 5.3 also presents the SMAM by some selected background characteristics of the survey population. These include, among others, the locality, administrative divisions, religion, level of education and wealth quintile. By and large, these estimates are similar in patterns but differ in levels for obvious reasons.

As said earlier, SMAM is an indirect measure of age at first marriage and hence it is likely to be different from the mean and median ages. If direct data on age marriage are available, the computation of SMAM is considered to be redundant.

Table 5.3: Singulate Mean Age at Marriage (SMAM), mean age at first marriage (MAM) and median age at first marriage and by sex and background characteristics, SVRS 2023

Background Characteristics	Singulate Mean Age at Marriage		Mean Age at First Marriage		Median Age at First Marriage	
	Male	Female	Male	Female	Male	Female
1	2	3	4	5	6	7
Locality						
Rural	25.12	19.19	23.97	18.01	23	17
Urban	26.07	20.67	25.10	20.00	24	19
Division						
Barishal	25.19	19.13	24.34	17.91	24	17
Chattogram	26.25	19.70	24.93	18.72	25	18
Dhaka	25.71	19.77	24.86	18.69	24	18
Khulna	25.00	18.85	23.74	17.66	23	17
Mymensingh	24.26	19.41	23.51	18.10	23	17
Rajshahi	24.43	18.59	23.16	17.58	22	17
Rangpur	24.17	19.05	23.22	17.64	23	17
Sylhet	27.55	22.25	26.09	20.61	25	20
Religion						
Muslim	25.02	19.39	23.95	18.26	23	18
Hindu	27.98	20.79	26.67	19.22	27	18
Others	27.49	23.21	26.79	22.19	25	22
Education						
No Education	23.26	19.96	23.18	19.47	22	18
Primary comp	23.31	17.95	22.84	16.82	22	16
Secondary	24.76	18.62	23.37	17.22	22	17
Above Secondary	27.52	22.26	25.95	22.41	25	21
Wealth Quintile						
Poorest	24.18	18.94	22.38	17.09	22	17
Poorer	24.71	18.95	23.27	17.68	23	17

Background Characteristics	Singulate Mean Age at Marriage		Mean Age at First Marriage		Median Age at First Marriage	
	Male	Female	Male	Female	Male	Female
1	2	3	4	5	6	7
Middle	25.25	19.15	24.07	18.35	24	18
Richer	25.89	19.74	25.22	19.40	25	18
Richest	27.70	21.57	27.06	21.27	27	20
Total	25.35	19.56	24.18	18.37	24	18

৫.৫.৩ বিবাহের গড় বয়স এবং মধ্যমা বয়স (এমএএম)

যারা এখনও বিয়ে করেননি এবং কখনও বিবাহ করেছেন (বর্তমানে বিবাহিত, বিধবা ও তালাকপ্রাপ্ত) এবং যারা ২০২৩ সালে বিবাহের জন্য প্রস্তুত ছিলেন, তাদের লিঙ্গভিত্তিক গড় এবং মধ্যমা বয়স সারণি ৫.৪ ও ৫.৫-এ উপস্থাপন করা হয়েছে। জরিপের সময় স্পষ্টতই যারা অবিবাহিত ছিলেন (কখনও বিয়ে করেননি) বলে জানিয়েছেন, তাদের বয়সের ওপর ভিত্তি করেই অবিবাহিতকালীন গড় বয়স হিসাব করা হয়েছে। এ বয়সটিই প্রথম বিবাহের গড় বয়স হিসেবে বিবেচিত হবে। স্বাভাবিকভাবেই এ গড়টি উল্লেখিত সারণিতে উপস্থাপিত অন্যান্য সব উপায়ের চেয়ে সর্বদা ছোট হবে। সারণি ৫.৪-এ পুরুষদের মধ্যে যেমনটি দেখা যায় যে, বিবাহের সময় সবচেয়ে বেশি গড় বয়স পাওয়া গেছে যারা বিপত্নীক (৪৬.৩ বছর) ও দাম্পত্য বিচ্ছিন্নকারীদের (৩১.০ বছর) এবং বিবাহের সময় সর্বনিম্ন গড় বয়স পাওয়া গেছে অবিবাহিত পুরুষদের (২৪.২ বছর) বছর। যারা অন্তত একবার হলেও বিয়ে করেছেন, এমন পুরুষ জনগোষ্ঠীর মধ্যে বর্তমানে বিবাহিত পুরুষদের বিবাহের সময়ে সর্বনিম্ন গড় বয়স পাওয়া গেছে ২৫.৪ বছর।

5.5.3 Mean and Median Age at Marriage (MAM)

